Ⓒ Solve বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায় ১৮৩৮ খ্রিষ্টাব্দের ২৬এ জুন পশ্চিমবঙ্গের চব্বিশ পরগনার কাঁঠালপাড়া গ্রামে জন্মগ্রহণ করেন। বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়কে বাংলা উপন্যাসের জনক বলা হলেও তিনি সাহিত্যচর্চা শুরু করেন কবিতার মাধ্যমে। ১৮৫২ খ্রিষ্টাব্দে 'সংবাদ প্রভাকর' পত্রিকায় কবিতা প্রকাশের মাধ্যমে তাঁর সাহিত্যচর্চা শুরু করেন।

Part 3 গুরুত্বপূর্ণ MCQ প্রশ্নোত্তর

01. লেখকের 'লোকরঞ্জন-প্রবৃত্তি' প্রবল হয়ে ওঠে কী কারণে?
Ⓐ পাঠকের রুচি বিবেচনায় আনলে Ⓑ অর্থলাভের আশায় লিখলে
Ⓒ সৌন্দর্য সৃষ্টির উদ্দেশ্য থাকলে Ⓓ বিদ্যা প্রকাশের প্রচেষ্টা থাকলে **Ans Ⓑ**

02. বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায় 'লেখা' বিলম্বে ছাপাতে বলেছেন কেন?
Ⓐ উপযুক্ত প্রমাণ সংযোজনের সুবিধার্থে
Ⓑ পাঠকের মনে চাহিদার উদ্রেক করতে
Ⓒ লেখার ভুল-ত্রুটি সংশোধন করতে
Ⓓ মনুষ্যজাতির মঙ্গল সাধন করতে **Ans Ⓒ**

03. লেখক রচনার দ্বিতীয় অনুচ্ছেদে কীসের জন্য লিখতে বারণ করেছেন?
Ⓐ যশের Ⓑ ক্ষমতার Ⓒ অর্থলাভের Ⓓ ব্যক্তিস্বার্থের **Ans Ⓒ**

04. লেখা ভালো হলে কোনটি নিশ্চিত?
Ⓐ অর্থ আসবে Ⓑ অলংকার আসবে
Ⓒ খ্যাতি আসবে Ⓓ প্রকাশক আসবে **Ans Ⓒ**

05. অর্থের উদ্দেশ্যে লিখতে গেলে কোন প্রবৃত্তি প্রবল হয়ে ওঠে?
Ⓐ চুরি করার প্রবৃত্তি Ⓑ স্বার্থ-সাধন প্রবৃত্তি
Ⓒ হিংসাত্মক প্রবৃত্তি Ⓓ লোক-রঞ্জন প্রবৃত্তি **Ans Ⓓ**

06. বঙ্কিমচন্দ্রের মতে, সাহিত্য রচনার উদ্দেশ্য কোনটি?
Ⓐ মানব-কল্যাণ Ⓑ লোকরঞ্জন Ⓒ যশলাভ Ⓓ অর্থলাভ **Ans Ⓐ**

07. প্রবন্ধ অনুসারে কোথায় এখন অনেকে টাকার জন্য লেখে?
Ⓐ এশিয়ায় Ⓑ ইউরোপে Ⓒ আফ্রিকায় Ⓓ অস্ট্রেলিয়ায় **Ans Ⓑ**

08. 'বাঙ্গালার নব্য লেখকদিগের প্রতি নিবেদন' প্রবন্ধে কোনটিকে সাহিত্য রচনার অন্যতম উদ্দেশ্য বলা হয়েছে?
Ⓐ প্রতিপত্তি অর্জন Ⓑ সৌন্দর্য সৃষ্টি Ⓒ খ্যাতি লাভ Ⓓ ব্যক্তিস্বার্থ **Ans Ⓑ**

09. মানবকল্যাণ ও সৌন্দর্য সৃষ্টি ব্যতীত অন্য উদ্দেশ্যে সাহিত্য রচয়িতাদের লেখক কাদের সাথে তুলনা করেছেন?
Ⓐ রিকশাওয়ালা Ⓑ কাবুলিওয়ালা
Ⓒ ফেরিওয়ালা Ⓓ যাত্রাওয়ালা **Ans Ⓓ**

বাংলা ১ম পত্র
অধ্যায়-৯

গৃহ

Part 1 গুরুত্বপূর্ণ তথ্যাবলি

- **নাম :** পৈতৃক নাম রোকেয়া খাতুন। বৈবাহিক সূত্রে নাম রোকেয়া সাখাওয়াত হোসেন।
- **নারীবাদী লেখিকা :** তিনি বাংলা সাহিত্যে প্রথম নারীবাদী লেখিকা (নারীদের কুসংস্কারমুক্ত ও শিক্ষিত করা ছিল উদ্দেশ্য) হিসেবে পরিচিত।
- **স্কুল প্রতিষ্ঠা :** তিনি ১৯১১ সালে কলকাতায় 'সাখাওয়াত মেমোরিয়াল গার্লস
- বিবিসির জরিপকৃত শ্রেষ্ঠ বাঙালির তালিকায় রোকেয়ার স্থান– ষষ্ঠ।
- **গদ্যগ্রন্থ :** মতিচূর (১৯০৪, প্রথম রচিত গ্রন্থ), অবরোধবাসিনী।
- **উপন্যাস :** পদ্মরাগ, সুলতানার স্বপ্ন, SULTANA'S DREAM (ইংরেজি রচনা)
- **উৎস :** 'গৃহ' প্রবন্ধটি রোকেয়া সাখাওয়াত হোসেন রচিত 'মতিচূর' প্রবন্ধগ্রন্থের প্রথম খণ্ড থেকে চয়ন করা হয়েছে।
- **পাঠ-পরিচিতি :** 'গৃহ' প্রবন্ধ রচনায় বেগম রোকেয়া তাঁর মৌলিক চিন্তা ও পাণ্ডিত্যের পরিচয় দিয়েছেন। এ প্রবন্ধে তিনি পুরুষতান্ত্রিক সমাজব্যবস্থায় নারীর অবস্থান চিহ্নিত করেছেন। প্রচলিত সমাজব্যবস্থায় সাধারণত বলা হয়ে থাকে, নারীর জন্য বরাদ্দ 'ঘর', আর পুরুষের জন্য আছে 'বাহির'। অর্থাৎ পুরুষ সম্পৃক্ত থাকবে বাইরের জীবন ও জগতের সঙ্গে। অন্যদিকে নারী সীমাবদ্ধ থাকবে গার্হস্থ্য ও পারবারিক জীবনে। এ ধরনের দৃষ্টিভঙ্গি সমাজে পুরুষের আধিপত্যকে প্রতিষ্ঠিত করে এবং নারীকে করে তোলে ঘরের সামগ্রী। নারীর জন্য ঘর বরাদ্দ করা হলেও প্রকৃতপক্ষে নারীর কোনো ঘর আছে কিনা 'গৃহ' প্রবন্ধে এমন প্রশ্ন তুলেছেন রোকেয়া সাখাওয়াত হোসেন। ব্যক্তিগত ও সামাজিক অভিজ্ঞতাসূত্রে তিনি দেখিয়েছেন পুরুষের আধিপত্য ও প্রতিপত্তির কাছে নারীর ঘরও বিপন্ন, ঘর বলে প্রকৃতপক্ষে কিছু নেই। নারীর অর্থ, সম্পদ, সম্পত্তি ও জীবনযাপন-প্রায় সব কিছুর ওপর প্রভাব বিস্তার করেছে পুরুষ। 'গৃহ' প্রবন্ধে রোকেয়া সাখাওয়াত হোসেন বেশ কিছু ঘটনা বিশ্লেষণ করে দেখিয়েছেন, পুরুষের নিয়ন্ত্রণ ও অভিভাবকত্বে নিজস্ব গৃহের আনন্দ ও অনুভূতি থেকে নারী প্রবলভাবে বঞ্চিত। পুরুষতান্ত্রিক সমাজে নারীর অবস্থান চিহ্নিত করে দেখিয়েছেন, নারী-পুরুষ নির্বিশেষে গৃহ বা ঘর প্রকৃতপক্ষে মানুষের শারীরিক ও মানসিক প্রশান্তির স্থান। কিন্তু প্রচলিত সমাজকাঠামোতে নারী তার ঘরেও পরাধীন।
- **প্রথম লাইন–** গৃহ বলিলে একটা আরাম বিরামের শান্তি-নিকেতন বুঝায়–
- **শেষ লাইন–** সকলেরই গৃহ আছে– নাই কেবল আমাদের।
- **ভাষারীতি :** সাধুরীতি।

Part 2 গুরুত্বপূর্ণ MCQ প্রশ্নোত্তর

01. 'গৃহ' প্রবন্ধের প্রাবন্ধিক একবার কোন স্থানের নিকটবর্তী শহরে বেড়াতে গিয়েছিলেন?
Ⓐ শেরপুর Ⓑ গাজীপুর
Ⓒ জামালপুর Ⓓ দিনাজপুর **Ans Ⓒ**

02. 'গৃহ' প্রবন্ধের লেখিকার কোন বাড়ির স্ত্রীলোকদের দেখতে আগ্রহ হয়?
Ⓐ কলিমের বাড়ির Ⓑ হাশেমের বাড়ির
Ⓒ শরাফত উকিলের বাড়ির Ⓓ রমাসুন্দরীর বাড়ির **Ans Ⓒ**

03. শরাফত উকিলের বাড়ির মহিলারা অতিশয় শান্তশিষ্ট মিষ্টভাষিণী হলেও তারা ছিলেন–
Ⓐ কূপমণ্ডুক Ⓑ সুদর্শনা Ⓒ বাকপটু Ⓓ বিচক্ষণ **Ans Ⓐ**

04. শরাফত উকিলের বাড়িতে লেখিকার অভ্যর্থনা কেমন ছিল?
Ⓐ যথোচিত Ⓑ অযাচিত Ⓒ উপেক্ষিত Ⓓ অনাড়ম্বর **Ans Ⓐ**

05. শরাফত উকিলের পত্নীর নাম কী ছিল?
Ⓐ খদিজা Ⓑ জমিলা Ⓒ হসিনা Ⓓ আমেনা **Ans Ⓒ**

06. জমিলাকে তাদের বাড়িতে যেতে অনুরোধ করেছিলেন?
Ⓐ খদিজা Ⓑ লেখিকা Ⓒ কলিম Ⓓ রমাসুন্দরী **Ans Ⓑ**

বাংলা ১ম পত্র
অধ্যায়-১০

আহ্বান

Part 1 গুরুত্বপূর্ণ তথ্যাবলি

- বিভূতিভূষণ বন্দ্যোপাধ্যায় জন্মগ্রহণ করেন– ১৮৯৪ সালের ১২ সেপ্টেম্বর পশ্চিমবঙ্গের চব্বিশ পরগনা জেলার মুরারিপুর গ্রামের মামাবাড়িতে। তাঁর পিতা মহানন্দ বন্দ্যোপাধ্যায়, মাতা মৃণালিনী দেবী।
- তিনি মারা যান– **১৯৫০ সালের পহেলা সেপ্টেম্বর ঘাটশিলায়।**
- বিভূতিভূষণ বন্দ্যোপাধ্যায় রচিত কয়েকটি উপন্যাস– **পথের পাঁচালী (১৯২৯), অপরাজিত (১৯৩১), দৃষ্টি প্রদীপ (১৯৩৫), আরণ্যক (১৯৩৮), আদর্শ হিন্দু হোটেল (১৯৪০), দেবযান (১৯৪৪), ইছামতি (১৯৫০), অশনি সংকেত (১৯৫৯)।**
- তাঁর রচিত বিখ্যাত ভ্রমণকাহিনি– **অভিযাত্রিক (১৯৪০), স্মৃতি রেখা (১৯৪১), তৃণাঙ্কুর (১৯৪৩), উৎকর্ণ (১৯৪৬)।**

- তাঁর রচিত কয়েকটি বিখ্যাত ছোটগল্প– মেঘমল্লার (১৯৩১), মৌরিফুল (১৯৩২), যাত্রাবদল (১৯৩৪), কিন্নর দল (১৯৩৮), জন্ম ও মৃত্যু, বিধুমাস্টার (১৯৪৫), মুখ ও মুখশ্রী (১৯৪৭)।
- ১৯২১ খ্রিষ্টাব্দে (১৩২৮বঙ্গাব্দে) 'প্রবাসী' পত্রিকায় মাঘ সংখ্যায় তাঁর প্রথম গল্প– 'উপেক্ষিতা' প্রকাশ পায়।
- তাঁর কালজয়ী যুগল উপন্যাস– 'পথের পাঁচালী', 'অপরাজিত'।
- 'পথের পাঁচালী' উপন্যাসের পরবর্তী অংশের নাম হলো– অপরাজিত (১৯৩১)।
- 'পথের পাঁচালী' প্রথম প্রকাশিত হয়– 'বিচিত্রা' পত্রিকায়।
- 'পথের পাঁচালী' ও 'অপরাজিত' উপন্যাসের কাহিনি অবলম্বনে চলচ্চিত্র নির্মাণ করেন– সত্যজিৎ রায়।
- 'পথের পাঁচালী'র কয়েকটি চরিত্র– অপু, দুর্গা, ইন্দির ঠাকরুন, সর্বজয়া।
- 'অপরাজিত' উপন্যাসটি ধারাবাহিকভাবে প্রকাশিত হয়– প্রবাসী পত্রিকায়। উপন্যাসটির প্রথম নামকরণ হয়েছিল 'অলোক সারথী'
- 'পথের পাঁচালী' কাহিনির পটভূমিতে আছে– বাংলাদেশের গ্রাম ও তার পরিচিতি মানুষের জীবন। এর প্রধান অংশই হলো একটি শিশুর চৈতন্যের জাগরণ, মানুষ ও প্রকৃতির সঙ্গে পরিচয়।
- তিনি ১৯৫১ সালে 'ইছামতি' উপন্যাসের জন্য– রবীন্দ্র পুরস্কার লাভ (মরণোত্তর) লাভ করেন।
- 'ইছামতি' উপন্যাসটিতে– নীলকরদের বিরুদ্ধে প্রতিবাদ আছে।
- 'অশনি সংকেত' উপন্যাসটি ধারাবাহিকভাবে প্রকাশিত হয়– 'মাতৃভূমি' পত্রিকায় ১৯৪৪-৪৬ সাল পর্যন্ত।
- সত্যজিৎ রায় তাঁর যে উপন্যাস নিয়ে চলচ্চিত্র করেন– অশনি সংকেত।
- বিভূতিভূষণ বন্দ্যোপাধ্যায়ের আত্মজীবনী– তৃণাঙ্কুর (১৯৪৩)।
- দ্বিতীয় মহাযুদ্ধের বিষময় ফল ১৩৫০ বাঙ্গাব্দের দুর্ভিক্ষ। আর এই দুর্ভিক্ষের করাল গ্রাস গ্রাম বাংলায় কিভাবে বিস্তার লাভ করেছে তার নিখুঁত বর্ণনা দিয়ে তিনি রচনা করেন– 'অশনি সংকেত' উপন্যাসটি।
- ১৯৪৬ সালে প্রকাশিত 'হীরে মানিক জ্বলে'– রোমাঞ্চকর উপন্যাস।
- তাঁর 'দেবযান' (১৯৪৪)– প্রেততত্ত্ব ও পারলোকতত্ত্ব ভিত্তিক উপন্যাস।
- 'আহ্বান' গল্পটি বিভূতিভূষণের– রচনাবলি থেকে সংকলিত হয়েছে।
- 'আহ্বান' গল্পটি– একটি উদার মানবিক সম্পর্কের গল্প।
- প্রথম লাইন– দেশের ঘরবাড়ি নেই অনেকদিন থেকেই।
- শেষ লাইন– সঙ্গে সঙ্গে মনে হলো, ও বেঁচে থাকলে বলে উঠত, –অ মোর গোপাল।
- 'আহ্বান' গল্পটির ভাষা– চলিতরীতির।
- মানুষের স্নেহ-মমতা-প্রীতির যে বাঁধন তা ধনসম্পদের নয়, তা গড়ে ওঠে– হৃদয়ের নিবিড় আন্তরিকতার স্পর্শেই।
- ধনী-দরিদ্রের শ্রেণিবিভাগ ও বৈষম্য, বিভিন্ন ধর্মের মানুষের মধ্যে সংস্কার ও গোঁড়ামির ফলে যে দূরত্ব গড়ে ওঠে তাও ঘুচে যেতে পারে– নিবিড় স্নেহ, উদার হৃদয়ের আন্তরিকতা ও মানবীয় দৃষ্টির ফলে।
- 'আহ্বান' গল্পের অন্যতম উপজীব্য বিষয়– দারিদ্র্য-পীড়িত গ্রামের মানুষের সহজ-সরল জীবনধারার প্রতিফলন।
- লেখক এ গল্পে সংকীর্ণতা ও সংস্কারমুক্ত মনোভঙ্গির প্রকাশ ঘটিয়েছেন– দুটি ভিন্ন ধর্ম, বর্ণ ও আর্থিক অবস্থানে বেড়ে ওঠা চরিত্রের মধ্যে।
- গ্রামীণ লোকায়ত প্রান্তিক জীবনধারা শাস্ত্রীয় কঠোরতা থেকে যে অনেকটা মুক্ত সে সত্যও– 'আহ্বান' গল্পে উন্মোচিত হয়েছে।
- লেখকের পৈতৃক বাড়ি যা ছিল ভেঙে চুরে ভিটিতে গজিয়েছে– জঙ্গল।

Part 2 গুরুত্বপূর্ণ MCQ প্রশ্নোত্তর

01. 'আহ্বান' গল্পের লেখক কোন সম্প্রদায়ভুক্ত?
Ⓐ বাড়ুয্যে Ⓑ মুখয্যে Ⓒ চক্কোত্তি Ⓓ চাটুয্যে **Ans A**

02. কোন মাসের ছুটিতে গোপাল (গল্পকথক) এসে নতুন ঘরখানায় ওঠেন?
Ⓐ বৈশাখ Ⓑ জ্যৈষ্ঠ Ⓒ ভাদ্র Ⓓ আশ্বিন **Ans B**

03. বুড়ির স্বামী কীসের কাজ করতেন?
Ⓐ করাতের Ⓑ মুচির Ⓒ ফেরিঘাটের Ⓓ নৌকার **Ans A**

04. কার দেওয়া দুধে অর্ধেক জল?
Ⓐ গোয়ালা Ⓑ হাজরা ব্যাটার বউ Ⓒ ঘুঁটি গোয়ালিনী Ⓓ প্রসন্ন গোয়ালিনী **Ans C**

05. 'এক ঘটি দুধ আনলাম তোর জন্যি' উক্তিটি দ্বারা কী বোঝানো হয়েছে?
Ⓐ পরোপকার Ⓑ স্নেহবোধ Ⓒ আন্তরিকতা Ⓓ ভালোবাসা **Ans B**

06. 'ধড়মড়' কোন ধরনের শব্দ?
Ⓐ বাগ্‌ধারা Ⓑ শব্দদ্বিত্ব Ⓒ মৌলিক Ⓓ যোগরূঢ় শব্দদ্বিত্ব **Ans B**

07. 'তিনি বললেন, ও হলো জমির করাতির স্ত্রী।' কার সম্পর্কে এ কথাটি বলা হয়েছে?
Ⓐ আব্দুলের বোন সম্পর্কে Ⓑ চক্কোত্তি মশায়ের মেয়ে সম্পর্কে Ⓒ বুড়ি সম্পর্কে Ⓓ বুড়ির পাতানো মেয়ে সম্পর্কে **Ans C**

08. 'পয়সা দিতে যাওয়া ঠিক হয়েছে কি?' কীসের জন্য?
Ⓐ আমের জন্য Ⓑ সাহায্যের জন্য Ⓒ দুধের জন্য Ⓓ পাতিলেবুর জন্য **Ans C**

09. 'মলিন বালিশ' বলতে কী বোঝায়?
Ⓐ মরা মানুষের বালিশ Ⓑ পুরনো বালিশ Ⓒ দুঃখী বালিশ Ⓓ ছেঁড়া বালিশ **Ans B**

বাংলা ১ম পত্র অধ্যায়-১১ মহাজাগতিক কিউরেটর

Part 1 গুরুত্বপূর্ণ তথ্যাবলি

- মুহম্মদ জাফর ইকবাল জন্মগ্রহণ করেন– ১৯৫২ খ্রিষ্টাব্দের ২৩এ ডিসেম্বর পিতার কর্মস্থল সিলেটে। পিতা শহিদ ফয়জুর রহমান আহমেদ। মাতা আয়েশা আখতার খাতুন। তাঁর পৈতৃক নিবাস– নেত্রকোনা জেলায়।
- বিখ্যাত গল্পগ্রন্থ– একজন দুর্বল মানুষ (১৯৯২), ছেলেমানুষী (১৯৯৩)।
- বিখ্যাত উপন্যাস– আকাশ বাড়িয়ে দাও (১৯৮৭), বিবর্ণ তুষার (১৯৯৩), দুঃস্বপ্নের দ্বিতীয় প্রহর (১৯৯৪), কাচসমুদ্র (১৯৯৯), ক্যাম্প।
- বিখ্যাত বৈজ্ঞানিক গ্রন্থ– কপোট্রনিক সুখ দুঃখ (১৯৭৬), ক্রুগো (১৯৮৮), অবনীল (২০০৪), অক্টোপাসের চোখ (২০০৯), ইকারাস (২০০৯)।
- বিখ্যাত শিশুতোষ গ্রন্থ– বুগাবুগা (২০০১), রতন, ঘাস ফড়িং (২০০৮)।
- কিশোর সাহিত্য– দীপু নাম্বার টু (১৯৮৪), আমার বন্ধু রাশেদ (১৯৯৪)।
- 'দীপু নাম্বার টু'– কিশোর উপন্যাস। চলচ্চিত্রে রূপ (১৯৯৬),
- বিখ্যাত গল্প– আমড়া ও ক্র্যাব নেবুলা (১৯৯৬), তিন্নি ও বন্যা (১৯৯৮)।
- ভ্রমণবিষয়ক সাহিত্য– আমেরিকা (১৯৯৭), রঙিন চশমা (২০০৭)।
- বিখ্যাত রেডিও ও টিভি নাটক– গেস্ট হাউস, ঘাস ফড়িঙের স্বপ্ন, শান্ত পরিবার, শুকনো ফুল রঙিন ফুল (২০১১, সহায়তায় ইউনিসেফ)।
- 'ট্রাইটন একটি গ্রহের নাম, টুকুনজিল, ক্রোমিয়াম অরণ্য, অবনীল, মহাকাশে মহাত্রাস' এগুলো– সায়েন্স ফিকশনধর্মী।
- 'জলজ' গ্রন্থের অন্তর্গত 'মহাজাগতিক কিউরেটর' গল্পটি লেখকের 'সায়েন্স ফিকশন সমগ্র' তৃতীয় খণ্ড (২০০২) থেকে গৃহীত হয়েছে।
- মহাজাগতিক কিউরেটর গল্পের ভাষারীতি– চলিতরীতি।
- কিউরেটরদ্বয় খুঁটিয়ে খুঁটিয়ে দেখে– সৌরজগতের তৃতীয় গ্রহ।
- 'এখানে প্রাণের বিকাশ হয়েছে।' উক্তিটি– প্রথম প্রাণীর।
- 'পৃথিবী' গ্রহটি খুঁটিয়ে দেখে তারা– সন্তুষ্ট হলো।
- জাদুঘর রক্ষক বা জাদুঘরের তত্ত্বাবধায়ককে বলা হয়– কিউরেটর।
- এ গল্পে মানুষের বয়স উল্লেখ করা হয়েছে– দুই মিলিয়ন।
- মানুষ নির্বিচারে গাছ কেটে ধ্বংস করছে– প্রকৃতির ভারসাম্য।
- পৃথিবীর সবচেয়ে প্রাচীনতম প্রাণী হিসেবে সমর্থনযোগ্য– ডাইনোসর।
- ডাইনোসরের যুগ থেকে বেঁচে আছে– পিঁপড়া।
- যে অন্যকে আশ্রয় করে বাঁচে তাকে– পরজীবী বলে।
- মহাজাগতিক বলতে বোঝায়– মহাজগৎ সম্বন্ধীয়।
- 'বিপদে দিশেহারা হয় না, অন্যকে বাঁচানোর জন্য অকাতরে প্রাণ দেয়' এ বৈশিষ্ট্যগুলো পৃথিবীতে তুলনীয়– পিঁপড়ার বৈশিষ্ট্যগুলোর সাথে।
- 'মানুষ বুদ্ধিমান প্রাণী নয়' কথাটি বলা হয়েছে– এরা একে অন্যের উপর নিউক্লিয়ার বোমা ফেলেছে ও প্রকৃতিকে দূষিত করেছে বলে।
- 'মহাজাগতিক কিউরেটর' গল্পে ১২টি প্রাণীর কথা উল্লেখ আছে। যথা : ভাইরাস, সাপ, ব্যাকটেরিয়া, হাতি, নীল তিমি, বাঘ, কুকুর, হরিণ, ডাইনোসর, পিঁপড়া, পাখি, মানুষ।
- 'মহাজাগতিক কিউরেটর' গল্পে– লেখকের জীবনদৃষ্টির প্রতিফলন ঘটেছে।

Academic to Admission all types of pdf collection

Part 2 গুরুত্বপূর্ণ MCQ প্রশ্নোত্তর

জীববৈচিত্র্য [illegible] কেন?
Ⓐ মানুষের বুদ্ধিহীনতার কারণে Ⓑ মানুষের কূপমণ্ডুকতার কারণে
Ⓒ মানুষের বিবেকহীনতার কারণে Ⓓ মানুষের অলসতার কারণে **Ans Ⓐ**

প্রাণীর বিকাশের নীলনকশা কী দিয়ে তৈরি করে রাখা আছে?
Ⓐ DNA Ⓑ RNA Ⓒ কোষ Ⓓ সাইটোপ্লাজম **Ans Ⓐ**

[illegible] বুদ্ধিবিশিষ্ট প্রাণী কোনটি?
Ⓐ পিঁপড়া Ⓑ টিকটিকি Ⓒ মানুষ Ⓓ বাঘ **Ans Ⓑ**

'কী সুন্দর হলুদের মাঝে... ডোরাকাটা।' শূন্যস্থানে নিচের কোনটি বসবে?
Ⓐ সাদা Ⓑ কালো Ⓒ লাল Ⓓ নীল **Ans Ⓑ**

'মহাজাগতিক কিউরেটর' রচনায় কোন বোমার উল্লেখ করা হয়েছে?
Ⓐ [illegible] বোমা Ⓑ নিউক্লিয়ার বোমা
Ⓒ তেজস্ক্রিয় বোমা Ⓓ মিগ বোমা **Ans Ⓑ**

'মহাজাগতিক কিউরেটর রচনা অনুসারে মানুষ প্রকৃতিকে কী করে ফেলেছে?
Ⓐ সুন্দর Ⓑ ধ্বংস Ⓒ সাজিয়ে Ⓓ মনোরম **Ans Ⓑ**

'মহাজাগতিক কিউরেটর' গল্পে প্রাণীর বুদ্ধিমত্তার চিহ্ন কী দ্বারা বোঝানো হয়েছে?
Ⓐ [illegible] Ⓑ সভ্যতা Ⓒ পুরাকীর্তি Ⓓ সাহিত্য **Ans Ⓑ**

'কিউরেটর' শব্দের অর্থ কী?
Ⓐ বিমানের পরিচালক Ⓑ জাদুঘর রক্ষক
Ⓒ জাহাজের চালক Ⓓ লাইব্রেরি রক্ষক **Ans Ⓑ**

'মহাজাগতিক কিউরেটর' রচনায় কার মধ্যে তেমন কোনো বৈচিত্র্য নেই?
Ⓐ সাইটোপ্লাজম Ⓑ নিউক্লিয়াস Ⓒ রাইবোসোম Ⓓ ব্যাকটেরিয়া **Ans Ⓓ**

বাংলা ১ম পত্র
অধ্যায়-১২

নেকলেস

Part 1 গুরুত্বপূর্ণ তথ্যাবলি

- যে বিষয়টি গী দ্য মোপাসাঁর রচনাকে তাৎপর্যপূর্ণ করে তুলেছে- অসাধারণ সংযম।
- মোপাসাঁর রচনা যে ধরনের- **বস্তুনিষ্ঠ**।
- সাহিত্যসাধনার ক্ষেত্রে মোপাসাঁর দৃষ্টিভঙ্গি- **নিরপেক্ষ**।
- মোপাসাঁ বিশ্বব্যাপী খ্যাতি অর্জন করেন- **গল্পকার হিসেবে**।
- গী দ্য মোপাসাঁ মারা যান- ১৮৯৩ খ্রিষ্টাব্দের ৬ জুলাই।
- পূর্ণেন্দু দস্তিদার জন্মপরিচয়- **জন্ম : চট্টগ্রামের পটিয়া উপজেলার ধলঘাট গ্রামে ১৯০৯ খ্রিষ্টাব্দের ২০এ জুন। পিতা : চন্দ্রকুমার দস্তিদার। মাতা : কুমুদিনী দস্তিদার।**
- পূর্ণেন্দু দস্তিদারের বিখ্যাত গ্রন্থ- কবিয়াল রমেশ শীল, স্বাধীনতা সংগ্রামে চট্টগ্রাম, বীরকন্যা প্রীতিলতা।
- গী দ্য মোপাসাঁর বিখ্যাত গল্প- Boule de Suif (ব্যু দ্য সুইফ), মাদমোয়াজেল ফিফি।
- গী দ্য মোপাসাঁর বিখ্যাত উপন্যাস- Un-riel, বেল আমি।
- গী দ্য মোপাসাঁর 'মাদমোয়াজেল ফিফি' গল্পটি প্রকাশিত হয়- ১৮৮৩ সালে।
- পূর্ণেন্দু দস্তিদারের অনুবাদ গ্রন্থ- শেখভের গল্প, মোপাসাঁর গল্প।
- 'সে ছিল চমৎকার এক সুন্দরী তরুণী' এখানে যার সম্পর্কে বলা হয়েছে- মাদাম লোইসেল (মাতিলদা)।
- মাদাম লোইসেলের জীবনে কোনো আনন্দ ছিল না- কেরানির পরিবারে জন্মগ্রহণের জন্য।
- মাদাম লোইসেলের পিতার পেশা ছিল- কেরানি।
- 'নেকলেস' গল্পের লোইসেলের স্বামীর পেশা ছিল- কেরানি।
- 'নেকলেস' গল্পে মাতিলদার স্বামী চাকরি করতেন- শিক্ষা পরিষদ আপিস।
- 'নিজেকে সজ্জিত করার অক্ষমতার জন্য সে সাধারণভাবেই থাকত।' কে- মাদাম লোইসেল।
- মাদাম লোইসেল তার শ্রেণির অন্যতম হিসেবে ছিল- অসুখী।
- 'সর্বদা তার মনে দুঃখ।' 'নেকলেস' গল্পে দুঃখের কথা বলা হয়েছে- মাদাম লোইসেলের।
- এক সন্ধ্যায় মাদাম লোইসেলের স্বামী মসিঁয়ে ঘরে ফিরলেন- একটি বড় খাম হাতে।
- মাদাম লোইসেলের সর্বদা দুঃখ- সে কাঙ্ক্ষিত জীবন পায়নি বলে।
- মাদাম লোইসেলের হাতে আসা খামটির মধ্যে ছিল- আমন্ত্রণলিপি।
- 'নেকলেস' গল্পে উল্লেখ আছে- রোহিত মাছের।
- মাদাম লোইসেলের ব্যথিত হওয়ার অন্যতম কারণ ছিল- বাসকক্ষের দারিদ্র্য।
- মাদাম লোইসেল জানত তার গৃহকৃত্য থাকবে- দুইজন।
- মাদাম লোইসেল যে বৈঠকখানাটি কামনা করে তাতে কীসের পর্দা ঝুলবে?
উত্তর : পুরানো রেশমি পর্দা সেখানে ঝুলবে।
- 'ও কী ভালো মানুষ।' মসিঁয়ে লোইসেল একথা বলেছে- মাদাম লোইসেল সম্পর্কে।
- মাদাম লোইসেল প্রণয়লীলার কাহিনি শোনার কল্পনা করেন- রোহিত মাছের টুকরা অথবা মুরগির পাখনা খেতে খেতে।

Part 2 GST গুচ্ছ/গুচ্ছভুক্ত বিশ্ববিদ্যালয়ের বিগত বছরের প্রশ্নোত্তর

01. মূল ফরাসি ভাষায় 'নেকলেস' গল্পটির নাম কী? [GST-A : 21-22]
Ⓐ Collier Ⓑ La Parure Ⓒ La fiesta Ⓓ Le Parure

Ⓑ Solve বিশ্ববিখ্যাত গল্পকার গী দ্য মোপাসাঁর 'নেকলেস' গল্পটির ফরাসি নাম La parure এবং Gaulois নামক পত্রিকায় গল্পটি প্রকাশিত হয় ১৭ ফেব্রুয়ারি ১৮৮৪ সালে। অপ্রত্যাশিত কিন্তু অত্যন্ত আকর্ষণীয় সমাপ্তির জন্য গল্পটি বিপুল জনপ্রিয়তা লাভ করে।

02. মসিঁয়ে ও মাদাম লোইসেল কোন মন্ত্রীর আমন্ত্রণপত্র পেয়েছিল? [SHUBD-Science : 19-20]
Ⓐ অর্থমন্ত্রীর Ⓑ জনশিক্ষা মন্ত্রীর
Ⓒ প্রধানমন্ত্রীর Ⓓ সংস্কৃতি মন্ত্রীর **Ans Ⓑ**

03. ফরাসি ভাষায় 'নেকলেস' গল্পটির নাম কী? [NSTU-B : 19-20]
Ⓐ La Villa Ⓑ La Parure Ⓒ La Gaulois Ⓓ La Luvre

Ⓑ Solve বিশ্ববিখ্যাত গল্পকার গী দ্য মোপাসাঁর শ্রেষ্ঠ গল্পগুলোর মধ্যে 'নেকলেস' অন্যতম। ফরাসি ভাষায় গল্পটির নাম 'La Parure'। ১৮৮৪ সালের ১৭ ফেব্রুয়ারি ফরাসি পত্রিকা 'La Gaulois' এ গল্পটি প্রকাশিত হয় এবং সে বছরই ইংরেজিতে অনূদিত হয়।

Part 3 গুরুত্বপূর্ণ MCQ প্রশ্নোত্তর

01. জনশিক্ষা মন্ত্রীর স্ত্রী কে?
Ⓐ মাদাম লোইসেল Ⓑ মাদাম ফোরসটিয়ার
Ⓒ মাদাম জর্জ রেমপনু Ⓓ মাদাম ক্রিস্টিয়ানো **Ans Ⓒ**

02. 'নেকলেস' গল্পে কী রঙের মাছের টুকরার কথা বলা হয়েছে?
Ⓐ গোলাপি Ⓑ লাল
Ⓒ সোনালি Ⓓ রূপালি **Ans Ⓐ**

03. মাদাম লোইসেল ধার করা হারটি সম্পর্কে পরবর্তীতে কী জানতে পারে?
Ⓐ হারটি ছিল নকল Ⓑ হারটি ছিল অল্প দামি
Ⓒ হারটি ছিল দামি Ⓓ হারটি ছিল মহামূল্যবান **Ans Ⓐ**

04. বান্ধবীর সঙ্গে দেখা করার পর মাদাম লোইসেলকে কী গ্রাস করত?
Ⓐ ক্ষোভ Ⓑ হতাশা ও নৈরাশ্য Ⓒ পরশ্রীকাতরতা Ⓓ লোভ **Ans Ⓑ**

05. মাদাম লোইসেল কেন তাড়াতাড়ি খামটি ছিঁড়েছিল?
Ⓐ দামি কিছুর আশায় Ⓑ নতুন খবরের আশায়
Ⓒ স্বামীর খুশির জন্য Ⓓ কৌতূহল মিটাতে **Ans Ⓐ**

06. মসিঁয়ে ও মাদাম লোইসেল কোন মন্ত্রীর আমন্ত্রণপত্র পেয়েছিল?
Ⓐ অর্থ মন্ত্রীর Ⓑ জনশিক্ষা মন্ত্রীর
Ⓒ প্রধানমন্ত্রীর Ⓓ সংস্কৃতি মন্ত্রীর **Ans Ⓑ**

07. খামটি হাতে পেয়ে মাদাম লোইসেল কী হবে বলে মসিঁয়ে লোইসেল আশা করেছিল?
Ⓐ হতাশ Ⓑ আনন্দিত Ⓒ খুশি Ⓓ বিষণ্ন **Ans Ⓒ**

08. 'কিন্তু লক্ষ্মীটি, আমি ভেবেছিলাম এতে তুমি খুশি হবে।' এখানে কী প্রকাশ পায়?
Ⓐ অভিমান Ⓑ দুঃখবোধ Ⓒ নিরাসক্তি Ⓓ আনুগত্য **Ans Ⓑ**

09. কী কারণে মসিঁয়ে লোইসেল মনে মনে দুঃখ পায়?
Ⓐ স্ত্রীর কান্না শুনে Ⓑ স্ত্রীর কথা শুনে
Ⓒ স্ত্রীর কষ্ট দেখে Ⓓ স্ত্রীর দেমাগ দেখে **Ans Ⓑ**

বাংলা ১ম পত্র
অধ্যায়-১৩

সোনার তরী

Part 1 গুরুত্বপূর্ণ তথ্যাবলি

- **কবি পরিচিতি** [অপরিচিতা দেখুন]।
- **উৎস ও সারসংক্ষেপ :** 'সোনার তরী' রবীন্দ্রনাথ ঠাকুরের 'সোনার তরী' কাব্যগ্রন্থের নাম-কবিতা। শতাধিক বছর ধরে এ কবিতা বিপুল আলোচনা ও নানামুখী ব্যাখ্যায় নতুন নতুন তাৎপর্যে অভিষিক্ত। একই সঙ্গে, কবিতাটি গূঢ় রহস্য ও শ্রেষ্ঠত্বেরও স্মারক। মহৎ সাহিত্যের একটি বিশেষ গুণ হলো কালে কালে নতুন দৃষ্টিভঙ্গি ও বিবেচনার আলোকে তার শ্রেষ্ঠত্ব নিরূপিত হতে থাকে। বাংলা কবিতার ইতিহাসে "সোনার তরী" তেমনি আশ্চর্যসুন্দর এক চিরায়ত আবেদনবাহী কবিতা।

একটি ছোট ক্ষেত। চারপাশে প্রবল স্রোতের বিস্তার। সোনার ধান নিয়ে একলা কৃষক। অবলীয়ায় তরী বেয়ে আসা নেয়ে– এ কয়েকটি চিত্রকল্প ও সেগুলোর অনুষঙ্গে রচিত এক অনুপম কবিতা 'সোনার তরী'। কবিতাটিতে দেখা যায়, চারপাশের প্রবল স্রোতের মধ্যে জেগে থাকা দ্বীপের মতো ছোটো একটি ধানক্ষেতে উৎপন্ন সোনার ধানের সম্ভার নিয়ে অপেক্ষারত নিঃসঙ্গ এক কৃষক। আকাশের ঘন মেঘ আর ভারী বর্ষণে পাশের খরস্রোতা নদী হয়ে উঠেছে হিংস্র। চারিদিকের 'বাঁকা জল' কৃষকের মনে সৃষ্টি করেছে ঘনঘোর আশঙ্কা। এরকম এক পরিস্থিতিতে ওই খরস্রোতা নদীতে একটি ভরাপাল সোনার নৌকা নিয়ে বেয়ে আসা এক মাঝিকে দেখা যায়। উৎকণ্ঠিত কৃষক নৌকা কূলে ভিড়িয়ে তার উৎপাদিত সোনার ধান নিয়ে যাওয়ার জন্য মাঝিকে সকাতরে মিনতি জানালে ওই সোনার ধানের সম্ভার নৌকায় তুলে নিয়ে মাঝি চলে যায়। ছোট নৌকা বলে স্থান সংকুলান হয় না কৃষকের। শূন্য নদীর তীরে আশাহত কৃষকের বেদনা গুমড়ে মরে।

এ কবিতায় নিবিড়ভাবে মিশে আছে কবির জীবনদর্শন। মহাকালের স্রোতে জীবন-যৌবন ভেসে যায়, কিন্তু বেঁচে থাকে মানুষেরই সৃষ্ট সোনার ফসল। তার ব্যক্তিসত্তা ও শারীরিক অস্তিত্বকে নিশ্চিতভাবে হতে হয় মহাকালের নিষ্ঠুর কালগ্রাসের শিকার।

- **প্রথম লাইন–** গগনে গরজে মেঘ, ঘন বরষা।
- **শেষ লাইন–** যাহা ছিল নিয়ে গেল সোনার তরী।
- **ছন্দ :** 'সোনার তরী' কবিতাটি ৮ মাত্রার মাত্রাবৃত্ত ছন্দে রচিত। পূর্ণ পর্ব ৮ মাত্রার, অপূর্ণ পর্ব ৫ মাত্রার। আপাতভাবে কবিতাটি অক্ষরবৃত্ত ছন্দে রচিত বলে মনে হয়। কিন্তু সর্বশেষ স্তবকের 'শূন্য' শব্দটি বুঝিয়ে দেয় কবিতাটি মাত্রাবৃত্ত ছন্দের। 'শূন্য' মাত্রাবৃত্তে ৩ মাত্রা। সে হিসেবে 'শূন্য নদীর তীরে' ৮ মাত্রার পর্ব ; অক্ষরবৃত্ত ছন্দ হলে ১ মাত্রা কম পড়ত।

Part 2 GST গুচ্ছ/গুচ্ছভুক্ত বিশ্ববিদ্যালয়ের বিগত বছরের প্রশ্নোত্তর

01. 'ঘরে-বাইরে' গ্রন্থের রচয়িতা– [SUST-A : 19-20]
Ⓐ রবীন্দ্রনাথ ঠাকুর Ⓑ শরৎচন্দ্র চট্টোপাধ্যায়
Ⓒ বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায় Ⓓ বিভূতিভূষণ বন্দ্যোপাধ্যায়
Ⓔ কাজী নজরুল ইসলাম

Solve চলিত ভাষায় রচিত রবীন্দ্রনাথের প্রথম উপন্যাস 'ঘরে-বাইরে' (১৯১৬)। এটি 'সবুজপত্র' পত্রিকায় প্রকাশিত হয় ১৯১৫ সালে। স্বদেশি আন্দোলনের পটভূমিকায় রচিত এ উপন্যাসে একদিকে আছে জাতিপ্রেম, ও সংকীর্ণ স্বাদেশিকতায় সমালোচনা অন্যদিকে আছে সমাজ ও প্রথা দ্বারা নিয়ন্ত্রিত নারী-পুরুষের সম্পর্ক, বিশেষত পরস্পরের আকর্ষণ-বিকর্ষণের বিশ্লেষণ।

02. রবীন্দ্রনাথ ঠাকুর কত বছর বয়সে 'ভিখারিনী' গল্প রচনা করেন? [RSTU-C : 19-20]
Ⓐ চৌদ্দ Ⓑ পনেরো
Ⓒ ষোলো Ⓓ সতেরো

Solve রবীন্দ্রনাথ ঠাকুর রচিত 'ভিখারিনী' গল্পটি ভারতী পত্রিকায় প্রকাশিত হয় শ্রাবণ-ভাদ্র সংখ্যায়। 'ভিখারিনী' তাঁর রচিত প্রথম গল্প।

03. 'সোনার তরী' কবিতায় কবি 'ছোটো খেত' বলতে কী বোঝাতে চেয়েছেন? [RSTU-C : 19-20]
Ⓐ আয়তনে ছোট ক্ষেত Ⓑ নদীর ছোট চর
Ⓒ মানুষের জীবন পরিধি Ⓓ অজানার দেশ

Solve রবীন্দ্রনাথ ঠাকুর রচিত 'সোনার তরী' কবিতায় অন্তর্লীন হয়ে আছে একটি জীবনদর্শন। মহাকালের চিরন্তন স্রোতে একলা মানুষ অনিবার্য বিষয়কে এড়াতে পারে না, কেবল টিকে থাকে তার সৃষ্ট সোনার ফসল।

Part 3 গুরুত্বপূর্ণ MCQ প্রশ্নোত্তর

01. গগনে গর্জন করছে–
Ⓐ বর্ষা Ⓑ মেঘ Ⓒ ঘন মেঘ Ⓓ ঘন বরষা **Ans Ⓑ**

02. কূলে একা বসে আছে–
Ⓐ কবি Ⓑ মাঝি Ⓒ কৃষক Ⓓ মানবসত্তা **Ans Ⓒ**

03. কৃষক 'নাহি ভরসা' বলেছেন কেন?
Ⓐ ভয়ে Ⓑ মেঘের গর্জনে Ⓒ একা বলে Ⓓ বর্ষার আগমনে **Ans Ⓒ**

04. 'রাশি রাশি' কোন অর্থে ব্যবহৃত হয়েছে?
Ⓐ আধিক্য Ⓑ স্বল্পতা Ⓒ সমষ্টি Ⓓ প্রাবল্যতা **Ans Ⓐ**

05. 'ভারা' অর্থ কি?
Ⓐ পাত্র Ⓑ পাত্রের সমষ্টি
Ⓒ ধানের বোঝা Ⓓ ধান রাখার পাত্র **Ans Ⓓ**

06. 'ভারা ভারা' কী অর্থে ব্যবহৃত হয়েছে?
Ⓐ সুবিন্যস্ত Ⓑ ধান রাখার পাত্র
Ⓒ মজুদ ঘর Ⓓ পাত্রের সমষ্টি **Ans Ⓓ**

07. 'বরষা' শব্দের ব্যুৎপত্তি কোনটি?
Ⓐ বর্ষা > বররষা Ⓑ বরশা > বরষা Ⓒ বর্ষা < বরষা Ⓓ বরষা > বর্ষা **Ans Ⓐ**

বাংলা ১ম পত্র
অধ্যায়-১৪

বিদ্রোহী

Part 1 গুরুত্বপূর্ণ তথ্যাবলি

- **কবি পরিচিতি** [আমার পথ দেখুন]।
- **উৎস :** কাজী নজরুল ইসলাম রচিত 'বিদ্রোহী' কবিতাটি কবির প্রথম কাব্যগ্রন্থ 'অগ্নিবীণা' (১৯২২) থেকে সংকলিত হয়েছে। 'অগ্নিবীণা' কাব্যগ্রন্থের দ্বিতীয় কবিতা 'বিদ্রোহী'।
- **কবিতার সারসংক্ষেপ :** 'বিদ্রোহী' বাংলা সাহিত্যের একটি শ্রেষ্ঠ কবিতা। রবীন্দ্রযুগে এ কবিতার মধ্য দিয়ে এক প্রাতিস্বিক কবিকণ্ঠের আত্মপ্রকাশ ঘটে– যা বাংলা কবিতার ইতিহাসে এক বিরল স্মরণীয় ঘটনা। 'বিদ্রোহী' কবিতায় আত্মজাগরণে উন্মুখ কবির সদম্ভ আত্মপ্রকাশ ঘোষিত হয়েছে। কবিতায় সগর্বে কবি নিজের বিদ্রোহী কবিসত্তার প্রকাশ ঘটিয়ে ঔপনিবেশিক ভারতবর্ষের শাসকদের শাসন ক্ষমতার ভিত কাঁপিয়ে দেন। এ কবিতায় সংযুক্ত রয়েছে ঔপনেবেশিক শাসনের বিরুদ্ধে কবির ক্ষোভ ও বিদ্রোহ। কবি সকল অন্যায় অনিয়মের বিরুদ্ধে বিদ্রোহ ঘোষণা করতে গিয়ে বিভিন্ন ধর্ম, ঐতিহ্য, ইতিহাস ও পুরাণের শক্তি উৎস থেকে উপকরণ উপাদান সমীকৃত করে নিজের বিদ্রোহী সত্তার অবয়ব রচনা করেন। কবিতার শেষে ধ্বনিত হয় অত্যাচারীর অত্যাচারের অবসান কাম্য। বিদ্রোহী কবি উৎকণ্ঠ ঘোষনায় জানিয়ে দেন যে, উৎপীড়িত জনতার ক্রন্দনরোল যতদিন পর্যন্ত প্রশমিত না হবে ততদিন এই বিদ্রোহী কবিসত্তা শান্ত হবে না। এই চির বিদ্রোহী অভ্রভেদী চির উন্নত শিররূপে বিরাজ করবে।
- **প্রথম চরণ–** বল বীর– / বল উন্নত মম শির!
- **শেষ চরণ–** বিশ্ব ছাড়ায়ে উঠিয়াছি একা চির-উন্নত শির!
- **ছন্দ–** 'বিদ্রোহী' কবিতাটি সমিল মুক্তক মাত্রাবৃত্ত ছন্দে রচিত। তবে কবিতাটির সর্বত্র পর্ব ও মাত্রা সংখ্যা সমভাবে রক্ষিত হয়নি। পূর্ণ পর্ব ৬ মাত্রার, অতি পর্ব ২ মাত্রার। এর পঙ্‌ক্তি শেষে কিছু ক্ষেত্রে ৩ মাত্রা এবং অধিকাংশ ক্ষেত্রেই অসম মাত্রার অপূর্ণ পর্ব রয়েছে। পর পর দুই পঙ্‌ক্তির শেষে অন্ত্যমিল রয়েছে। আর এ অন্ত্যানুপ্রাসের জন্য একে সমিল মুক্তক ছন্দ বলা হয়। নজরুল বাংলা কবিতায় এ ছন্দের প্রবর্তক।

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

Part 2 GST গুচ্ছ/গুচ্ছভুক্ত বিশ্ববিদ্যালয়ের বিগত বছরের প্রশ্নোত্তর

'শূল' শব্দের অর্থ হচ্ছে– [GST-A : 22-23]
Ⓐ বৈঠা Ⓑ ধনুক Ⓒ লাঙল Ⓓ বারুদ

Ⓒ **Solve** কাজী নজরুল ইসলামের 'অগ্নি-বীণা' কাব্যভুক্ত 'বিদ্রোহী' কবিতার গুরুত্বপূর্ণ শব্দার্থ : নেহারি– দেখে; প্রত্যক্ষ করে। পাশরি– ভুলে যাই; বিস্মৃত হওয়া। নিশাবসান– রাতের শেষ বা অবসান। কৃপাণ– তলোয়ার।

সম্প্রতি কাজী নজরুল ইসলামের কোন কবিতার শতবর্ষ উদ্‌যাপিত হয়েছে? [GST-A : 21-22]
Ⓐ নারী Ⓑ কামালপাশা
Ⓒ বিদ্রোহী Ⓓ আনন্দময়ীর আগমনে

Ⓒ **Solve** কাজী নজরুল ইসলামের 'বিদ্রোহী' (পরবর্তীতে 'অগ্নি-বীণা' কাব্যভুক্ত) কবিতাটি প্রথম প্রকাশিত হয় ৬ জানুয়ারি ১৯২২ সালে। ২০২২ সালের ৬ জানুয়ারি কবিতাটির শতবর্ষ উদ্‌যাপিত হয়।

'শিউলিমালা' কাজী নজরুল ইসলামের কোন ধরনের রচনা? [SUST-A : 19-20]
Ⓐ উপন্যাস Ⓑ সঙ্গীত Ⓒ কবিতা
Ⓓ ছোটগল্প Ⓔ নাটক

Ⓓ **Solve** কাজী নজরুল ইসলাম রচিত 'শিউলিমালা' ছোটগল্প গ্রন্থ। মোট ৪টি গল্পের (পদ্ম-গোখরো, জিনের বাদশা, অগ্নি-গিরি, শিউলিমালা) সমন্বয়ে গ্রন্থটি প্রথম প্রকাশিত হয় ১৯৩১ খ্রিষ্টাব্দে (১৩৩৮ বঙ্গাব্দের কার্তিকে)।

'বিদ্রোহী' কবিতাটি প্রথম কোন পত্রিকায় প্রকাশিত হয়? [RSTU-C : 19-20]
Ⓐ চক্রবাক Ⓑ বিজলী Ⓒ ধূমকেতু Ⓓ নবযুগ

Ⓑ **Solve** কবি কাজী নজরুল ইসলামের 'বিদ্রোহী' কবিতাটি প্রথম প্রকাশিত হয় ১৯২২ সালের ৬ জানুয়ারি 'বিজলী' পত্রিকায়। এরপর কবিতাটি মাসিক প্রবাসী (মাঘ ১৩২৮), মাসিক সাধনা (বৈশাখ ১৩২৯), ও ধূমকেতুতে (২২ আগস্ট) ছাপা হয়। দৃপ্ত বিদ্রোহী মানসিকতা এবং অসাধারণ শব্দবিন্যাস ও ছন্দের জন্য আজও বাঙালি মানসে কবিতাটি 'চির উন্নত শির' বিরাজমান।

Part 3 গুরুত্বপূর্ণ MCQ প্রশ্নোত্তর

01. সৃষ্টির দেবতা কে?
Ⓐ ব্রহ্মা Ⓑ বিষ্ণু Ⓒ শিব Ⓓ কৃষ্ণ Ans Ⓐ

02. মহা-প্রলয় কখন আসবে?
Ⓐ সৃষ্টিকালে Ⓑ বিনাশকালে
Ⓒ সৃষ্টির ধ্বংসকালে Ⓓ অকাল বৈশাখী Ans Ⓒ

03. কবি মহা-প্রলয়ের কী হতে চেয়েছেন?
Ⓐ মহাভয় Ⓑ ডমরু Ⓒ প্রণব-নাদ Ⓓ নটরাজ Ans Ⓓ

04. কবি নিজেকে পৃথিবীর কী হিসেবে উল্লেখ করেছেন?
Ⓐ সাইক্লোন Ⓑ আশীর্বাদ Ⓒ অভিশাপ Ⓓ মহাভয় Ans Ⓒ

05. কবি কী মানেন না?
Ⓐ আইন Ⓑ বন্ধন Ⓒ শৃঙ্খল Ⓓ নিয়ম Ans Ⓐ

06. কবি কী ভরা-ডুবি করেন?
Ⓐ আইন Ⓑ মাইন Ⓒ টর্পেডো Ⓓ ভরা-তরী Ans Ⓓ

07. কবির শির দেখে কী নতশির হয়ে যায়?
Ⓐ হিমালয় Ⓑ হিমালয় শিখর
Ⓒ স্রষ্টা Ⓓ পর্বতমালা Ans Ⓑ

08. কবি সকল বন্ধন, নিয়ম-কানুন-শৃঙ্খলকে কীভাবে অতিক্রম করে যান?
Ⓐ দ'লে Ⓑ পিষে Ⓒ ভেঙ্গে Ⓓ ডুবিয়ে Ans Ⓐ

09. কবি নিজেকে কী ধরনের মাইন বলেছেন?
Ⓐ ভাসমান Ⓑ টর্পেডো Ⓒ ভীম ভাসমান Ⓓ ভয়ানক Ans Ⓒ

10. কবি নিজেকে কেমন ঝড় বলে অভিহিত করেছেন?
Ⓐ বৈশাখীর Ⓑ এলোকেশে
Ⓒ অকালের Ⓓ এলোমেলো Ans Ⓑ

বাংলা ১ম পত্র অধ্যায়-১৫ প্রতিদান

Part 1 গুরুত্বপূর্ণ তথ্যাবলি

- **জন্ম :** জসীমউদ্‌দীনের জন্ম ১ জানুয়ারি ১৯০৩, তাম্বুলখানা গ্রাম (মাতুলালয়), ফরিদপুর।
- পৈত্রিক নিবাস : গোবিন্দপুর, ফরিদপুর।
- পিতা : আনসারউদ্দীন মোল্লা।
- মাতা : আমিনা খাতুন ওরফে রাঙাছুট।
- শিক্ষাজীবন : ফরিদপুর জিলা স্কুল (১৯২১) থেকে মেট্রিক পাস; ফরিদপুর রাজেন্দ্র কলেজ আই.এ.বি.এ (১৯২৯); কলকাতা বিশ্ববিদ্যালয় (বাংলা ভাষা ও সাহিত্য) এম.এ (১৯৩১)। কলেজে অধ্যয়নকালে 'কবর' কবিতা রচনা করে তিনি খ্যাতি অর্জন করেন এবং ছাত্রাবস্থায়ই কবিতাটি পাঠ্যগ্রন্থে অন্তর্ভুক্ত হয়। জসীমউদ্‌দীন 'পল্লিকবি' হিসেবে সমধিক পরিচিত।
- **বিভিন্ন নাম :** জসীমউদ্‌দীন।
- **পূর্ণনাম :** মোহাম্মদ জসীমউদ্‌দীন মোল্লা।
- **ছদ্মনাম :** জমীরউদ্দীন মোল্লা। **উপাধি :** পল্লিকবি।
- **কাব্যগ্রন্থ :** রাখালী, বালুচর, ধানখেত, রূপবতী, মাটির কান্না, সখিনা, ভয়াবহ সেই দিনগুলিতে, হলুদ বরণী, জলে লেখন, পদ্মানদীর দেশে, কাফনের মিছিল, মহরম, দুমুখো চাঁদ পাহাড়ি, সুচয়নী।
- **গাথাকাব্য :** নকসী কাঁথার মাঠ, সোজন বাদিয়ার ঘাট, মা যে জননী কান্দে।
- **নাটক :** পদ্মাপাড়, বেদের মেয়ে, মধুমালা, পল্লীবধূ, গ্রামের মেয়ে, ওগো পুষ্পধনু, আসমান সিংহ।
- **আত্মকথা(গদ্যগ্রন্থ) :** যাদের দেখেছি, ঠাকুর বাড়ির আঙিনায় (স্মৃতিকথা), জীবনকথা (আত্মজীবনী), স্মৃতিপট, স্মরণের সরণী বাহি।
- **গানের সংকলন :** রঙ্গিলা নায়ের মাঝি, গাঙ্গের পাড়, জারিগান, মুর্শিদী গান।
- **উপন্যাস :** বোবা কাহিনী (১৯৬৪) [একমাত্র উপন্যাস]।
- **হাস্যরসাত্মক গ্রন্থ :** বাঙালির হাসির গল্প।
- **শিশুতোষ গ্রন্থ :** হাসু, এক পয়সার বাঁশী, ডালিমকুমার।
- **ভ্রমণকাহিনি :** চলে মুসাফির, হলদে পরীর দেশ, যে দেশে মানুষ বড়, জার্মানীর শহরে বন্দরে।
- **অনুবাদ :** ই.এম.মিলফোর্ড জসীমউদ্‌দীনের 'নকসী কাঁথার মাঠ' কাব্যটি 'Field of the Embroidered Quilt' নামে অনুবাদ করেন। 'বাঙালির হাসির গল্প' গ্রন্থটি 'ফোক টেলস অব ইস্ট পাকিস্তান' নামে ইংরেজিতে অনূদিত হয়েছে।
- **বিখ্যাত কবিতা :** কবর : [রাখালী কাব্যের অন্তর্গত] মাত্রাবৃত্ত ছন্দে রচিত। কবিতায় ১১৮টি পঙ্ক্তি আছে। প্রিয়জন হারানোর মর্মান্তিক স্মৃতিচারণ কবিতাটির বিষয়বস্তু। 'কল্লোল' পত্রিকায় প্রথম প্রকাশিত হয়। কবিতাটি তাঁর ছাত্রাবস্থাতেই (বি.এ) কলকাতা বিশ্ববিদ্যালয়ের মাধ্যমিক পর্যায়ের পাঠ্যপুস্তকে অন্তর্ভুক্ত হয়। রাখাল ছেলে [রাখালী কাব্যের অন্তর্গত] : তিনি যখন দশম শ্রেণির ছাত্র ছিলেন তখন এ কবিতাটি রচনা করেছিলেন। আসমানী : কবিতাটির প্রধান চরিত্র আসমানীর বাড়ি ফরিদপুর।
- **উৎস ও কবিতার সারসংক্ষেপ :** 'প্রতিদান' কবিতাটি কবি জসীমউদ্‌দীনের 'বালুচর' কাব্যগ্রন্থ থেকে সংকলিত। এ কবিতায় কবি ক্ষুদ্র স্বার্থকে বিসর্জন দিয়ে পরার্থপরতার মধ্যেই যে ব্যক্তির প্রকৃত সুখ ও জীবনের সার্থকতা নিহিত সেই বিষয়ে আলোকপাত করেছেন। সমাজ-সংসারে বিদ্যমান বিভেদ-হিংসা-হানাহানি দ্বারা আক্রান্ত হওয়া সত্ত্বেও কবির কণ্ঠে প্রতিশোধ-প্রতিহিংসার বিপরীতে ব্যক্ত হয়েছে প্রীতিময় এক পরিবেশ সৃষ্টির আকাঙ্ক্ষা। কেননা ভালোবাসাপূর্ণ মানুষই নির্মাণ করতে পারে সুন্দর, নিরাপদ পৃথিবী। কবি অনিষ্টকারীকে কেবল ক্ষমা করেই নয়, বরং প্রতিদান হিসেবে অনিষ্টকারীর উপকার করার মাধ্যমে পৃথিবীকে সুন্দর, বাসযোগ্য করতে চেয়েছেন।
- **প্রথম লাইন–** আমার এ ঘর ভাঙিয়াছে যেবা আমি বাঁধি তার ঘর
- **শেষ লাইন–** আপন করিতে কাঁদিয়া বেড়াই যে মোরে করেছে পর।
- **ছন্দ :** 'প্রতিদান' কবিতাটি মাত্রাবৃত্ত ছন্দে রচিত।

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

Part 2 গুরুত্বপূর্ণ MCQ প্রশ্নোত্তর

01. কোনটি জসীমউদ্দীনের ভ্রমণকাহিনি?
Ⓐ নকশী কাঁথার মাঠ Ⓑ যে দেশে মানুষ বড়
Ⓒ পদ্মাপার Ⓓ ঠাকুর বাড়ির আঙিনায় Ans Ⓑ

02. 'নকশী কাঁথা' কোন কবির কাব্যকে আশ্রয় করে বিশ্বব্যাপী পরিচিতি পেয়েছে?
Ⓐ জীবনানন্দ দাশ Ⓑ কাজী নজরুল ইসলাম
Ⓒ বন্দে আলী মিয়া Ⓓ জসীমউদ্দীন Ans Ⓓ

03. জসীমউদ্দীনের কাব্য কোনটি?
Ⓐ মা যে জননী কান্দে Ⓑ ময়নামতির চর
Ⓒ রস কদম Ⓓ বনতুলসী Ans Ⓐ

04. জসীমউদ্দীন রচিত শিশুতোষ কাব্য–
Ⓐ রাখালী Ⓑ এক পয়সার বাঁশী
Ⓒ সোজন বাদিয়ার ঘাট Ⓓ নকশী কাঁথার মাঠ Ans Ⓑ

05. জসীমউদ্দীনের 'আসমানী' চরিত্রটির বাড়ি কোথায়?
Ⓐ গোপালগঞ্জ Ⓑ ফরিদপুর Ⓒ রাজবাড়ী Ⓓ মাদারীপুর Ans Ⓑ

06. জসীমউদ্দীনের 'কবর' কবিতার দাদু শাপলার হাটে কী বিক্রি করতেন?
Ⓐ আম Ⓑ পাট Ⓒ তরমুজ Ⓓ মাছ Ans Ⓒ

07. 'বেদের মেয়ে' গীতিনাট্য কে লিখেছেন?
Ⓐ কাজী নজরুল ইসলাম Ⓑ জসীমউদ্দীন
Ⓒ ড. নীলিমা ইব্রাহীম Ⓓ সাঈদ আহমদ Ans Ⓑ

08. জসীমউদ্দীন তার বন্ধুকে কোন গাঁয়ে নিমন্ত্রণ করেছিলেন?
Ⓐ পল্লি গাঁয়ে Ⓑ কাজল গাঁয়ে Ⓒ শ্যামল গাঁয়ে Ⓓ সবুজ গাঁয়ে Ans Ⓑ

09. 'The Field of Embroidered Quilt' কাব্যটি কবি জসীমউদ্দীনের কোন কাব্যের ইংরেজি অনুবাদ?
Ⓐ সোজনবাদিয়ার ঘাট Ⓑ রঙিলা নায়ের মাঝি
Ⓒ নকশী কাঁথার মাঠ Ⓓ রাখালী Ans Ⓒ

বাংলা ১ম পত্র
অধ্যায়-১৬

তাহারেই পড়ে মনে

Part 1 গুরুত্বপূর্ণ তথ্যাবলি

- সুফিয়া কামাল জন্মগ্রহণ করেন– **২০ জুন ১৯১১ খ্রিষ্টাব্দ; শায়েস্তাবাদ, বরিশাল।** পিতা : সৈয়দ আবদুল বারী। মাতা : সাবেরা বেগম। তাঁর পৈতৃক নিবাস কুমিল্লায়।
- সুফিয়া কামাল মারা যান– **১৯৯৯ খ্রিষ্টাব্দের ২০ নভেম্বর ঢাকায়।**
- সুফিয়া কামালের উল্লেখযোগ্য কাব্যগ্রন্থ– **'সাঁঝের মায়া', 'মায়া কাজল', 'কেয়ার কাঁটা', 'উদাত্ত পৃথিবী'।**
- তাঁর 'রূপসী বাংলা' কবিতাটি– **'সাঁঝের মায়া' কাব্যের অন্তর্গত।**
- সুফিয়া কামালের প্রথম কাব্যের নাম– **সাঁঝের মায়া (১৯৩৮)।**
- তাঁর সাঁঝের মায়া মুখবন্ধ লিখেন– **কবি কাজী নজরুল ইসলাম।**
- সুফিয়া কামালের প্রথম গল্প *সৈনিক বধূ* গল্পটি রচিত হয়– **১৯২৩ সালে। ['তরুণ' পত্রিকায় প্রকাশিত]**
- সুফিয়া কামালের প্রথম কবিতা 'বাসন্তী' (১৯২৬) কোন পত্রিকায় প্রকাশিত হয়– **মোহাম্মদ নাসিরউদ্দীন সম্পাদিত সওগাত পত্রিকায়।**
- তিনি যে পত্রিকার প্রথম সম্পাদক ছিলেন– **'বেগম' (১৯৪৭) পত্রিকা।**
- 'তাহারেই পড়ে মনে' কবিতাটি– **১৯৩৫ খ্রিষ্টাব্দে 'মাসিক মোহাম্মদী' পত্রিকায় (নবম বর্ষ ষষ্ঠ সংখ্যা ১৩৪২) প্রথম প্রকাশিত হয়।**
- 'তাহারেই পড়ে মনে' কবিতাটি– **অক্ষরবৃত্ত ছন্দে রচিত।**
- 'তাহারেই পড়ে মনে ভুলিতে পারি না কোনো মতে' প্রকৃতপক্ষে যার কথা মনে পড়ে– **কবির স্বামীর কথা।**
- 'গিয়াছে চলিয়া ধীরে পুষ্পশূন্য দিগন্তের পথে' যে চলে গিয়েছে– **মাঘের সন্ন্যাসী।**
- মাঘের সন্ন্যাসী গেছে– **রিক্ত হস্তে ও পুষ্পশূন্য দিগন্তে।**
- এ কবিতায় যে ধরনের গানের কথা বলা হয়েছে– **আগমনী গান।**
- 'তাহারেই পড়ে মনে' কবিতার মূল বিষয়– **জীবনের বিষাদময় রিক্ততার সুর।**
- ধরায় ফাগুন এসেছে– **বসন্তকে বরণ করে নেওয়ার জন্য।**
- বসন্তে কবির যে সাজ প্রত্যাশিত ছিল– **পুষ্প সাজ।**
- 'ঋতুর রাজন' বলতে কবি বুঝিয়েছেন– **ঋতুরাজ বসন্তকে।**
- 'গিয়াছে চলিয়া ধীরে পুষ্পশূন্য দিগন্তের পথে।' যে গেছে– **কবির প্রিয় মানুষ।**
- দখিনা সমীর অধীর আকুল হয়– **বাতাবি নেবুর ফুল ও আমের মুকুলের গন্ধে।**
- 'কুহেলি উত্তরী তলে মাঘের সন্ন্যাসী' এর পরের চরণ– **গিয়াছে চলিয়া ধীরে পুষ্পশূন্য দিগন্তের পথে।**
- 'তাহারেই পড়ে মনে' কবিতাটি– **কথোপকথন ধর্মী।**
- 'মিনতি' শব্দটি গঠিত হয়েছে যেভাবে– **সংস্কৃত বিনতি এবং আরবি মিনহ্ শব্দ থেকে।**
- 'তাহারেই পড়ে মনে' কবিতার স্তবক সংখ্যা– **পাঁচটি।**
- 'এখনো দেখ নি তুমি' এ প্রশ্ন– **কবি ভক্তের।**
- 'আঁখি' শব্দের বিবর্তিত রূপ– **অক্ষি।**
- 'ভুলিতে পারি না কোনো মতে' এ বাক্যে 'না'– **ক্রিয়া বিশেষণ।**
- 'তাহারেই পড়ে মনে' কবিতার অন্যতম দুটি বৈশিষ্ট্য– **নাটকীয়তা ও সংলাপনির্ভরতা।**
- 'অর্ঘ্য' ও 'অর্ঘ' শব্দ দুটির অর্থগত পার্থক্য হলো– **'অর্ঘ্য' শব্দের অর্থ পূজার উপকরণ এবং 'অর্ঘ' শব্দের অর্থ 'মূল্য'।**

Part 2 GST গুচ্ছ/গুচ্ছভুক্ত বিশ্ববিদ্যালয়ের বিগত বছরের প্রশ্নোত্তর

01. 'কুহেলি উত্তরী তলে মাঘের সন্ন্যাসী'।– এখানে 'মাঘের সন্ন্যাসী' কে? [GST-A : 22-23]
Ⓐ শীত Ⓑ কবি নিজে Ⓒ কবির প্রিয়জন Ⓓ ঝরাপাতা
Ans Ⓐ Solve সুফিয়া কামালের 'তাহারেই পড়ে মনে' কবিতার 'কুহেলি উত্তরী তলে মাঘের সন্ন্যাসী' অংশবিশেষে কবি শীতকে মাঘের সন্ন্যাসীরূপে কল্পনা করেছেন। যে সন্ন্যাসী কুয়াশার চাদর পরিধান করে আছে।

02. কোনটি সুফিয়া কামালের কাব্যগ্রন্থ নয়? [GST-A : 21-22]
Ⓐ সাঁঝের মায়া Ⓑ কেয়ার কাঁটা Ⓒ কুহু ও কেকা Ⓓ মায়া কাজল
Ans Ⓒ Solve রচনা সম্পর্কিত তথ্য :

রচনা	ধরন	রচয়িতা
সাঁঝের মায়া, মায়া কাজল	কাব্য	সুফিয়া কামাল
কেয়ার কাঁটা	গল্পগ্রন্থ	
কুহু ও কেকা	কাব্য	সত্যেন্দ্রনাথ দত্ত

Part 3 গুরুত্বপূর্ণ MCQ প্রশ্নোত্তর

01. বসন্তে বরিয়া তুমি —— কি তব বন্দনায়? শূন্যস্থানে কোন শব্দ বসবে?
Ⓐ লবে না Ⓑ নিবে না Ⓒ নেবে না Ⓓ কোনোটিই নয় Ans Ⓐ

02. সুফিয়া কামালের জন্মের সময় মুসলমান নারীদের কী অবস্থা ছিল?
Ⓐ স্কুলে পড়ার সুযোগ ছিল Ⓑ স্কুল-কলেজে পড়ার সুযোগ ছিল না
Ⓒ স্বামীর উপর নির্ভরশীল ছিল Ⓓ পিতার উপর নির্ভরশীল ছিল Ans Ⓑ

03. কত সালে কবি সুফিয়া কামালের প্রেরণাদাতা প্রথম স্বামী মারা যান?
Ⓐ ১৯৩১ Ⓑ ১৯৩২ Ⓒ ১৯৯৯ Ⓓ ২০০৯ Ans Ⓑ

04. কোন কবিতায় কবি সুফিয়া কামালের ব্যক্তিজীবনের ছায়াপাত ঘটেছে?
Ⓐ অভিযান Ⓑ তাহারেই পড়ে মনে
Ⓒ নওল কিশোর Ⓓ অভিযাত্রিক Ans Ⓑ

05. 'তাহারেই পড়ে মনে' কবিতায় কে কবিকে বসন্তের বন্দনাগীত রচনা করতে বলেছেন?
Ⓐ কবির স্বামী Ⓑ কবির ভক্ত
Ⓒ ঋতুর রাজন Ⓓ মাঘের সন্ন্যাসী Ans Ⓑ

06. সুফিয়া কামালের উপাধি নিচের কোনটি?
Ⓐ জননী সাহসিকা Ⓑ শহিদ জননী
Ⓒ সাহসী জননী Ⓓ মূর্তিমতী জননী Ans Ⓐ

PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

...বেই পড়ে মনে' কবিতায় কয়টি চরিত্রের উপস্থিতি রয়েছে?
Ⓐ একটি Ⓑ দুটি Ⓒ তিনটি Ⓓ চারটি Ans Ⓑ

...বেই পড়ে মনে' এখানে 'তাহারে' কোন ধরনের পদ?
Ⓐ বিশেষ্য Ⓑ বিশেষণ Ⓒ সর্বনাম Ⓓ অব্যয় Ans Ⓒ

...বেই পড়ে মনে' কবিতায় শীতকে 'মাঘের সন্ন্যাসী' বলার কারণ কী?
Ⓐ শীতকাল বার বার শূন্য হাতে ফিরে আসে
Ⓑ শীতকাল খালি হাতে বিদায় নেয়
Ⓒ শীতকাল কুয়াশার চাদর গায়ে বিদায় নেয়
Ⓓ শীতকালে গাছের পাতা ঝরে যাওয়ায় Ans Ⓒ

...বেই পড়ে মনে' কবিতায় কোন ফুলের কুঁড়ির গন্ধের কথা বলা হয়েছে?
Ⓐ মালতি Ⓑ মাধবী Ⓒ জুঁই Ⓓ চাঁপা Ans Ⓑ

বাংলা ১ম পত্র
অধ্যায়-১৭

আঠারো বছর বয়স

Part 1 গুরুত্বপূর্ণ তথ্যাবলি

- সুকান্ত ভট্টাচার্য জন্ম– ১৫ আগস্ট ১৯২৬ খ্রিষ্টাব্দ (৩০ শ্রাবণ ১৩৩৩ বঙ্গাব্দ); মাতুলালয়, মহিম হালদার স্ট্রিট, কালীঘাট, কলকাতায়।
- সুকান্ত ভট্টাচার্যকে বলা হয়– কিশোর কবি।
- সুকান্ত ভট্টাচার্যের কাব্য– ছাড়পত্র (১৯৪৮), ঘুম নেই, পূর্বাভাস, অভিযান, হরতাল, গীতিগুচ্ছ।
- সুকান্তের জীবিতাবস্থায় প্রকাশিত একমাত্র গ্রন্থ– আকাল।
- পঞ্চাশের মন্বন্তর উপলক্ষ করে তাঁর সম্পাদিত গ্রন্থ– আকাল।
- ফ্যাসিবাদ বিরোধী লেখক ও শিল্পী সংঘের পক্ষে– 'আকাল' (১৩৫১) নামে একটি কাব্যগ্রন্থ সম্পাদনা করেন।
- 'আঠারো বছর বয়স' কবিতাটি ১৯৪৮ খ্রিষ্টাব্দে প্রকাশিত– তাঁর 'ছাড়পত্র' কাব্যগ্রন্থ থেকে সংকলিত হয়েছে।
- 'আঠারো বছর বয়স' কবিতাটি– মাত্রাবৃত্ত ছন্দে-রচিত।
- কবিতাটির প্রথম চরণ– আঠারো বছর বয়স কী দুঃসহ।
- কবিতাটির শেষ চরণ– এ দেশের বুকে আঠারো আসুক নেমে।
- কত বছর বয়স দুঃসহ– আঠারো বছর বয়স।
- যে বয়স জানে না কাঁদা– আঠারো বছর বয়স।
- কবির কাছে আঠারো বছরে ছুটে চলাকে মনে হয়েছে– বাষ্পের বেগে স্টিমারের মতো।
- 'সঁপে আত্মাকে শপথের কোলাহলে' চরণটি– 'আঠারো বছর বয়স' কবিতার।
- আঠারো বছর বয়স আত্মাকে সঁপে– শপথের কোলাহলে।
- 'আঠারো বছর বয়স জানে না কাঁদা' কারণ– কারণ এ বয়সে মানুষ হয় আত্মপ্রত্যয়ী ও আত্মনির্ভরশীল।

Part 2 GST গুচ্ছ/গুচ্ছভুক্ত বিশ্ববিদ্যালয়ের বিগত বছরের প্রশ্নোত্তর

1. 'এ দেশের বুকে আঠারো আসুক নেমে'। এ লাইনে 'আঠারো' শব্দটি কী অর্থে ব্যবহার করা হয়েছে? [GST-A : 21-22]
Ⓐ বয়স Ⓑ নতুন জীবন রচনার স্বপ্ন
Ⓒ নির্দিষ্ট সাল Ⓓ সাধারণ সংখ্যা

Ⓑ Solve জড় নিশ্চল প্রথাবদ্ধ জীবনকে পেছনে ফেলে নতুন জীবন রচনার স্বপ্ন, কল্যাণ ও সেবাব্রত, উদ্দীপনা, সাহসিকতা, চলার দুর্বার গতি– এসবই আঠারো বছর বয়সের বৈশিষ্ট্য। তাই 'আঠারো' শব্দটি শুধু বয়স বা সাধারণ সংখ্যা নয়– এটি 'নতুন জীবন রচনার স্বপ্ন' হিসেবে ব্যবহৃত হয়েছে।

2. আঠারো বছর বয়স বাঁচে– [BU-A : 19-20]
Ⓐ বিপদের মুখে Ⓑ দুর্যোগ আর ঝড়ে
Ⓒ শপথের কোলাহলে Ⓓ লক্ষ দীর্ঘশ্বাসে Ans Ⓑ

Part 3 গুরুত্বপূর্ণ MCQ প্রশ্নোত্তর

01. ছোটবেলা থেকেই সুকান্ত কোন বিষয়ে সচেতন ছিলেন?
Ⓐ রাজনীতি Ⓑ অর্থনীতি Ⓒ ধর্ম Ⓓ সাহিত্য Ans Ⓐ

02. মৃত্যুর পূর্ব পর্যন্ত সুকান্ত ভট্টাচার্য কোন পত্রিকার সঙ্গে যুক্ত ছিলেন?
Ⓐ দৈনিক আকাল Ⓑ দৈনিক বাংলা
Ⓒ দৈনিক স্বাধীনতা Ⓓ দৈনিক মুক্তি Ans Ⓒ

03. সুকান্ত ভট্টাচার্যের মায়ের নাম কী?
Ⓐ সুরোলা দেবী Ⓑ সুনীতি দেবী Ⓒ কুসুমকুমারী Ⓓ সুরবালা Ans Ⓑ

04. সুকান্ত ভট্টাচার্য দৈনিক স্বাধীনতা পত্রিকার কোন অংশের প্রতিষ্ঠাতা ছিলেন?
Ⓐ কিশোর সভা অংশ Ⓑ শিশু সভা অংশ
Ⓒ রাজনীতি অংশ Ⓓ সাহিত্য অংশ Ans Ⓐ

05. বাংলা সাহিত্যের ফ্যাসিবিরোধী লেখক হিসেবে পরিচিত কে?
Ⓐ আহসান হাবীব Ⓑ অমিয় চক্রবর্তী
Ⓒ সুকান্ত ভট্টাচার্য Ⓓ বুদ্ধদেব বসু Ans Ⓒ

06. 'এ বয়স কালো লক্ষ দীর্ঘশ্বাসে' এ পঙক্তি দ্বারা কী বোঝানো হয়েছে?
Ⓐ ভীতির বার্তা Ⓑ প্রাণ বিসর্জন
Ⓒ ব্যর্থতার দীর্ঘশ্বাস Ⓓ জীবনের ঝুঁকি Ans Ⓒ

07. মানবজীবনের উত্তরণকালীন পর্যায় আসে কত বছর বয়সে?
Ⓐ ১৬ Ⓑ ১৮ Ⓒ ২০ Ⓓ ২১ Ans Ⓑ

08. আঠারো বছর বয়সের তরুণেরা পাথর বাধা কীভাবে ভাঙতে চায়?
Ⓐ হস্তাঘাতে Ⓑ পদাঘাতে Ⓒ অস্ত্র দ্বারা Ⓓ বুদ্ধি দ্বারা Ans Ⓑ

09. কাঁদতে জানে না কোন বয়সের তরুণেরা?
Ⓐ ১৬ Ⓑ ১৮ Ⓒ ২০ Ⓓ ২১ Ans Ⓑ

10. সুকান্ত ভট্টাচার্য আঠারোকে কালো অধ্যায়ের দীর্ঘশ্বাসকে উপেক্ষা করে কী দিতে শুনেছে?
Ⓐ হুঙ্কার Ⓑ জয়ধ্বনি Ⓒ ঝংকার Ⓓ চিৎকার Ans Ⓑ

বাংলা ১ম পত্র
অধ্যায়-১৮

ফেব্রুয়ারি ১৯৬৯

Part 1 গুরুত্বপূর্ণ তথ্যাবলি

- আধুনিক নাগরিক কবি শামসুর রাহমান জন্মগ্রহণ করেন– ২৩ অক্টোবর ১৯২৯ খ্রিষ্টাব্দ, মাহুতটুলী, ঢাকায়।
- তিনি পরলোকগমন করেন– ২০০৬ খ্রিষ্টাব্দের ১৭ আগস্ট ঢাকায়।
- শামসুর রাহমানের বিখ্যাত কাব্য– প্রথম গান দ্বিতীয় মৃত্যুর আগে (প্রথম কাব্য), রৌদ্র করোটিতে, বিধ্বস্ত নীলিমা, নিজ বাসভূমে, বন্দী শিবির থেকে, এক ফোঁটা কেমন অনল, বাংলাদেশ স্বপ্ন দ্যাখে, উদ্ভট উটের পিঠে চলেছে স্বদেশ, মাতাল ঋত্বিক।
- শামসুর রাহমান রচিত উপন্যাস– অক্টোপাস, নিয়ত মন্তাজ, অদ্ভুত আঁধার এক, এলো সে অবেলায়।
- শামসুর রাহমানের 'বন্দী শিবির থেকে' গ্রন্থটি প্রথম প্রকাশিত হয়– ১৯৭২ সালের জানুয়ারি মাসে কলকাতা থেকে।
- কবির প্রথম কবিতা প্রকাশিত হয়– 'সাপ্তাহিক সোনার বাংলা' পত্রিকায়।
- শামসুর রাহমানের বিখ্যাত দুটি কবিতা হলো– 'স্বাধীনতা তুমি', 'তুমি আসবে বলে হে স্বাধীনতা'।
- কবি শামসুর রাহমানের 'বন্দী শিবির থেকে' গ্রন্থটি উৎসর্গিত হয়– ১৯৭১-এর শহিদদের উদ্দেশ্যে।
- কবির প্রথম প্রকাশিত কবিতার নাম– 'উনিশশ উনপঞ্চাশ'।
- মুক্তিযুদ্ধের সময় মজলুম আদিব (বিপন্ন লেখক) নামে কবিতা ছাপা হয়– কলকাতার 'দেশ' পত্রিকায়।
- তোমার পাঠ্যবইয়ের যে লেখক শেকসপিয়রের হ্যামলেট বাংলায় অনুবাদ করেন– শামসুর রাহমান।

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

- ১৯৬৯ সালের ২০ জানুয়ারি গুলিস্তানে মিছিলের সামনে একটি লাঠিতে শহিদ আসাদের রক্তাক্ত শার্ট দিয়ে বানানো পতাকা দেখে তিনি- **আসাদের শার্ট কবিতা লেখেন।**
- তিনি স্বৈরশাসক আইয়ুব খানকে বিদ্রুপ করে ১৯৫৮-এ সিকান্দার আবু জাফর সম্পাদিত 'সমকাল' পত্রিকায়- **হাতির শুঁড় কবিতা লেখেন।**
- শেখ মুজিবুর রহমান যখন কারাগারে ছিলেন তখন তাঁর উদ্দেশে তিনি- **'টেলেমেকাস' নামক বিখ্যাত কবিতাটি রচনা করেন।**
- বঙ্গবন্ধু শেখ মুজিবকে নিয়ে তাঁর কবিতাগুলো হলো- **ইলেক্ট্রার গান, ধন্য সেই পুরুষ, বাইবেলের কালো অক্ষরগুলো।**
- তাঁর লেখা যে কবিতায় মওলানা ভাসানীর নাম আছে- সফেদ পাঞ্জাবি।
- 'ফেব্রুয়ারি ১৯৬৯' শীর্ষক কবিতাটি সংকলন করা হয়েছে- **শামসুর রাহমানের 'নিজ বাসভূমে' কাব্যগ্রন্থ থেকে।**
- 'ফেব্রুয়ারি ১৯৬৯' শীর্ষক কবিতাটি – **গদ্যছন্দে রচিত।**
- কৃষ্ণচূড়া যেথায় ফুটেছে- **শহরের পথে।**
- 'ফেব্রুয়ারি ১৯৬৯' কবিতাটি যে পটভূমিতে রচিত- **১৯৬৯ সালে পাকিস্তানি শাসকগোষ্ঠীর বিরুদ্ধে গণআন্দোলন।**
- কৃষ্ণচূড়ার রং যার প্রতীক হিসেবে ব্যবহার হয়েছে- **একুশের চেতনা।**
- কবি মানবিকতা, সুন্দর ও কল্যাণের জগৎ বোঝাতে- **'কমলবন' প্রতীকটি ব্যবহার করেছেন।**
- কবির মতে, আজ পূর্ব বাংলার তরুণ মূর্তি দেখা যায়- **সালামের মুখে।**

Part 2 GST গুচ্ছ/গুচ্ছভুক্ত বিশ্ববিদ্যালয়ের বিগত বছরের প্রশ্নোত্তর

01. 'বুক তার বাংলাদেশের হৃদয়' কাব্যের রচয়িতা কে? [GST-A : 22-23]
Ⓐ আল মাহমুদ Ⓑ নির্মলেন্দু গুণ Ⓒ শামসুর রাহমান Ⓓ মহাদেব সাহা

Ⓒ **Solve** কবি ও বিখ্যাত কাব্য :

কবি	কাব্য
আল মাহমুদ	সোনালী কাবিন
নির্মলেন্দু গুণ	প্রেমাংশুর রক্ত চাই
শামসুর রাহমান	বন্দী শিবির থেকে
মহাদেব সাহা	এই গৃহ এই সন্ন্যাস

02. 'চতুর্দিকে মানবিক বাগান, কমলবন হচ্ছে তছনছ'- লাইনটি কোন কবিতার অন্তর্গত? [GST-A : 21-22]
Ⓐ ঐকতান Ⓑ সাম্যবাদী Ⓒ সুখ Ⓓ ফেব্রুয়ারি ১৯৬৯

Ⓓ **Solve** 'চতুর্দিকে মানবিক বাগান, কমলবন হচ্ছে তছনছ।'- লাইনটি 'ফেব্রুয়ারি ১৯৬৯' কবিতার অন্তর্গত। শামসুর রাহমান রচিত 'নিজ বাসভূমে' কাব্যভুক্ত এ কবিতাটি গদ্যছন্দে ও প্রবহমান ভাষার সুষ্ঠু বিকাশে বাংলা সাহিত্যের এক অনন্য সংযোজন।

03. একুশের কৃষ্ণচূড়াকে কবি কোন রঙের সাথে মেলাতে চান? [CoU-A : 19-20]
Ⓐ জীবনের রঙ Ⓑ ভালোবাসার রঙ Ⓒ চেতনার রঙ Ⓓ বিজয়ের রঙ

Ⓒ **Solve** 'একুশের কৃষ্ণচূড়া আমাদের চেতনারই রং' অর্থাৎ প্রতি বছর শহরের পথে পথে কৃষ্ণচূড়া ফুল ফোটে। কবির মনে হয় যেন ভাষা-শহিদদের রক্তের বুদ্বুদ কৃষ্ণচূড়া ফুল হয়ে ফুটেছে। তাই একুশের কৃষ্ণচূড়াকে কবি আমাদের চেতনার রঙের সঙ্গে মিলিয়ে নিতে চান।

Part 3 গুরুত্বপূর্ণ MCQ প্রশ্নোত্তর

01. শামসুর রাহমান এর প্রথম প্রকাশিত সাহিত্যকর্ম কোনটি?
Ⓐ কাব্য Ⓑ গদ্য Ⓒ উপন্যাস Ⓓ প্রবন্ধ Ans Ⓐ

02. কবি শামসুর রাহমান কীসের পক্ষে ছিলেন?
Ⓐ একনায়কতন্ত্র Ⓑ গণতন্ত্র Ⓒ রাজতন্ত্র Ⓓ সমাজতন্ত্র Ans Ⓑ

03. শহরের পথে থরে থরে আবার কী ফুটেছে?
Ⓐ শিমুল Ⓑ পলাশ Ⓒ জারুল Ⓓ কৃষ্ণচূড়া Ans Ⓓ

04. কবি শামসুর রাহমানের মতে সারাদেশে এখন ঘাতকের কেমন আস্তানা?
Ⓐ শুভ Ⓑ অশুভ Ⓒ যুদ্ধাহত Ⓓ দুর্নীতিগ্রস্থ Ans Ⓑ

05. সালামের চোখে আজ আলোচিত কোন শহর?
Ⓐ ঢাকা Ⓑ নারায়ণগঞ্জ Ⓒ রাজশাহী Ⓓ চট্টগ্রাম Ans Ⓐ

06. ১১ দফা আন্দোলনের ঘোষক ছিল কারা?
Ⓐ মন্ত্রিপরিষদ Ⓑ শেখ মুজিব Ⓒ ছাত্ররা Ⓓ শিক্ষকরা Ans Ⓒ

07. ১৯৬৯ এর গণঅভ্যুত্থানে নিচের কোন ব্যক্তি শহিদ হননি?
Ⓐ আসাদুজ্জামান Ⓑ মতিউর Ⓒ ড. শামসুজ্জোহা Ⓓ সালাম Ans Ⓓ

08. 'ফেব্রুয়ারি ১৯৬৯' কবিতায় কখন অন্য রং মনে সন্ত্রাস আনে?
Ⓐ সকালে Ⓑ বিকেলে Ⓒ রাতে Ⓓ সকাল-সন্ধ্যায় Ans Ⓓ

বাংলা ১ম পত্র অধ্যায়-১৯

আমি কিংবদন্তির কথা বলছি

Part 1 গুরুত্বপূর্ণ তথ্যাবলি

- আবু জাফর ওবায়দুল্লাহ জন্ম- ১৯৩৪ খ্রিষ্টাব্দের ৮ ফেব্রুয়ারি বরিশাল জেলার বাবুগঞ্জ উপজেলার বহেরচর-ক্ষুদ্রকাঠি গ্রাম।
- আবু জাফর ওবায়দুল্লাহ- ২০০১ খ্রিষ্টাব্দের ১৯ মার্চ মারা যান।
- আবু জাফর ওবায়দুল্লাহর বিখ্যাত কাব্য- **সাতনরী হার (১৯৫৫), কমলের চোখ (১৯৭৪), আমি কিংবদন্তির কথা বলছি (১৯৮১), আমার সময়, সহিষ্ণু প্রতীক্ষা, খাঁচার ভিতর অচিন পাখি।**
- তাঁর রচিত প্রথম কাব্যের নাম- **সাতনরী হার (১৯৫৫)।**
- তাঁর দুটি বিখ্যাত কবিতার নাম- **'আমি কিংবদন্তীর কথা বলছি' ও 'কোন এক মাকে'।**
- আবু জাফর ওবায়দুল্লাহর প্রকাশিত প্রথম কাব্যগ্রন্থ- **সাতনরী হার।**
- তাঁর জীবিত থাকা অবস্থায় সর্বশেষ কাব্যগ্রন্থ- **মসৃণ কৃষ্ণগোলাপ।**
- 'আমি কিংবদন্তীর কথা বলছি' কাব্যগ্রন্থে কবিতা আছে- **৩৯টি।**
- 'কুমড়ো ফুলে ফুলে নুয়ে পড়েছে লতাটা' এ বিখ্যাত লাইনটি আবু জাফর ওবায়দুল্লাহর- **'কোন এক মাকে' কবিতা থেকে নেওয়া হয়েছে।**
- তাঁর 'কখনো রং কখনো সুর' প্রকাশিত হয়- **১৯৭০ সালে।**
- কবিতাটি আবু জাফর ওবায়দুল্লাহর বিখ্যাত কাব্যগ্রন্থ- **'আমি কিংবদন্তির কথা বলছি' কাব্যগ্রন্থের নাম কবিতা।**
- কবিতাটির প্রথম লাইন- **আমি আমার পূর্বপুরুষের কথা বলছি।**
- কবিতার শেষ লাইন- **আমরা কি তাঁর মতো স্বাধীনতার কথা বলতে পারবো।**
- 'আমি কিংবদন্তির কথা বলছি' কবিতাটি- **গদ্যছন্দে রচিত।**
- কবি কার কথা বলেছেন- **পূর্বপুরুষের কথা।**
- কবির পূর্বপুরুষের করতলে ছিল- **পলিমাটির সৌরভ।**
- কবির পূর্বপুরুষের পিঠের ক্ষত কেমন ছিল- **রক্তজবার মতো।**
- পলিমাটির সৌরভ দ্বারা কী বোঝানো হয়েছে- **উর্বর মৃত্তিকা।**
- কারা অতিক্রান্ত পাহাড়ের কথা বলতেন- **কবির পূর্বপুরুষেরা।**
- জিহ্বায় উচ্চারিত প্রতিটি সত্য শব্দ- **কবিতা।**

Part 2 গুরুত্বপূর্ণ MCQ প্রশ্নোত্তর

01. ইস্পাতের তরবারি কাকে সশস্ত্র করবে?
Ⓐ যে কর্ষণ করে Ⓑ যে লৌহখণ্ডকে প্রজ্বলিত করে
Ⓒ যে যুদ্ধে যায় Ⓓ যে মৎস্য পালন করে Ans Ⓑ

02. যে কবিতা শুনতে জানে না সে কতকাল ক্রীতদাস থাকবে?
Ⓐ আজন্ম Ⓑ ১০ বছর Ⓒ ২০ বছর Ⓓ ৩০ বছর Ans Ⓐ

03. যে লৌহখণ্ডকে প্রজ্বলিত করে ইস্পাতের তরবারি তাকে কী করবে?
Ⓐ শাণিত Ⓑ শক্তিশালী Ⓒ বেপরোয়া Ⓓ সশস্ত্র Ans Ⓓ

04. 'অরণ্য এবং শ্বাপদ' কিসের প্রতীক?
Ⓐ বিপদের Ⓑ সতর্কতার Ⓒ রোমাঞ্চের Ⓓ পরিশ্রমের Ans Ⓐ

05. যে কবিতা শুনতে জানে না সে ভালোবেসে কোথায় যেতে পারে না?
Ⓐ যুদ্ধে Ⓑ গ্রামে Ⓒ আন্দোলনে Ⓓ বিদেশে Ans Ⓐ

06. 'বৃষ্টি ও সাহসী পুরুষের জন্য প্রার্থনা' কোন কবির কাব্যগ্রন্থ?
Ⓐ জীবনানন্দ দাশ Ⓑ আহসান হাবীব
Ⓒ আবু জাফর ওবায়দুল্লাহ Ⓓ শামসুর রাহমান Ans Ⓒ

07. হিংস্র মাংসাশী শিকারি জন্তুকে কী বলা হয়?
Ⓐ দৈত্য Ⓑ দানব Ⓒ শ্বাপদ Ⓓ অসুর Ans Ⓒ

08. 'চিত্রকল্প' কী?
Ⓐ শব্দের ছবি Ⓑ ছবির দৃশ্য Ⓒ ছন্দের ধারা Ⓓ রূপরেখা Ans Ⓐ

09. 'আমি কিংবদন্তির কথা বলছি' কবিতায় মুক্তির পূর্বশর্ত কী?
Ⓐ শান্তি Ⓑ সাহসী Ⓒ যুদ্ধ Ⓓ স্বাধীনতা Ans Ⓒ

বাংলা ১ম পত্র অধ্যায়-২০

বিভীষণের প্রতি মেঘনাদ

Part 1 গুরুত্বপূর্ণ তথ্যাবলি

- মাইকেল মধুসূদন দত্তের জন্ম– **১৮২৪ খ্রিষ্টাব্দের ২৫ জানুয়ারি; যশোর জেলার কেশবপুর থানাধীন সাগরদাঁড়ি গ্রাম।**
- মাইকেল মধুসূদন দত্তের মারা যান– **১৮৭৩ খ্রিষ্টাব্দের ২৯এ জুন কলকাতায়।**
- কবির সমাধিস্থান– **কলকাতার লোয়ার সার্কুলার রোড।**
- কবির রাধা-কৃষ্ণবিষয়ক গীতিকাব্যের নাম– **ব্রজাঙ্গনা (১৮৬১)।**
- অমিত্রাক্ষর ছন্দে রচিত তাঁর প্রথম কাব্য– **তিলোত্তমাসম্ভব কাব্য।**
- বাংলা সাহিত্যের প্রথম সার্থক ট্র্যাজেডি নাটক– **কৃষ্ণকুমারী।**
- মধুসূদন দত্তের 'মেঘনাদবধ কাব্য' প্রকৃতপক্ষে– **বীর রসের কাব্য।**
- মাইকেল মধুসূদন দত্ত রচিত ও প্রকাশিত প্রথম গ্রন্থ– **The Captive Ladie (১৮৪৯; ইংরেজিতে লেখা গ্রন্থ)।**
- তাঁর রচিত ও প্রকাশিত প্রথম বাংলা গ্রন্থ– **শর্মিষ্ঠা (১৮৫৯) নাটক।**
Occupation	পেশা	Orion	কালপুরুষ
Plebiscite	গণভোট	Postpone	মুলতবি রাখা
Philology	ভাষাবিদ্যা	Pioneer	পথিকৃৎ, অগ্রণী
Quarterly	ত্রৈমাসিক	Quotation	মূল্যজ্ঞাপন

বিদেশি শব্দ	পরিভাষা	বিদেশি শব্দ	পরিভাষা
Quack	হাতুড়ে	Quota	যথাংশ
Revenue	রাজস্ব	Robot	যন্ত্রমানব
Referendum	গণভোট	Rank	পদমর্যাদা
Secondary	মাধ্যমিক	Regiment	সৈন্যদল
Sanction	অনুমোদন	Suggestion	দিক-নির্দেশনা
Salary	বেতন	Supervisor	তত্ত্বাবধায়ক
Sestet	ষটক (ছন্দ)	Specialist	বিশেষজ্ঞ
Subjudice	বিচারাধীন	Subsidy	ভর্তুকি
Statue	প্রতিমূর্তি	Sovereignty	সার্বভৌমত্ব
Scheme	পরিকল্প	Script	উত্তরপত্র
Suit	মামলা	Suite	প্রকোষ্ঠ
Savagery	অসভ্যতা	Surrealism	পরাবাস্তববাদ
Tenancy	প্রজাস্বত্ব	Trustee	অছি
Terminal	প্রান্তিক	Token	প্রতীক
Tripod	টিপাই	Tariff	শুল্ক
Transitional	ক্রান্তিকালীন	Union	সংঘ
Tribunal	ন্যায়পীঠ	Usage	প্রথা
Ultimatum	চরমপত্র	Unskilled	অদক্ষ
Unnatural	অস্বাভাবিক	Useful	উপযোগী
Uniform	উর্দি	Unclaimed	বেওয়ারিশ
Up-to-date	হালনাগাদ	Vocabulary	শব্দকোষ
Volcano	আগ্নেয়গিরি	Volunteer	স্বেচ্ছাসেবী
Vehicle	গাড়ি, যান	Vacation	অবকাশ, ছুটি
Vocation	কারিগরি	Valid	সিদ্ধ, বৈধ
Worship	উপাসনা	Witness	সাক্ষী
Walk-out	বর্জন	Warrent	পরোয়ানা
White paper	শ্বেতপত্র	X-Ray	রঞ্জনরশ্মি
X-mas day	বড়দিন	Yolk	কুসুম
Year-Book	বর্ষপঞ্জি	Zodiac	রাশিচক্র
Zeal	সতেজতা	Zone	অঞ্চল
Zenith	সুবিন্দু	Zigzag	আঁকাবাঁকা

Part 2 GST গুচ্ছ/গুচ্ছভুক্ত বিশ্ববিদ্যালয়ের বিগত বছরের প্রশ্নোত্তর

01. 'Monitoring' – শব্দটির বাংলা পরিভাষা কোনটি? [GST-A : 21-22]
Ⓐ পরিবীক্ষণ Ⓑ নিরীক্ষণ Ⓒ পর্যালোচনা Ⓓ পর্যবেক্ষণ

A Solve কতিপয় পারিভাষিক শব্দ :

বিদেশি শব্দ	পরিভাষা	বিদেশি শব্দ	পরিভাষা
Methodology	প্রণালিবিদ্যা	Mythology	পুরাণতত্ত্ব
Merchant	বণিক	Memorandum	স্মারকলিপি

02. 'হাইড্রোজেন' এর পারিভাষিক শব্দ কোনটি? [CoU-A : 18-19]
Ⓐ উদযান Ⓑ অম্লজান Ⓒ কারিয়ান Ⓓ সমীভবন

A Solve কতিপয় পারিভাষিক শব্দ :

বিদেশি শব্দ	পরিভাষা	বিদেশি শব্দ	পরিভাষা
Oxygen	অম্লজান	Assimilation	সমীভবন
Republic	প্রজাতন্ত্র	Revenue	রাজস্ব

Academic to Admission all types of pdf collection

Part 3 গুরুত্বপূর্ণ MCQ প্রশ্নোত্তর

'Anonymous' এর বাংলা–
Ⓐ অনামা Ⓑ অজ্ঞাতনামা Ⓒ এলোমেলো Ⓓ রাগান্বিত **Ans Ⓑ**

'Housing' এর পরিভাষা–
Ⓐ আবাস Ⓑ আবাসন Ⓒ বাস Ⓓ নিবাস **Ans Ⓑ**

'Forgery' শব্দের বাংলা পরিভাষা–
Ⓐ ফৌজদারি Ⓑ জালিয়াতি
Ⓒ বলপ্রয়োগকারী Ⓓ দালালি **Ans Ⓑ**

'Blocade' এর পরিভাষা–
Ⓐ অবলোপ Ⓑ প্রতিরোধ Ⓒ প্রতিবন্ধক Ⓓ অবরোধ **Ans Ⓓ**

'Hypothesis' এর পরিভাষা–
Ⓐ দিগন্ত Ⓑ অনুমান Ⓒ প্রান্তিক Ⓓ গবেষণা **Ans Ⓑ**

'Context' এর অর্থ–
Ⓐ সংসর্গ Ⓑ মূল পাঠ Ⓒ উপসংহার Ⓓ প্রসঙ্গ **Ans Ⓓ**

'Coating' এর পরিভাষা–
Ⓐ চিহ্নায়ন Ⓑ নিয়োগপত্র Ⓒ মামলাবাজ Ⓓ আবরণ **Ans Ⓓ**

'Vivid' শব্দের বঙ্গানুবাদ হলো–
Ⓐ বিবিধ Ⓑ প্রাণবন্ত Ⓒ বিস্তৃত Ⓓ ব্যাপ্ত **Ans Ⓑ**

'Ambiguous' এর পরিভাষা–
Ⓐ উভয়বলতা Ⓑ উভবল Ⓒ উভচর Ⓓ দ্ব্যর্থক **Ans Ⓓ**

'Vertical' শব্দের পরিভাষা–
Ⓐ অনুভূমিক Ⓑ উচ্চতা Ⓒ উল্লম্ব Ⓓ দেয়াল **Ans Ⓒ**

বাংলা ২য় পত্র
অধ্যায়-৯

অনুবাদ

Part 1 গুরুত্বপূর্ণ তথ্যাবলি

প্রকারভেদ : অনুবাদ প্রধানত দুই প্রকার। যথা :
ক. আক্ষরিক অনুবাদ (Literal Translation)
খ. ভাবানুবাদ (Faithful Rendering)

অনুবাদের বৈশিষ্ট্য :
১. অনুবাদের পারদর্শিতা ভাষান্তরের উপর নির্ভরশীল।
২. ক্রিয়ার কাল অনুবাদের ক্ষেত্রে পরিবর্তন করা যায় না।
৩. অনুবাদ জ্ঞানচর্চার সহায়ক।
৪. পরিভাষার অনুপস্থিতিতে অনুবাদে ইংরেজি শব্দ ব্যবহার করা যায়।
৫. অনুবাদ কোন ধরনের হবে তা ভাবের উপর নির্ভর করে।

- A beggar has nothing to lose– ন্যাংটার নেই বাটপারের ভয়।
- A bolt from the blue– বিনা মেঘে বজ্রপাত।
- A hungry fox is an angry fox– পেটে গেলে, পিঠে সয়।
- A primrose on a dunghill– গোবরে পদ্মফুল।
- Barking dogs seldom bite– যত গর্জে তত বর্ষে না।
- Beat about the bush– অন্ধকারে ঢিল মারা।
- Carry coal to Newcastle– তেলে মাথায় তেল দেওয়া।
- Cast pearls before swine– উলু বনে মুক্তা ছড়ানো।
- Cheap goods are dear in long run– সস্তার তিন অবস্থা।
- Dangers do not come alone– বিপদ কখনো একা আসে না।
- Death keeps no calendar– মৃত্যু বলে কয়ে আসে না।
- Devil would not listen to the scripture– চোরে না শুনে ধর্মের কাহিনি।
- Empty vessels sound much– খালি কলস বাজে বেশি।
- Everyman is for himself– চাচা আপন প্রাণ বাঁচা।
- Experience teaches us caution– ন্যাড়া একবারই বেলতলা যায়।
- Fair words butter no par ships– মিষ্টি কথায় চিড়ে ভিজে না।
- Faith will move mountains– বিশ্বাস পাহাড়কেও টলায়।
- Grasp all, lose all– অতি লোভে তাঁতী নষ্ট।
- Great boast, small roast– ফ্যান দিয়ে ভাত খায়, গল্প করে দই।
- Handsome is that handsome does– রূপে কালো, গুণে আলো।
- Heart alone buys heart– কেবল মন দিয়েই মন জয় করা যায়।
- Ill got, ill spent– পাপের ধন প্রায়শ্চিত্তে যায়।
- Ill news runs apace– দুঃসংবাদ বাতাসের আগে ছড়ায়।
- It is all for the best– ঈশ্বর যা করেন সবই মঙ্গলের জন্য।
- Keep the shop and the shop will keep thee– যাকে রাখ সেই রাখে।
- Knowledge is power– জ্ঞানই বল।
- Lend your money and lose your friend– টাকায় বন্ধুত্ব নষ্ট হয়।
- Leopard cannot change its spots– স্বভাব যায় না মরলে।
- Make a mountain of a molehill– তিলকে তাল করা।
- Make hay while the sun shines– ঝোপ বুঝে কোপ মারা।
- Oil your own machine– নিজের চরকায় তেল দাও।
- Old habits die hard– পুরোনো অভ্যাস যেতে চায় না।
- One nail drives another– কাঁটা দিয়ে কাঁটা তোলা।
- Pride goes before a fall/destruction– অতি দর্পে হত লঙ্কা।
- Quit not certainty for hope– অনিশ্চিতের আশায় নিশ্চিত পরিত্যাগ করিও না।
- Riches have wings– লক্ষ্মী চঞ্চলা।
- Rob peter to pay Paul– গরু মেরে জুতা দান।
- Soon ripe, soon rotten– ইঁচড়ে পাকলে গোল্লায় যায়।
- Speak plain and spare neon– স্পষ্ট স্পষ্ট কথা বল।
- The boot is on the wrong leg– উদোর পিন্ডি বুদোর ঘাড়ে।
- Virtue proclaims itself– ধর্মের কল বাতাসে নড়ে।
- Waste not, want not– অপচয় করো না, অভাব হবে না।
- Wishes never fill the bag– শুধু কথায় পেট ভরে না
- What God wills no frost can kill– রাখে আল্লাহ্ মারে কে?
- Who is to bell the cat?– মেও ধরে কে?/ ঘণ্টাটা বাঁধবে কে?
- You cannot make a silk purse out of a sow's car– আমড়া গাছে আম হয় না।

Part 2 গুরুত্বপূর্ণ MCQ প্রশ্নোত্তর

01. 'A bolt from the blue' এর সমার্থক বাংলা প্রবাদ হলো–
Ⓐ যত গর্জে তত বর্ষে না Ⓑ বিনা মেঘে বজ্রপাত
Ⓒ লঘুপাপে গুরু দণ্ড Ⓓ ছাই ফেলতে ভাঙাকুলা **Ans Ⓑ**

02. One swallow does not make a summer এর অর্থ কী?
Ⓐ এক হাতে তালি বাজে না Ⓑ এক মাঘে শীত যায় না
Ⓒ ভাগের মা গঙ্গা পায় না Ⓓ বিপদ কখনও একা আসে না **Ans Ⓑ**

03. The singer has a very sonorous voice. বাক্যটির বঙ্গানুবাদ–
Ⓐ গায়কটি উদাত্ত কণ্ঠের অধিকারী Ⓑ গায়কের কণ্ঠ খুব সুরেলা
Ⓒ গায়কের গানের গলা খুব মিষ্টি Ⓓ গায়কটি খুব ভালো গায় **Ans Ⓑ**

04. 'Fair weather friends.' এর কাছাকাছি বাংলা প্রবচন কোনটি?
Ⓐ দুধের মাছি Ⓑ ধামাধরা মানুষ
Ⓒ পিরিত বিনে সুহৃদ নাই Ⓓ চোরে চোরে মাসতুতো ভাই **Ans Ⓐ**

05. 'To speak ill of others is a sin.' এ বাক্যের ঠিক অনুবাদ কোনটি?
Ⓐ অপরের নিন্দা করো না Ⓑ কারো নিন্দা করতে হয় না
Ⓒ অপরের নিন্দা করা পাপ Ⓓ কারো নিন্দা করলে পাপ হয় **Ans Ⓒ**

06. 'Carrying Coals to Newcastle.' এর ঠিক অর্থ–
Ⓐ যার আছে তাকেই দেওয়া Ⓑ অর্থহীন সাহায্য
Ⓒ বিপদে সাহায্য করা Ⓓ কয়লা খনিতে কয়লা পাঠানো **Ans Ⓐ**

07. 'It culminated into failure.' এ বাক্যটির ঠিক অনুবাদ হলো–
Ⓐ এটা ব্যর্থতা কাটিয়ে উঠলো Ⓑ এটা ব্যর্থতারই নামান্তর
Ⓒ এটা ব্যর্থতায় পর্যবসিত হলো Ⓓ এটা ব্যর্থতাকে রুখে দিল **Ans Ⓒ**

Academic to Admission all types of pdf collection

বাংলা ২য় পত্র
অধ্যায়-১০

বাংলা ভাষার ধ্বনি ও বর্ণ প্রকরণ

Part 1 গুরুত্বপূর্ণ তথ্যাবলি

- ব্যাকরণে শুধু মানুষের মুখনিঃসৃত অর্থবোধক আওয়াজকেই– **'ধ্বনি'** বলে। **ভাষার মূল উপাদান– ধ্বনি।**
- পাশাপাশি অবস্থিত দুটি স্বরধ্বনি এক প্রয়াসে ও দ্রুত উচ্চারিত হয়ে যদি একটি যুক্ত ধ্বনিতে রূপ নেয়, তাকে– **যৌগিক স্বরধ্বনি বলে। যেমন : অ + উ = অউ (বউ), অ + ও = অও (অও) ইত্যাদি।**
- বাংলা ভাষায় যৌগিক স্বরধ্বনির সংখ্যা– **পঁচিশটি।**

ব্যঞ্জনধ্বনির প্রকারভেদ ছক আকারে দেখানো হলো :

উচ্চারণস্থান	অঘোষ		ঘোষ		
	অল্পপ্রাণ	মহাপ্রাণ	অল্পপ্রাণ	মহাপ্রাণ	নাসিক্য
কণ্ঠ্য	ক	খ	গ	ঘ	ঙ
তালু	চ	ছ	জ	ঝ	ঞ
মূর্ধা	ট	ঠ	ড	ঢ	ণ
দন্ত্য	ত	থ	দ	ধ	ন
ওষ্ঠ্য	প	ফ	ব	ভ	ম

- **স্পর্শধ্বনি :** 'ক - ম' পর্যন্ত মোট ২৫টি ধ্বনিকে স্পর্শ ধ্বনি বলা হয়।
- **অঘোষ ধ্বনি :** অঘোষ ধ্বনি উচ্চারণের সময় স্বরতন্ত্রী কম্পিত হয় না। বর্গের প্রথম ও দ্বিতীয় ধ্বনি অঘোষ ধ্বনি। যেমন : (ক + খ)।
- **ঘোষ ধ্বনি :** ঘোষ ধ্বনি উচ্চারণের সময় স্বরতন্ত্রী কম্পিত হয়। বর্গের তৃতীয় ও চতুর্থ ধ্বনি ঘোষ ধ্বনি। যেমন : (গ + ঘ)।
- **অল্পপ্রাণ ধ্বনি :** অল্পপ্রাণ ধ্বনি উচ্চারণের সময় বাতাসের চাপ কম থাকে। যেমন : (ক + গ + ঙ)।
- **মহাপ্রাণ ধ্বনি :** মহাপ্রাণ ধ্বনি উচ্চারণের সময় বাতাসের চাপ বেশি থাকে। বর্গের ২য় + ৪র্থ ধ্বনি মহাপ্রাণ ধ্বনি। যেমন : (খ + ঘ)।

উচ্চারণ স্থান অনুযায়ী ব্যঞ্জনধ্বনির বিভাজন

ব্যঞ্জনবর্ণসমূহ	উচ্চারণ স্থান	উচ্চারণ স্থান অনুযায়ী নাম
ক, খ, গ, ঘ, ঙ	জিহ্বামূল	কণ্ঠ্য বা জিহ্বামূলীয় বর্ণ
চ, ছ, জ, ঝ, ঞ, শ, য, য়	অগ্রতালু	তালব্য বর্ণ
ট, ঠ, ড, ঢ, ণ, ষ, র, ড়, ঢ়	পশ্চাৎ দন্তমূল	মূর্ধন্য বা পশ্চাৎ দন্তমূলীয় বর্ণ
ত, থ, দ, ধ, ন, ল, স	অগ্র দন্তমূল	দন্ত্য বর্ণ
প, ফ, ব, ভ, ম	ওষ্ঠ	ওষ্ঠ্য বর্ণ

- **অক্ষর :** এক প্রয়াসে উচ্চারিত ধ্বনি বা ধ্বনি সমষ্টিকে বলা হয় অক্ষর। যেমন : বন্ধন = বন্ + ধন্। এখানে ২টি অক্ষর আছে।
- নাসিক্য বর্ণকে অনুনাসিক বা সানুনাসিকও বলা হয়। **নাসিক্য বর্ণ :** ৫টি। যথা : ঙ, ঞ, ণ, ন, ম এবং নাসিক্য ধ্বনি : ৩টি (ঙ, ন, ম)।
- **নিলীন বর্ণ :** 'অ' বর্ণটিকে 'নিলীন' বর্ণ বলা হয়। কারণ 'অ' স্বরবর্ণটির কোনো 'কার' বা সংক্ষিপ্ত রূপ নেই।
- **অন্তঃস্থ বর্ণ :** ৪টি। যথা : য, র, ল, ব।
- **পরাশ্রয়ী বর্ণ :** বাংলা বর্ণমালায় পরাশ্রয়ী বর্ণ তিনটি। যথা : ং, ঃ, ঁ।
- **খণ্ড-ত (ৎ) :** খণ্ড-ত (ৎ) কে স্বতন্ত্র বর্ণ হিসেবে ধরা হয় না। এটি 'ত' বর্ণের হস্ - চিহ্ন যুক্ত 'ত্' এর রূপভেদ মাত্র।

বর্ণের মাত্রাবিষয়ক তথ্য :

বিষয়	স্বরবর্ণ	ব্যঞ্জনবর্ণ	সংখ্যা
বর্ণের সংখ্যা	১১টি	৩৯টি	৫০টি
পূর্ণমাত্রার বর্ণ	৬টি	২৬টি	৩২টি
অর্ধমাত্রার বর্ণ	১টি (ঋ)	৭টি	৮টি
মাত্রাহীন বর্ণ	৪টি (এ, ঐ, ও, ঔ)	৬টি (ঙ, ঞ, ৎ, ং, ঃ, ঁ)	১০টি

স্বরবর্ণের প্রকারভেদ ছক আকারে দেখানো হলো :

বর্ণ/স্বরের নাম	সংখ্যা	স্বরবর্ণ
হ্রস্ব স্বর	৪টি	অ, ই, উ, ঋ
দীর্ঘ স্বর	৭টি	আ, ঈ, ঊ, এ, ঐ, ও, ঔ

Part 2 GST গুচ্ছ/গুচ্ছভুক্ত বিশ্ববিদ্যালয়ের বিগত বছরের প্রশ্নোত্তর

01. 'ঢ়' এর ধ্বনিতাত্ত্বিক পরিচয় কোনটি? [GST-A : 22-23]
Ⓐ অঘোষ মহাপ্রাণ দন্তমূলীয় তাড়নজাত ধ্বনি
Ⓑ ঘোষ অল্পপ্রাণ দন্তমূলীয় তাড়নজাত ধ্বনি
Ⓒ ঘোষ মহাপ্রাণ জিহ্বামূলীয় তাড়নজাত ধ্বনি
Ⓓ ঘোষ মহাপ্রাণ দন্তমূলীয় তাড়নজাত ধ্বনি
Solve নিষ্ক্রিয় উচ্চারকের উপর জিভের একটি তাড়িত আঘাতে তাড়নজাত ধ্বনির সৃষ্টি হয়। বাংলায় তাড়নজাত ধ্বনি দুটি ড় এবং ঢ়। 'ড়'- ঘোষ অল্পপ্রাণ এবং 'ঢ়'- ঘোষ মহাপ্রাণ ধ্বনি।

02. একই সঙ্গে উচ্চারিত দুটি মিলিত স্বরধ্বনিকে কী বলে? [GST-A : 20-21]
Ⓐ স্বরসঙ্গতি Ⓑ যৌগিক স্বর
Ⓒ যুগ্মব্যঞ্জন Ⓓ মধ্যস্বর
Solve পাশাপাশি অবস্থিত দুটি স্বরধ্বনি এক প্রয়াসে ও দ্রুত উচ্চারিত হয়ে যদি একটি যুক্ত ধ্বনিতে রূপ নেয়, তাকে যৌগিক স্বরধ্বনি বলে। বাংলা বর্ণমালায় যৌগিক স্বরজ্ঞাপক ধ্বনি ও বর্ণ দুটি। যথা : i. ঐ (অ + ই) ii. ঔ (অ + উ)।

03. আন্তঃস্বরতন্ত্রীয় ধ্বনি কোনটি? [BU-A : 19-20; SHUBD-Science : 19-20]
Ⓐ ছ Ⓑ ধ Ⓒ ক Ⓓ হ **Ans D**

04. কোনটি ঘোষ-মহাপ্রাণ ধ্বনি? [NSTU-A : 19-20]
Ⓐ খ Ⓑ ফ Ⓒ ধ Ⓓ চ
Solve যে ধ্বনি উচ্চারণের সময় স্বরতন্ত্রী অনুরণিত হয়, তাকে বলে ঘোষ ধ্বনি। যেমন : গ, ঘ ইত্যাদি। যে ধ্বনি উচ্চারণের সময় বাতাসের চাপের আধিক্য থাকে, তাকে বলা হয় মহাপ্রাণ ধ্বনি। বর্গের দ্বিতীয় ও চতুর্থ বর্ণ মহাপ্রাণ ধ্বনি। যেমন : খ, ঘ, ছ, ঝ, ধ।

Part 3 গুরুত্বপূর্ণ MCQ প্রশ্নোত্তর

01. নিচের কোন ধ্বনি বাংলায় নেই?
Ⓐ ওষ্ঠ্য Ⓑ দন্তৌষ্ঠ্য Ⓒ তালব্য Ⓓ মূর্ধন্য **Ans B**

02. বাংলা ভাষায় মৌলিক স্বরধ্বনির সংখ্যা কত?
Ⓐ ১১ টি Ⓑ ৭ টি Ⓒ ৮ টি Ⓓ ৯ টি **Ans B**

03. বাংলা বর্ণমালাভুক্ত 'ঐ' এবং 'ঔ' হচ্ছে–
Ⓐ মৌলিক ধ্বনি Ⓑ যৌগিক ধ্বনি
Ⓒ যৌগিক বর্ণ Ⓓ দ্বিলেখ **Ans C**

04. কোনটি একাক্ষর শব্দ?
Ⓐ কাকা Ⓑ চাচা Ⓒ ভাই Ⓓ বোনাই **Ans C**

05. জিবের ডগা আর উপর-পাটি দাঁতের সংস্পর্শে উচ্চারিত হয়–
Ⓐ গ, ঘ Ⓑ জ, ঝ Ⓒ ট, ঠ Ⓓ ত, থ **Ans D**

06. দন্তমূলের শেষাংশ ও জিহ্বার সহযোগে সৃষ্ট ধ্বনি–
Ⓐ ঘ Ⓑ ঝ Ⓒ ঢ Ⓓ ভ **Ans C**

07. মহাপ্রাণ ধ্বনি অল্পপ্রাণ ধ্বনির মতো উচ্চারিত হলে, তাকে বলে–
Ⓐ অভিকর্ষ Ⓑ অভিশ্রুতি
Ⓒ ক্ষীণায়ন Ⓓ বিপ্রকর্ষ **Ans C**

08. ধ্বনি নির্দেশক চিহ্নকে বলে–
Ⓐ বর্ণ Ⓑ শব্দ Ⓒ উপসর্গ Ⓓ অক্ষর **Ans A**

09. পাশাপাশি অবস্থিত এবং উচ্চারিত দুটি স্বরের যুক্ত রূপকে বলা হয়–
Ⓐ পরাশ্রয়ী স্বর Ⓑ অর্ধস্বর
Ⓒ সন্ধ্যক্ষর Ⓓ যুক্তাক্ষর **Ans C**

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

বাংলা ২য় পত্র অধ্যায়-১১

যুক্ত ব্যঞ্জনবর্ণ

Part 1 গুরুত্বপূর্ণ তথ্যাবলি

যুক্ত ব্যঞ্জন : যুক্তব্যঞ্জন, যুক্তাক্ষর মূলত লিখিত ভাষার রূপ থেকে গৃহীত হয়েছে। মুখের ভাষায় যুক্ত ব্যঞ্জনের পৃথক ধারণা নেই। দুটি বা তার বেশি ব্যঞ্জনধ্বনির ভেতরে যদি কোনো স্বরধ্বনি না থাকে, তখন সেই ব্যঞ্জনধ্বনি দুটি একত্রে লেখা হয় এবং তখন তাকে যুক্ত ব্যঞ্জনধ্বনি বলে। যেমন : বক্তা = ব্ + অ + ক্ + ত্ + আ। এখানে দ্বিতীয় বর্ণ 'ক + ত' এর মূলরূপ পরিবর্তিত হয়ে 'ক্ত' হয়েছে।

যুক্তবর্ণের দুটি রূপ আছে। যথা :

i. স্বচ্ছ রূপ : ঙ্ক (ঙ্ + ক), ঙ্খ (ঙ্ + খ), স্ত (স্ + ত), দ্দ (দ্ + দ)।

ii. অস্বচ্ছ রূপ : ক্ষ (ক্ + ষ), হ্ম (হ্ + ম), ত্থ (ত্ + থ), ষ্ণ (ষ্ + ণ), জ্ঞ (জ্ + ঞ)।

বাংলা যুক্তব্যঞ্জনের সঙ্গেও কার এবং ফলা যুক্ত হয়ে শব্দ গঠিত হয়। যেমন : শ্বাস, সূক্ষ্ম, রুক্মিণী, সন্ধ্যা ইত্যাদি।

Part 2 গুরুত্বপূর্ণ MCQ প্রশ্নোত্তর

১. 'দ্ম' যুক্তবর্ণটি ভাঙলে কোন কোন বর্ণ পাওয়া যায়?
Ⓐ দ + দ Ⓑ দ্ + ম
Ⓒ হ্ + ম Ⓓ ম + ম **Ans Ⓑ**

২. 'ঞ্ঝ' যুক্তবর্ণটি ভাঙলে কোন দুটি বর্ণ পাওয়া যায়?
Ⓐ ঝ + ঞ Ⓑ ঞ + জ
Ⓒ জ + ঞ Ⓓ ঞ + ঝ **Ans Ⓓ**

৩. 'ত্ত্ব' যুক্তবর্ণটি কোন বর্ণের সংযোগে গঠিত হয়েছে?
Ⓐ ত + উ + ব Ⓑ ত্ + ত্ + ব
Ⓒ ত + ব + উ Ⓓ ত + ত + উ **Ans Ⓑ**

৪. 'ক্ষ্ম' এর বিশ্লিষ্ট রূপ—
Ⓐ ক্ + ষ Ⓑ ক্ + ষ + র + ক
Ⓒ ক্ + ষ + র Ⓓ ষ্ + ক্ + র **Ans Ⓓ**

৫. 'রক্ষা' শব্দের সংযুক্ত বর্ণ কোন কোন বর্ণ নিয়ে গঠিত?
Ⓐ ক্ + ষ Ⓑ ক + খ
Ⓒ ষ + ক Ⓓ খ + ক **Ans Ⓐ**

৬. 'ম্ভ্র' যুক্তাক্ষরটি কোন দুটি বর্ণের সংযোগে জাত?
Ⓐ ম্ + ব Ⓑ ম্ + ভ + ঋ
Ⓒ ভ্ + ম + র Ⓓ ম্ + ভ্ + র **Ans Ⓓ**

৭. যে বর্ণের সমন্বয়ে 'ন্ত্র' যুক্তবর্ণটি গঠিত হয়েছে—
Ⓐ ন্ + ত্ + র Ⓑ ত্ + ন + র
Ⓒ ন্ + ত + ঋ Ⓓ ত্ + ঋ + ন **Ans Ⓐ**

৮. 'মুগ্ধ' শব্দের যুক্তবর্ণের শুদ্ধ রূপ কোনটি?
Ⓐ গ্ + ধ Ⓑ গ + দ
Ⓒ ধ + গ Ⓓ গ + দ্দ **Ans Ⓐ**

৯. নিচের কোনটি একটি যুক্তাক্ষর?
Ⓐ ঐ Ⓑ ই
Ⓒ ক্ষ Ⓓ কোনোটিই নয় **Ans Ⓒ**

১০. 'ত্ব' কে ভাঙলে কোনটি হয়?
Ⓐ ম + ত Ⓑ ত্ + ম Ⓒ ত + ত Ⓓ ত + ব **Ans Ⓑ**

বাংলা ২য় পত্র অধ্যায়-১২

ধ্বনির পরিবর্তন

Part 1 গুরুত্বপূর্ণ তথ্যাবলি

☞ ভাষার পরিবর্তন ধ্বনির পরিবর্তনের সঙ্গে সম্পৃক্ত। উচ্চারণের সময় সহজীকরণের প্রবণতায় শব্দের মূলধ্বনির যেসব পরিবর্তন ঘটে, তাকে ধ্বনির পরিবর্তন বলে। যেমন : শরীর > শরীল।

☞ ধারাবাহিকভাবে ধ্বনির পরিবর্তনের নানা প্রক্রিয়া বর্ণনা করা হলো :

০১. স্বরাগম : উচ্চারণের সুবিধার্থে শব্দের আদিতে, মধ্যে বা অন্তে স্বরধ্বনির আগমন ঘটলে তাকে স্বরাগম বলে।

ক. আদি স্বরাগম : উচ্চারণের সুবিধার্থে শব্দের আদিতে স্বরধ্বনির আগমন হলে তাকে আদি স্বরাগম বলে। যেমন : স্টেশন > ইস্টিশন।

খ. মধ্য স্বরাগম, বিপ্রকর্ষ বা স্বরভক্তি : সময় সময় উচ্চারণের সুবিধার জন্য সংযুক্ত ব্যঞ্জনধ্বনির মাঝখানে স্বরধ্বনি আসে। একে বলে মধ্য স্বরাগম বা বিপ্রকর্ষ বা স্বরভক্তি। যেমন : প্রীতি > পিরীতি, গ্রাম > গেরাম।

গ. অন্ত্য স্বরাগম : উচ্চারণের সুবিধার জন্য শব্দের শেষে স্বরধ্বনির আগমন হলে তাকে অন্ত্য স্বরাগম বলে। যেমন : বেঞ্চ > বেঞ্চি, সত্য > সত্যি, কড়া > কড়াই, পোখ্‌ত্ > পোক্ত, নস্য > নস্যি।

০২. অপিনিহিতি : পরের ই-কার আগে উচ্চারিত হলে কিংবা যুক্ত ব্যঞ্জনধ্বনির আগে ই-কার বা উ-কার উচ্চারিত হলে তাকে অপিনিহিতি বলে। যেমন : আজি > আইজ, চারি > চাইর, সাধু > সাউধ।

০৩. অসমীকরণ : একই স্বরের পুনরাবৃত্তি দূর করার জন্য মাঝখানে যখন স্বরধ্বনির আগমন হয় তখন তাকে অসমীকরণ বলে। যেমন : অ + অ > আ, ধপ + ধপ > ধপাধপ, টপ + টপ > টপাটপ, গপ + গপ > গপাগপ ইত্যাদি।

০৪. স্বরসঙ্গতি : একটি স্বরধ্বনির প্রভাবে শব্দে অপর স্বরের পরিবর্তন ঘটলে তাকে স্বরসঙ্গতি বলে। যেমন : দেশি > দিশি, বিলাতি > বিলিতি, মুলা > মুলো ইত্যাদি।

ক. প্রগত স্বরসঙ্গতি : পূর্ববর্তী স্বরধ্বনির প্রভাবে পরবর্তী স্বরধ্বনি পরিবর্তিত হলে তাকে প্রগত স্বরসঙ্গতি বলে। যেমন : তুলা > তুলো, পূজা > পুজো, রূপা > রুপো, কুমড়া > কুমড়ো, ইচ্ছা > ইচ্ছে।

খ. মধ্য স্বরসঙ্গতি : আদি বা অন্ত্য স্বরধ্বনি দ্বারা বা উভয় স্বরধ্বনি দ্বারা মধ্যস্বর প্রভাবিত হলে, তাকে মধ্যগত স্বরসঙ্গতি বলে। যেমন : জিলাপি > জিলিপি, ভিখারি > ভিখিরি, বিলাতি > বিলিতি, এখনি > এখুনি, হিসাবি > হিসিবি ইত্যাদি।

গ. পরাগত স্বরসঙ্গতি : পরবর্তী স্বরধ্বনির প্রভাবে পূর্ববর্তী স্বরধ্বনি পরিবর্তিত হলে, তাকে পরাগত স্বরসঙ্গতি বলে। যেমন : বিড়াল > বেড়াল, দেশি > দিশি, চিনা > চেনা, লিখা > লেখা, উঠা > ওঠা।

ঘ. অন্যোন্য স্বরসঙ্গতি : আদি ও অন্ত্য উভয় স্বরধ্বনিই পরস্পরকে প্রভাবিত করে ভিন্ন স্বরধ্বনি সৃষ্টি করলে, তাকে অন্যোন্য স্বরসঙ্গতি বলে। যেমন : মোজা > মুজো, পোষা > পুষ্যি ইত্যাদি।

০৫. ধ্বনি বিপর্যয় : শব্দের মধ্যে দুটো ব্যঞ্জনের পরস্পর স্থান বিনিময়ের ফলে ধ্বনিগত যে অসংগতির সৃষ্টি হয়, তা-ই ধ্বনি বিপর্যয়। যেমন : বাক্স > বাসক, বারাণসী > বেনারসি, লোকসান > লোসকান, ডেস্ক > ডেস্‌ক, পিশাচ > পিচাশ, লাফ > ফাল ইত্যাদি।

০৬. বিষমীভবন : দুটো সমবর্ণের একটির পরিবর্তনকে বিষমীভবন বলে। যেমন : শরীর > শরীল, লাল > নাল, তরবার > তরোয়াল, আরমারি > আলমারি ইত্যাদি।

০৭. দ্বিত্ব ব্যঞ্জন : কখনো কখনো জোর দেওয়ার জন্য শব্দের অন্তর্গত ব্যঞ্জনের দ্বিত্ব উচ্চারণ হয়, একে বলে ব্যঞ্জনদ্বিত্ব বা দ্বিত্ব ব্যঞ্জন। যেমন : পাকা > পাক্কা, সকাল > সক্কাল, একেবারে > এক্কেবারে, বড় > বড্ড।

০৮. সম্প্রকর্ষ বা স্বরলোপ : দ্রুত উচ্চারণের জন্য শব্দের আদি, অন্ত্য বা মধ্যবর্তী কোনো স্বরধ্বনির লোপকে বলা হয় সম্প্রকর্ষ। যেমন : বসতি > বস্‌তি, জানালা > জান্‌লা ইত্যাদি।

ক. আদিস্বর লোপ : শব্দের আদি স্বর লোপ হলে তাকে আদিস্বর লোপ বলে। যেমন : অলাবু > লাবু > লাউ, উদ্ধার > উধার > ধার ইত্যাদি।

খ. মধ্যস্বর লোপ : শব্দের মধ্যে স্বরলোপ হলে তাকে মধ্য স্বরলোপ বলে। যেমন : অগুরু > অগ্রু, সুবর্ণ > স্বর্ণ, গামোছা > গামছা।

গ. অন্ত্যস্বর লোপ : শব্দের অন্ত্যস্বর লোপ হলে তাকে অন্ত্যস্বর লোপ বলে। যেমন : আজি > আজ, চারি > চার, আশা > আশ, সন্ধ্যা > সাঁঝ।

০৯. সমীভবন : শব্দমধ্যস্থ দুটি ভিন্নধ্বনি একে অপরের প্রভাবে অল্প বিস্তর সমতা লাভ করে। এ ব্যাপারকে বলা হয় সমীভবন। যেমন : জন্ম > জম্ম, কাঁদনা > কান্না ইত্যাদি।

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

Part 2 GST গুচ্ছ/গুচ্ছভুক্ত বিশ্ববিদ্যালয়ের বিগত বছরের প্রশ্নোত্তর

01. অভিশ্রুতির ক্ষেত্রে কোন স্বরধ্বনি পরিবর্তিত হয়? [CoU-A : 19-20]

Ⓐ এ, ই Ⓑ ই, এ Ⓒ ই, উ Ⓓ ই, ঔ

Solve বিপর্যস্ত স্বরধ্বনি পূর্ববর্তী স্বরধ্বনির সাথে মিলে গেলে এবং তদনুসারে পরবর্তী স্বরধ্বনির পরিবর্তন ঘটলে, তাকে অভিশ্রুতি বলে। যেমন : শুনিয়া > শুনে, বলিয়া > বলে, হাটুয়া > হেটো, মাছুয়া > মেছো ইত্যাদি।

02. 'বিপ্রকর্ষ' এর উদাহরণ কোনটি? [CoU-A : 18-19]

Ⓐ হর্ষ > হরষ Ⓑ ধপ + ধপ > ধপাধপ
Ⓒ কাঁদনা > কান্না Ⓓ ধোবা > ধোপা

Solve ধ্বনি পরিবর্তনের কতিপয় উদাহরণ :

প্রদত্ত শব্দ	ধ্বনিগত পরিবর্তন
হর্ষ > হরষ	বিপ্রকর্ষ বা স্বরভক্তি
ধপ + ধপ = ধপাধপ	অসমীকরণ
কাঁদনা > কান্না	সমীভবন
ধোবা > ধোপা	ব্যঞ্জন বিকৃতি

03. 'বাগজান > বাজান' কী জাতীয় ধ্বনি পরিবর্তনের দৃষ্টান্ত? [BU-A : 19-20]

Ⓐ অভিশ্রুতি Ⓑ অন্তর্হতি
Ⓒ স্বরলোপ Ⓓ ধ্বনি বিপর্যয় Ans Ⓑ

04. নিচের কোনটিতে মধ্য-স্বরাগমের প্রয়োগ হয়েছে? [SHUBD-Science : 19-20]

Ⓐ ফিল্ম > ফিলিম Ⓑ সত্য > সত্যি
Ⓒ গ্লাস > গিলাস Ⓓ শিকা > শিকে Ans Ⓐ

Part 3 গুরুত্বপূর্ণ MCQ প্রশ্নোত্তর

01. কোনটি স্বরভক্তি বা বিপ্রকর্ষ?

Ⓐ বিলাতি > বিলিতি Ⓑ স্বপ্ন > স্বপন Ⓒ স্কুল Ⓓ ছোট্ট Ans Ⓑ

02. 'তলোয়ার > তরোয়াল' কীসের উদাহরণ?

Ⓐ ব্যঞ্জন বিকৃতি Ⓑ ব্যঞ্জনচ্যুতি
Ⓒ ধ্বনি বিপর্যয় Ⓓ বিষমীভবন Ans Ⓒ

03. 'অলাবু > লাউ' কোন ধরনের ধ্বনি পরিবর্তন?

Ⓐ স্বরলোপ Ⓑ স্বরাগম Ⓒ সমীকরণ Ⓓ পরাগত Ans Ⓐ

04. 'ধরিয়া' থেকে 'ধরে' ধ্বনি-পরিবর্তনের কোন নিয়মে হয়েছে?

Ⓐ অন্তর্হতি Ⓑ অভিশ্রুতি
Ⓒ সমীভবন Ⓓ স্বরসঙ্গতি Ans Ⓑ

05. 'ধার' শব্দটি যে ধ্বনি পরিবর্তন প্রক্রিয়ার দৃষ্টান্ত–

Ⓐ বিপ্রকর্ষ Ⓑ স্বরভক্তি Ⓒ সম্প্রকর্ষ Ⓓ অন্তর্হতি Ans Ⓒ

06. 'ট্যাক্স > ট্যাক্‌সো' এটি ধ্বনির কোন ধরনের পরিবর্তন?

Ⓐ অন্ত্যস্বরাগম Ⓑ অভিশ্রুতি
Ⓒ ধ্বনি বিপর্যয় Ⓓ মধ্য স্বরাগম Ans Ⓐ

07. সংযুক্ত ব্যঞ্জনধ্বনির মধ্যে স্বরের আগমনকে কী বলে?

Ⓐ বিপ্রকর্ষ Ⓑ স্বরসঙ্গতি Ⓒ অভিশ্রুতি Ⓓ সমীভবন Ans Ⓐ

08. 'মিছির' শব্দ সৃষ্টির কারণ–

Ⓐ স্বরভক্তি Ⓑ স্বরসংগতি Ⓒ অপিনিহিতি Ⓓ অভিশ্রুতি Ans Ⓐ

09. 'মর্মর > মার্বেল' এটি কোন ধ্বনি পরিবর্তন প্রক্রিয়া?

Ⓐ ধ্বনিবিপর্যয় Ⓑ ব্যঞ্জনদ্বিত্বতা
Ⓒ বিষমীভবন Ⓓ ব্যঞ্জনবিকৃতি Ans Ⓒ

10. 'স্কুল > ইস্কুল' এটি কোন ধরনের ধ্বনির পরিবর্তন–

Ⓐ আদি স্বরাগম Ⓑ বিপ্রকর্ষ Ⓒ অপিনিহিতি Ⓓ পরাগত Ans Ⓐ

বাংলা ২য় পত্র অধ্যায়-১৩ সন্ধি

Part 1 গুরুত্বপূর্ণ তথ্যাবলি

প্রকারভেদ : সন্ধি প্রধানত দুই প্রকার। যথা : i. সংস্কৃত সন্ধি ii. খাঁটি বাংলা সন্ধি। সংস্কৃতাগত সন্ধি আবার তিন প্রকার। যথা : i. স্বরসন্ধি ii. ব্যঞ্জনসন্ধি iii. বিসর্গ সন্ধি।

সন্ধির উদ্দেশ্য :

i. সন্ধি হলো ধ্বনির মিলন।
ii. সন্ধির ফলে নতুন শব্দ তৈরি হতে পারে।
iii. ধ্বনিগত মাধুর্য সম্পাদন।
iv. সন্ধির ফলে উচ্চারণে সহজতা আসে।
v. সন্ধির ফলে শব্দের আকৃতি ছোট হয়।

সন্ধি সম্পর্কিত গুরুত্বপূর্ণ তথ্যাবলি :

i. বাংলা ক্রিয়াপদের সঙ্গে কোনো সন্ধি হয় না।
ii. সন্ধি ব্যাকরণের ধ্বনিতত্ত্ব অংশে আলোচনা করা হয়।
iii. খাঁটি বাংলায় বিসর্গ সন্ধি হয় না।
iv. সন্ধিতে শব্দের ক্রম অক্ষুন্ন থাকে। যেমন : বিদ্যা + আলয় = বিদ্যালয়।

বাংলা শব্দের সন্ধি

প্রকারভেদ : বাংলা সন্ধি দু'রকমের। যথা : ১. স্বরসন্ধি ও ২. ব্যঞ্জনসন্ধি।

০১. **স্বরসন্ধি :** স্বরধ্বনির সঙ্গে স্বরধ্বনি মিলে যে সন্ধি হয়, তা-ই স্বরসন্ধি।

শত + এক = শতেক	শাঁখা + আরি = শাঁখারি
রূপা + আলি = রূপালি	মিথ্যা + উক = মিথ্যুক
কুড়ি + এক = কুড়িক	গুটি + এক = গুটিক
নদী + এর = নদীর	যা + ইচ্ছা + তাই = যাচ্ছেতাই
যা + আ = যাওয়া	নিন্দা + উক = নিন্দুক
এরূপ– ধনিক, আশির, নিন্দুক ইত্যাদি।	

০২. **ব্যঞ্জনসন্ধি :** স্বরে ব্যঞ্জনে, ব্যঞ্জনে আর ব্যঞ্জনে এবং ব্যঞ্জনে আর স্বরে মিলিত হয়ে যে সন্ধি হয় তাকে ব্যঞ্জনসন্ধি বলে।

ছোট + দা = ছোড়দা	আর্ + না = আন্না
চার্ + টি = চাট্টি	ধর্ + না = ধন্না
নাত + জামাই = নাজ্‌জামাই	বদ্ + জাত = বজ্জাত
হাত + ছানি = হাচ্ছানি	কাঁচা + কলা = কাঁচকলা
পাঁচ + শ = পাঁশ্‌শ	সাত + শ = সাশ্‌শ
বোন + আই = বোনাই	চুন + আরি = চুনারি

তৎসম শব্দের সন্ধি

➤ বাংলা ভাষায় ব্যবহৃত তৎসম সন্ধি তিন প্রকার। যথা : ১. স্বরসন্ধি ২. ব্যঞ্জনসন্ধি ও ৩. বিসর্গ সন্ধি।

স্বরসন্ধি

নর + অধম = নরাধম	শশ + অঙ্ক = শশাঙ্ক
কুশ + আসন = কুশাসন	স্ব + অক্ষর = স্বাক্ষর
মহা + অর্ঘ = মহার্ঘ	হত + আশ = হতাশ
কথা + অমৃত = কথামৃত	যথা + অর্থ = যথার্থ
মহা + অরণ্য = মহারণ্য	তথা + অপি = তথাপি
অতি + ইত = অতীত	সদা + আনন্দ = সদানন্দ
অভি + ইষ্ট = অভীষ্ট	অতি + ইন্দ্রিয় = অতীন্দ্রিয়
প্রতি + ইতি = প্রতীতি	অতি + ইব = অতীব
গিরি + ঈশ = গিরীশ	মুনি + ইন্দ্র = মুনীন্দ্র

Academic to Admission all types of pdf collection

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

পরি + ঈক্ষা = পরীক্ষা	অধি + ঈশ্বর = অধীশ্বর
ক্ষিতি + ঈশ = ক্ষিতীশ	অতি + ঈক্ষা = অতীক্ষা
কটু + উক্তি = কটূক্তি	অনু + উদিত = অনূদিত
সু + উক্ত = সূক্ত	সু + উক্তি = সূক্তি
মরু + উদ্যান = মরূদ্যান	তনু + ঊর্ধ্ব = তনূর্ধ্ব
লঘু + ঊর্মি = লঘূর্মি	বধূ + উচিত = বধূচিত
বধূ + উক্তি = বধূক্তি	ভূ + ঊর্ধ্ব = ভূর্ধ্ব।
জয় + ইচ্ছা = জয়েচ্ছা	স্ব + ইচ্ছা = স্বেচ্ছা
মহা + ইন্দ্র = মহেন্দ্র	নর + ইন্দ্র = নরেন্দ্র
যথা + ইষ্ট = যথেষ্ট	যথা + ইচ্ছা = যথেচ্ছা
পরম + ঈশ = পরমেশ	নর + ঈশ = নরেশ
চল + ঊর্মি = চলোর্মি	লঙ্কা + ঈশ্বর = লঙ্কেশ্বর
গৃহ + ঊর্ধ্ব = গৃহোর্ধ্ব	নব + ঊঢ়া = নবোঢ়া
যথা + উচিত = যথোচিত	যথা + উপযুক্ত = যথোপযুক্ত
গঙ্গা + ঊর্মি = গঙ্গোর্মি	মহা + ঊর্মি = মহোর্মি
দেব + ঋষি = দেবর্ষি	উত্তম + ঋণ = উত্তমর্ণ
সপ্ত + ঋষি = সপ্তর্ষি	অধম + ঋণ = অধমর্ণ
রাজা + ঋষি = রাজর্ষি	মহা + ঋষি = মহর্ষি
ক্ষুধা + ঋত = ক্ষুধার্ত	তৃষ্ণা + ঋত = তৃষ্ণার্ত
পিপাসা + ঋত = পিপাসার্ত	শীত + ঋত = শীতার্ত
জন + এক = জনৈক	সর্ব + এব = সর্বৈব
হিত + এষী = হিতৈষী	এক + এক = একৈক
মত + ঐক্য = মতৈক্য	রাজ + ঐশ্বর্য = রাজৈশ্বর্য
তথা + এবচ = তথৈবচ	সদা + এব = সদৈব
বন + ওষধি = বনৌষধি	জল + ওকা = জলৌকা
মহা + ওষধি = মহৌষধি	গঙ্গা + ওঘ = গঙ্গৌঘ
অতি + অন্ত = অত্যন্ত	বি + অবস্থা = ব্যবস্থা
প্রতি + এক = প্রত্যেক	অভি + উদয় = অভ্যুদয়
প্রতি + উত্তর = প্রত্যুত্তর	প্রতি + উষ = প্রত্যুষ
অতি + ঊর্ধ্ব = অত্যূর্ধ্ব	মনু + অন্তর = মন্বন্তর
অনু + অয় = অন্বয়	সু + অচ্ছ = স্বচ্ছ
সু + অল্প = স্বল্প	পশু + আচার = পশ্বাচার
সু + আগত = স্বাগত	পিতৃ + আদেশ = পিত্রাদেশ
অনু + এষণ =অন্বেষণ	পিতৃ + উপদেশ = পিত্রোপদেশ
শে + অন = শয়ন	বে + অন = বয়ন
নে + অন = নয়ন	নৈ + অক = নায়ক
লো + অন = লবণ	গৈ + অক = গায়ক
ভো + অন = ভবন	পো + অন = পবন
নৌ + ইক = নাবিক	পৌ + অক = পাবক
ভৌ + উক = ভাবুক	গো + আদি = গবাদি।
পো + ইত্র = পবিত্র।	গো + এষণা = গবেষণা।

নিপাতনে সিদ্ধ সন্ধি

নিপাতনে সিদ্ধ স্বরসন্ধির উদাহরণ :

কুল + অটা = কুলটা (কুলাটা নয়)	বিম্ব + ওষ্ঠ = বিম্বোষ্ঠ
গো + অক্ষ = গবাক্ষ (গবক্ষ নয়)	সীমন্ + অন্ত = সীমন্ত
প্র + ঊঢ় = প্রৌঢ় (প্রোঢ় নয়)	গো + ইন্দ্র = গবেন্দ্র
মার্ত + অণ্ড = মার্তণ্ড	শুদ্ধ + ওদন = শুদ্ধোদন
অন্য + অন্য = অন্যান্য	স্ব + ঈর = স্বৈর
গো + ঈশ্বর = গবেশ্বর	স্ব + ঈরিণী = স্বৈরিণী
অক্ষ + ঊহিনী = অক্ষৌহিণী	রক্ত + ওষ্ঠ = রক্তোষ্ঠ
শার + অঙ্গ = শারঙ্গ	স্ব + ঈয় = স্বীয়

ছন্দে ছন্দে নিপাতনে সিদ্ধ স্বরসন্ধি

রাজা শুদ্ধোদন মার্তণ্ড দেখবে বলে গবাক্ষ দিয়ে তাকালে দেখতে পায় সীমন্ত এলোমেলো, রক্তোষ্ঠ, বিম্বোষ্ঠ কুলটা নারী এবং সে প্রৌঢ় ও অন্যান্য কে নিয়ে শারঙ্গ বাজাচ্ছে। পরে রাজা অক্ষৌহিণী ও স্বৈরিণীকে অন্য নারীটিকে অবজ্ঞা করতে।

তৎসম শব্দের ব্যঞ্জনসন্ধি

তৎসম শব্দের ব্যঞ্জনসন্ধির কতিপয় গুরুত্বপূর্ণ উদাহরণ :

দিক্ + অন্ত = দিগন্ত	প্রাক + উক্ত = প্রাগুক্ত
বাক্ + আড়ম্বর = বাগাড়ম্বর	ণিচ্ + অন্ত = ণিজন্ত
ষট্ + অঙ্গ = ষড়ঙ্গ	অচ্ + অন্ত = অজন্ত
ষট্ + ঐশ্বর্য = ষড়ৈশ্বর্য	অপ্ + ইন্ধন = অবিন্ধন
ষট্ + আনন = ষড়ানন	সৎ + আশয় = সদাশয়
সুপ্ + অন্ত = সুবন্ত	অপ্ + অগ্নি = অবগ্নি
মুখ + ছবি = মুখচ্ছবি	বি + ছিন্ন = বিচ্ছিন্ন
পরি + ছন্ন = পরিচ্ছন্ন	বি + ছেদ = বিচ্ছেদ
উৎ + চকিত = উচ্চকিত	তদ্ + চিত্র = তচ্চিত্র
শরৎ + চন্দ্র = শরচ্চন্দ্র	বিপদ্ + চিন্তা = বিপচ্চিন্তা
চলৎ + ছবি = চলচ্ছবি	তদ্ + ছিদ্র = তচ্ছিদ্র
উৎ + ছেদ = উচ্ছেদ	বিপদ + চয় = বিপচ্চয়
উৎ + ডীন = উড্ডীন	মহৎ + ডমরু = মহড্ডমরু
যাবৎ + জীবন = যাবজ্জীবন	বিপদ্ + জাল = বিপজ্জাল
তৎ + জন্য = তজ্জন্য	সৎ + জন = সজ্জন
কুৎ + ঝটিকা = কুজ্ঝটিকা	বিপদ্ + ঝঞ্ঝা = বিপজ্ঝঞ্ঝা
উৎ + নতি = উন্নতি	তদ্ + নিমিত্ত = তন্নিমিত্ত
জগৎ + নাথ = জগন্নাথ	তদ্ + নিষ্ঠ = তন্নিষ্ঠ
ক্ষুধ্ + নিবৃত্তি = ক্ষুন্নিবৃত্তি	উৎ + নয়ন = উন্নয়ন
মৃৎ + ময় = মৃন্ময়	তদ্ + মধ্যে = তন্মধ্যে
উৎ + স্থান = উত্থান	উৎ + স্থাপন = উত্থাপন
উৎ + স্থিত = উত্থিত	উৎ + স্থিতি = উত্থিতি
তদ্ + পর = তৎপর	বিপদ্ + কাল = বিপৎকাল
তদ্ + কাল = তৎকাল	ক্ষুধ্ + কাতর = ক্ষুৎকাতর
হৃদ্ + পিণ্ড = হৃৎপিণ্ড	এতদ্ + সত্ত্বেও = এতৎসত্ত্বেও
তদ্ + পরতা = তৎপরতা	হৃদ্ + স্পন্দন = হৃৎস্পন্দন
ষট্ + জ = ষড়জ	উৎ + গত = উদ্গত
অপ্ + ধি = অব্ধি	ষট্ + ধা = ষড়ধা
উৎ + ঘাটন = উদ্ঘাটন	ষট্ + বর্গ = ষড়বর্গ
অপ্ + জ = অব্জ	ষট্ + বিংশ = ষড়বিংশ
ষট্ + বিধ = ষড়বিধ	ষট্ + ভুজ = ষড়ভুজ
উৎ + বেগ = উদবেগ	হরিৎ + বর্ণ = হরিদ্বর্ণ
জগৎ + বন্ধু = জগদ্বন্ধু	জগৎ + বিখ্যাত = জগদ্বিখ্যাত
উৎ + ভব = উদ্ভব	তৎ + ভব = তদ্ভব
উৎ + ভিদ = উদ্ভিদ	বিদ্যুৎ + বেগ = বিদ্যুদ্বেগ
সৎ + বংশ = সদ্বংশ	সৎ + ভাব = সদ্ভাব
বাক্ + যন্ত্র = বাগ্যন্ত্র	দিক্ + হস্তী = দিগ্হস্তী
ষট্ + যন্ত্র = ষড়যন্ত্র	উৎ + যত = উদ্যত
ষট + রস = ষড়রস	বৃহৎ + রথ = বৃহদ্রথ
উৎ + যাপন = উদ্যাপন	উৎ + যম = উদ্যম
উৎ + যোগ = উদ্যোগ	তৎ + রূপ = তদ্রূপ
অলম্ + কার = অলংকার	সম্ + খ্যা = সংখ্যা
অহম্ + কার = অহংকার	কিম্ + কর = কিংকর
সম্ + পদ = সম্পদ	সম্ + বন্ধ = সম্বন্ধ
সম্ + মতি = সম্মতি	সম্ + বোধন = সম্বোধন

Academic to Admission all types of pdf collection

সম্ + জ্বল = সজ্জ্বল	সম্ + মিলন = সম্মিলন
সম্ + যম = সংযম	সম্ + রক্ষণ = সংরক্ষণ
সম্ + যোগ = সংযোগ	সম্ + যত = সংযত
সম্ + রাগ = সংরাগ	সম্ + যুক্ত = সংযুক্ত
সম্ + লগ্ন = সংলগ্ন	কিম্ + বদন্তি = কিংবদন্তি
সম্ + লাপ = সংলাপ	বশম্ + বদ = বশংবদ
সম্ + শ্লেষ = সংশ্লেষ	সর্বম্ + সহা = সর্বংসহা
সম্ + সার = সংসার	সম্ + হার = সংহার
সম্ + হতি = সংহতি	সম্ + হত = সংহত
ষষ্ + থ = ষষ্ঠ	রাজ্ + নী = রাজ্ঞী
যজ্ + ন = যজ্ঞ	লভ্ + ত্ = লব্ধ
দুহ্ + ত্ = দুগ্ধ	বিমুহ্ + ত্ = বিমুগ্ধ

নিপাতনে সিদ্ধ সন্ধি

☞ **নিপাতনে সিদ্ধ সংস্কৃত ব্যঞ্জনসন্ধি :**

আ + চর্য = আশ্চর্য	প্রায় + চিত্ত = প্রায়শ্চিত্ত
আ + পদ = আস্পদ	বন্ + পতি = বনস্পতি
এক + দশ = একাদশ	বাক্ + ঈশ্বরী = বাগেশ্বরী
গো + পদ = গোষ্পদ	বিশ্ব + মিত্র = বিশ্বামিত্র
তদ্ + কর = তস্কর	বৃহৎ + পতি = বৃহস্পতি
পতৎ + অঞ্জলি = পতঞ্জলি	মার্ত + অণ্ড = মার্তণ্ড
পর + পর = পরস্পর	ষট্ + দশ = ষোড়শ
পশ্চাৎ + অর্ধ = পশ্চার্ধ	হরি + চন্দ্র = হরিশ্চন্দ্র
দিব্ + লোক = দ্যুলোক	মনস + ঈষা = মনীষা

বিশেষ নিয়মে সাধিত সন্ধি

☞ **বিশেষ নিয়মে সাধিত ব্যঞ্জনসন্ধির দৃষ্টান্ত :**

উৎ + স্থান = উত্থান	উৎ + স্থাপন = উত্থাপন
পরি + কৃত = পরিষ্কৃত	সম্ + কৃত = সংস্কৃত
সম্ + কৃতি = সংস্কৃতি	পরি + কার = পরিষ্কার
সম্ + কার = সংস্কার	

☞ **বিশেষ নিয়মে সাধিত ব্যঞ্জনসন্ধি মনে রাখার কৌশল :**
সংসদে অপ সংস্কৃতির উত্থান ঠেকাতে সংস্কৃত ভাষার সংস্কার আইন পরিষ্কার ভাবে উত্থাপন করা হয়েছে।

বিসর্গ সন্ধি

☞ **বিসর্গ সন্ধির গুরুত্বপূর্ণ উদাহরণ :**

অধঃ + গতি = অধোগতি	মনঃ + জগৎ = মনোজগৎ
অধঃ + গামী = অধোগামী	সদ্যঃ + জাত = সদ্যোজাত
পুরঃ + গামী = পুরোগামী	অধঃ + গমন = অধোগমন
মনঃ + গত = মনোগত	বয়ঃ + জ্যেষ্ঠ = বয়োজ্যেষ্ঠ
মনঃ + গামী = মনোগামী	মনঃ + জ = মনোজ
সরঃ + জ = সরোজ	মনঃ + দীপ = মনোদীপ
ত্রয়ঃ + দশ = ত্রয়োদশ	শিরঃ + দেশ = শিরোদেশ
মনঃ + লীন = মনোলীন	যশঃ + লিপ্সা = যশোলিপ্সা
যশঃ + লাভ = যশোলাভ	শ্রেয়ঃ + লাভ = শ্রেয়োলাভ
নিঃ + রোগ = নীরোগ	নিঃ + রন্ধ্র = নীরন্ধ্র
নিঃ + রস = নীরস	নিঃ + রক্ত = নীরক্ত
নিঃ + রব = নীরব	চক্ষু + রোগ = চক্ষূরোগ
অন্তঃ + অঙ্গ = অন্তরঙ্গ	পুনঃ + অধিকার = পুনরধিকার
অহঃ + অহ = অহরহ	অন্তঃ + আলোক = অন্তরালোক
পুনঃ + অপি = পুনরপি	পুনঃ + আবৃত্তি = পুনরাবৃত্তি

অন্তঃ + আত্মা = অন্তরাত্মা	পুনঃ + আগমন = পুনরাগমন
অন্তঃ + ইত = অন্তরিত	অন্তঃ + ইন্দ্রিয় = অন্তরিন্দ্রিয়
পুনঃ + আগত = পুনরাগত	পুনঃ + উৎপত্তি = পুনরুৎপত্তি
প্রাতঃ + আশ = প্রাতরাশ	পুনঃ + উদ্ভব = পুনরুদ্ভব
পুরঃ + উক্ত = পুনরুক্ত	পুনঃ + উদ্ধার = পুনরুদ্ধার
অন্তঃ + দ্বীপ = অন্তরীপ	প্রাতঃ + উত্থান = প্রাতরুত্থান
নিঃ + অপরাধ = নিরপরাধ	নিঃ + অবচ্ছিন্ন = নিরবচ্ছিন্ন
নিঃ + উপমা = নিরুপমা	নিঃ + উদ্বিগ্ন = নিরুদ্বিগ্ন
নিঃ + উচ্চার্য = নিরুচ্চার্য	নিঃ + উপায় = নিরুপায়
দুঃ + অদৃষ্ট = দুরদৃষ্ট	দুঃ + অধিগম্য = দুরধিগম্য
দুঃ + অবস্থা = দুরবস্থা	দুঃ + আকাঙ্ক্ষা = দুরাকাঙ্ক্ষা
দুঃ + জন = দুর্জন	পুনঃ + জন্ম = পুনর্জন্ম
দুঃ + জ্ঞেয় = দুর্জ্ঞেয়	বহিঃ + জগৎ = বহির্জগৎ
চতুঃ + দিক = চতুর্দিক	দুঃ + দান্ত = দুর্দান্ত
দুঃ + দশা = দুর্দশা	নিঃ + দোষ = নির্দোষ
নিঃ + দ্বন্দ্ব = নির্দ্বন্দ্ব	নিঃ + দিষ্ট = নির্দিষ্ট
দুঃ + দম = দুর্দম	বহিঃ + দ্বার = বহির্দ্বার
চতুঃ + ধা = চতুর্ধা	নিঃ + ধারণ = নির্ধারণ
অহঃ + নিশ = অহর্নিশ	অন্তঃ + নিহিত = অন্তর্নিহিত
দুঃ + নীতি = দুর্নীতি	দুঃ + নাম = দুর্নাম
দুঃ + নিবার = দুর্নিবার	নিঃ + নয় = নির্ণয়
অন্তঃ + বর্তী = অন্তর্বর্তী	নিঃ + বিকল্প = নির্বিকল্প
নিঃ + ভীক = নির্ভীক	প্রাতঃ + ভ্রমণ = প্রাতর্ভ্রমণ
প্রাদুঃ + ভাব = প্রাদুর্ভাব	আবিঃ + ভাব = আবির্ভাব
দুঃ + যোগ = দুর্যোগ	নিঃ + লিপ্ত = নির্লিপ্ত
নিঃ + যাস = নির্যাস	নিঃ + লজ্জ = নির্লজ্জ
দুঃ + লক্ষণ = দুর্লক্ষণ	অন্তঃ + হিত = অন্তর্হিত
দুঃ + লভ = দুর্লভ	অন্তঃ + লীন = অন্তর্লীন
নভঃ + চর = নভশ্চর	নিঃ + চেতন = নিশ্চেতন
নিঃ + চয়= নিশ্চয়	নিঃ + চেষ্ট = নিশ্চেষ্ট
নিঃ + চল = নিশ্চল	দুঃ + চরিত্র = দুশ্চরিত্র
নিঃ + চিন্ত = নিশ্চিন্ত	দুঃ + চিন্তা = দুশ্চিন্তা
নিঃ + চিহ্ন = নিশ্চিহ্ন	মনঃ + চক্ষু = মনশ্চক্ষু
নিঃ + চুপ = নিশ্চুপ	শিরঃ + চুম্বন = শিরশ্চুম্বন
নিঃ + ছিদ্র = নিশ্ছিদ্র	শিরঃ + ছেদ = শিরশ্ছেদ
দুঃ + ছেদ্য = দুশ্ছেদ্য	সদ্যঃ + ছিন্ন = সদ্যশ্ছিন্ন
ধনুঃ + টঙ্কার = ধনুষ্টংকার	চতুঃ + টয় = চতুষ্টয়
আবিঃ + কার = আবিষ্কার	নিঃ + কৃতি = নিষ্কৃতি
নিঃ + কর = নিষ্কর	পরিঃ + কার = পরিষ্কার
নিঃ + করুণ = নিষ্করুণ	বহিঃ + কার = বহিষ্কার
নিঃ + কলঙ্ক = নিষ্কলঙ্ক	বহিঃ + কৃত = বহিষ্কৃত
নিঃ + প্রদীপ = নিষ্প্রদীপ	নিঃ + পত্র = নিষ্পত্র
আয়ুঃ + কাল = আয়ুষ্কাল	দুঃ + কর্ম = দুষ্কর্ম
নিঃ + পেষণ = নিষ্পেষণ	চতুঃ + পদ = চতুষ্পদ
ইতঃ + তত = ইতস্তত	মনঃ + তত্ত্ব = মনস্তত্ত্ব
নিঃ + তার = নিস্তার	মনঃ + তাপ = মনস্তাপ
নিঃ + তেজ = নিস্তেজ	মনঃ + তুষ্টি = মনস্তুষ্টি
দুঃ + তর = দুস্তর	শিরঃ + ত্রাণ = শিরস্ত্রাণ
অয়ঃ + কঠিন = অয়স্কঠিন	পুরঃ + কার = পুরস্কার
তিরঃ + কার = তিরস্কার	মনঃ + কামনা = মনস্কামনা
তেজঃ + ক্রিয় = তেজস্ক্রিয়	শ্রেয়ঃ + কর = শ্রেয়স্কর
নমঃ + কার = নমস্কার	ভাঃ + কর = ভাস্কর

Academic & Admission all types of pdf collection

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

বাচঃ + পতি = বাচস্পতি	অন্তঃ + করণ = অন্তঃকরণ
অধঃ + ক্রম = অধঃক্রম	অন্তঃ + ক্রীড়া = অন্তঃক্রীড়া
অন্তঃ + কোণ = অন্তঃকোণ	নিঃ + শত্রু = নিঃশত্রু
অন্তঃ + শত্রু = অন্তঃশত্রু	নিঃ + শব্দ = নিঃশব্দ
চক্ষুঃ + শূল = চক্ষুঃশূল	নিঃ + শেষ = নিঃশেষ
দুঃ + শাসন = দুঃশাসন	বহিঃ + শত্রু = বহিঃশত্রু
নিঃ + শঙ্ক = নিঃশঙ্ক	নিঃ + সন্দেহ = নিঃসন্দেহ
অন্তঃ + সংগতি = অন্তঃসংগতি	নিঃ + সহায় = নিঃসহায়
অন্তঃ + সলিলা = অন্তঃসলিলা	প্রাতঃ + স্মরণীয় = প্রাতঃস্মরণীয়
অন্তঃ + সার = অন্তঃসার	বহিঃ + সমুদ্র = বহিঃসমুদ্র
দুঃ + সংবাদ = দুঃসংবাদ	স্বতঃ + সিদ্ধ = স্বতঃসিদ্ধ
নিঃ + সংশয় = নিঃসংশয়	মনঃ + সংযোগ = মনঃসংযোগ
দুঃ + স্বপ্ন = দুঃস্বপ্ন	

কয়েকটি বিশেষ বিসর্গ সন্ধির উদাহরণ :

বাচঃ + পতি = বাচস্পতি	ভাঃ + কর = ভাস্কর
অহঃ + নিশা = অহর্নিশ	অহঃ + অহ = অহরহ

ছন্দে ছন্দে বিশেষ বিসর্গ সন্ধি :

বাচস্পতি বাবুর স্নেহের আস্পদ হরিশ্চন্দ্রও অহরহ গুরুকে প্রণাম করে ভাস্করে (সূর্য) অহর্নিশ।

Part 2 GST গুচ্ছ/গুচ্ছভুক্ত বিশ্ববিদ্যালয়ের বিগত বছরের প্রশ্নোত্তর

'ভাস্কর' শব্দটির সন্ধিবিচ্ছেদ কোনটি? [NSTU-B : 19-20]
Ⓐ ভাস্ + কর Ⓑ ভা + কর Ⓒ ভাঃ + কর Ⓓ ভাৎ + কর

Ⓒ **Solve** অঘোষ অল্পপ্রাণ ও অঘোষ মহাপ্রাণ কণ্ঠ্য কিংবা ওষ্ঠ্য ব্যঞ্জন (ক, খ, প, ফ) পরে থাকলে অ বা আ ধ্বনির পরস্থিত বিসর্গ স্থলে অঘোষ দন্ত্য শিশ্ ধ্বনি (স্) হয় এবং অ বা আ ব্যতীত অন্য স্বরধ্বনির পরস্থিত বিসর্গ স্থলে অঘোষ মূর্ধন্য শিশ্ (ষ) হয়। যেমন : নমঃ + কার = নমস্কার, দুঃ + কর = দুষ্কর, ভাঃ + কর = ভাস্কর, পদঃ + খলন = পদস্খলন।

Part 3 গুরুত্বপূর্ণ MCQ প্রশ্নোত্তর

প্রকৃত বাংলা ব্যঞ্জনসন্ধি কোন নিয়মে হয়ে থাকে?
Ⓐ সমীভবনের Ⓑ বিষমীভবনের Ⓒ অভিশ্রুতির Ⓓ বিপ্রকর্ষের **Ans Ⓐ**

বিসর্গ সন্ধি কয় প্রকার?
Ⓐ তিন Ⓑ চার Ⓒ দুই Ⓓ পাঁচ **Ans Ⓒ**

নিচের কোনটি নিপাতনে সিদ্ধ সন্ধি?
Ⓐ মার্তণ্ড Ⓑ ভাবুক Ⓒ তন্বী Ⓓ অন্বেষণ **Ans Ⓐ**

নিচের কোনটি স্বরসন্ধির উদাহরণ?
Ⓐ কুড়িক Ⓑ উচ্ছেদ Ⓒ তৎকাল Ⓓ দুষ্কর **Ans Ⓐ**

সন্ধিতে 'র' এবং 'স' এর সংক্ষিপ্ত রূপ কোনটি?
Ⓐ ; Ⓑ ঃ Ⓒ ˚ Ⓓ হ **Ans Ⓑ**

কোনটির নিয়মানুসারে সন্ধি হয় না?
Ⓐ গায়ক Ⓑ আশ্চর্য Ⓒ পশ্বধম Ⓓ নদ্যম্বু **Ans Ⓑ**

'জগজ্জীবন' শব্দটি সন্ধির কোন নিয়মানুসারে হয়েছে?
Ⓐ ত + ঝ Ⓑ ত + জ Ⓒ দ + ঝ Ⓓ দ + জ **Ans Ⓑ**

'প্রৌঢ়' শব্দটির যথাযথ সন্ধিবিচ্ছেদ হলো–
Ⓐ প্র + ঊঢ় Ⓑ প্রো + ঊঢ় Ⓒ প্র + ওঢ় Ⓓ প্রো + ঔঢ় **Ans Ⓐ**

নিপাতনে সিদ্ধ হয়ে সন্ধিবদ্ধ হয়েছে কোনটি?
Ⓐ মৃন্ময় Ⓑ বৃহস্পতি Ⓒ বৃহদর্থ Ⓓ আদ্যন্ত **Ans Ⓑ**

'উচ্ছিষ্ট' শব্দের সন্ধিসাধিত রূপ কোনটি?
Ⓐ উদ্ + শিষ্ট Ⓑ উদগ + ছিষ্ট Ⓒ উদ্ + ষ্ট Ⓓ উদ্ + ইষ্ট **Ans Ⓐ**

বাংলা ২য় পত্র
অধ্যায়-১৪

ণ-ত্ব ও ষ-ত্ব বিধান

Part 1 গুরুত্বপূর্ণ তথ্যাবলি

ণ-ত্ব বিধান : তৎসম শব্দের বানানে 'ণ' এর যথাযথ ব্যবহারের নিয়মকে ণ-ত্ব বিধান বলে।

ণ-ত্ব বিধানের নিয়মাবলি

- **ট-বর্গীয় বর্ণের আগে যুক্ত ব্যঞ্জনে তৎসম শব্দের বানানে 'ণ' বসে।** যেমন :
  ণ্ + ট = ণ্ট : কণ্টক, ঘণ্টা, নির্ঘণ্ট ইত্যাদি।
  ণ্ + ঠ = ণ্ঠ : অবগুণ্ঠন, আকণ্ঠ, ময়ূরকণ্ঠী, লুণ্ঠন ইত্যাদি।
  ণ্ + ড = ণ্ড : গণ্ডমূর্খ, বাগবিতণ্ডা, কূপমণ্ডূক, পাষণ্ড, শ্মশ্রুমণ্ডিত।
- **তৎসম শব্দে 'র' এর পরে 'ণ' বসে।** যেমন : অরণ্য, করুণ, পুরাণ, বরণ, ধারণ, ধারণা, ব্যাকরণ ইত্যাদি।
- **তৎসম শব্দে রেফ (́) এর পরে 'ণ' বসে।** যেমন : আকীর্ণ, ঘূর্ণন, দীর্ণ।
  লক্ষণীয় : সাধিত শব্দে এর ব্যতিক্রম দেখা যায়। যেমন : দুর্নাম, অহর্নিশ, দুর্নিবার, দুর্নীতি।
- **তৎসম শব্দে 'ঋ' এবং মূর্ধন্য-ষ এর পরে 'ণ' বসে।** যেমন : ঋণ, তৃণ, মৃণাল, মসৃণ, ঘৃণা, আকর্ষণ, বিভীষণ, পোষণ, দূষণ, ভূষণ, বিষণ্ণ।

স্বভাবতই 'ণ' বসে এমন কয়েকটি শব্দ : (ছড়াকারে)

চাণক্য মাণিক্য গণ বাণিজ্য লবণ মণ
বেণু বীণা কঙ্কণ কণিকা।
কল্যাণ শোণিত মণি স্থাণু গুণ পুণ্য বেণী
ফণী অণু বিপণি গণিকা।
আপণ লাবণ্য বাণী নিপুণ ভণিতা পাণি
গৌণ কোণ ভাণ পণ শাণ।
চিক্কণ নিক্বণ তূণ কফণি (কনুই) বণিক গুণ
গণনা পিণাক পণ্য বাণ।

বিশেষ তালিকা : গণেশ, আণবিক, নগণ্য, শণ, ঘুণ, জীবাণু (স্বভাবতই 'ণ')।

ষ-ত্ব বিধান সম্পর্কিত গুরুত্বপূর্ণ তথ্যাবলি

ষ-ত্ব বিধান : তৎসম শব্দের বানানে মূর্ধন্য 'ষ'-এর ব্যবহারের নিয়মকে ষ-ত্ব বিধান বলে।

ষ-ত্ব বিধানের নিয়মাবলি

- **ঋ কিংবা ঋ-কারের পর মূর্ধন্য ষ :** তৎসম শব্দে ঋ কিংবা ঋ-কারের পর বানানে মূর্ধন্য ষ হয়। যেমন : ঋষভ, কৃষক, কৃষাণ, কৃষি, ঋষি, কৃষ্ণ, কৃষ্ণা, তৃষ্ণা, তৃষা, বর্ষা।
  ব্যতিক্রম : 'কৃশ্' ধাতু থেকে জাত কৃশ, কৃশনা, কৃশকায় ইত্যাদি।
- **ই-কার এবং উ-কারের পর মূর্ধন্য ষ :** সন্ধিবদ্ধ, সমাসবদ্ধ কিংবা উপসর্গজাত শব্দের পরপদে কখনো দন্ত্য স এবং কখনো মূর্ধন্য ষ হয়। যেমন : অসহ কিন্তু বিষহ। এ ক্ষেত্রে একটি সরল সূত্র রয়েছে। সূত্রটি হচ্ছে : অ-স্বর এবং আ-স্বরের পর দন্ত্য স হয় এবং ই-স্বর (ই/ঈ) এবং উ-স্বর (উ/ঊ) -এর পর মূর্ধন্য ষ হয়।
- **ই স্বর এবং উ-স্বরের পর ইচ্ছা অর্থে-** সন্ প্রত্যয়ের দন্ত্য স্ পরিবর্তিত হয়ে মূর্ধন্য ষ হয়। যেমন : জিগীষা, জিজীবিষা, মুমূর্ষু, শুশ্রূষা, চিকীর্ষা, জিগীষু, জিজীবিষু।
- **ট-বর্গের সঙ্গে যুক্ত ব্যঞ্জন আকারে তৎসম শব্দে 'ষ' প্রযুক্ত হয়।** যেমন : শিষ্টাচার, অনাসৃষ্টি, অন্ত্যেষ্টি, নিকৃষ্ট, ব্যষ্টি, সমষ্টি, পরিশিষ্ট, আদিষ্ট।
- **সম্ভাষণসূচক শব্দে এ-কারের পর মূর্ধন্য ষ হয়।** যেমন : কল্যাণীয়েষু, প্রীতিভাজনেষু, শ্রদ্ধাভাজনেষু, শ্রীচরণেষু, প্রিয়বরেষু, সুজনেষু, বন্ধুবরেষু, সুহৃদবরেষু, শ্রদ্ধাস্পদেষু, স্নেহাস্পদেষু।

লক্ষণীয় : সম্ভাষণসূচক স্ত্রীবাচক শব্দে আ-কারের পর দন্ত্য স হয়। যেমন : কল্যাণীয়াসু, সুচরিতাসু, পূজনীয়াসু, মাননীয়াসু, সুপ্রিয়াসু, সুজনীয়াসু।

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

'ই', 'উ'-কারান্ত উপসর্গের পরে তৎসম শব্দের বানানে 'ষ' বসে। যেমন :

অভি	অভিষঙ্গ, অভিষেক, অভিষিক্ত।
নি	নিষঙ্গ, নিষাদী, নিষিক্ত, নিষিদ্ধ, নিষুপ্ত, নিষেধ।
পরি	পরিষদ, পরিষদীয়, পরিষ্কার, পরিষ্কৃত।
প্রতি	প্রতিষেধক।
বি	বিষণ্ণ, বিষম, বিষহ, দুর্বিষহ, বিষয়, বিষাদ।
অনু	অনুষঙ্গ।
সু	সুষম, সুষুপ্ত।

Part 2 GST গুচ্ছ/গুচ্ছভুক্ত বিশ্ববিদ্যালয়ের বিগত বছরের প্রশ্নোত্তর

01. 'দুর্নীতি', 'দুর্নাম' ও 'দুর্নিবার' শব্দগুলোতে ণ-ত্ব বিধান প্রযোজ্য নয় কেন? [GST-A : 21-22]

Ⓐ দেশি শব্দ Ⓑ তৎসম শব্দ
Ⓒ বিদেশি শব্দ Ⓓ সমাসবদ্ধ শব্দ

Ⓓ **Solve** সমাসবদ্ধ শব্দে সাধারণত ণ-ত্ব বিধান খাটে না। এরূপ ক্ষেত্রে ন হয়। যেমন : দুর্নীতি, দুর্নাম, দুর্নিবার।

02. কোন বর্ণের দ্যোতিত ধ্বনি শব্দের আদি, মধ্য ও অন্ত তিন জায়গাতেই ব্যবহৃত হয়? [CoU-A : 19-20]

Ⓐ ন Ⓑ ণ Ⓒ ঙ Ⓓ ঞ

Ⓐ **Solve** 'ন' বর্ণের দ্যোতিত ধ্বনি শব্দের আদি, মধ্য ও অন্ত তিন জায়গাতেই ব্যবহৃত হয়। যেমন : নচিকেতা, মানুষ এবং নন্দন।

03. স্বভাবতই 'ণ' ব্যবহৃত হয়েছে কোন শব্দে? [BU-A : 19-20]

Ⓐ নিপুণ Ⓑ হরিণ
Ⓒ শ্রাবণ Ⓓ ঘণ্টা **Ans Ⓐ**

Part 3 গুরুত্বপূর্ণ MCQ প্রশ্নোত্তর

01. কোন দুটি উপসর্গের পর কতকগুলো ধাতুতে 'ষ' হয়?

Ⓐ অ-কারান্ত ও আ-কারান্ত Ⓑ ই-কারান্ত ও উ -কারান্ত
Ⓒ এ-কারান্ত ও ঐ-কারান্ত Ⓓ ও-কারান্ত ও ঐ-কারান্ত **Ans Ⓑ**

02. 'তৎসম' শব্দে 'ঋ, র' এর পরে কোনটি বসবে?

Ⓐ স Ⓑ ষ
Ⓒ ণ Ⓓ য় **Ans Ⓒ**

03. বিদেশি এবং খাঁটি বাংলা শব্দের বানানে সর্বদাই–

Ⓐ ণ হয় Ⓑ ন হয়
Ⓒ মাঝে মাঝে ণ হয় Ⓓ ণ ও ন উভয়ই হয় **Ans Ⓑ**

04. কোন ক্ষেত্রে ণ-ত্ব বিধানের নিয়ম ঠিক থাকে না?

Ⓐ দুটি বর্ণের মিলনে সন্ধি হলে Ⓑ কারক নির্ণয়ে
Ⓒ সমাসবদ্ধ দু পদের পার্থক্য থাকলে Ⓓ শব্দের বানানে **Ans Ⓒ**

05. স্বভাবতই 'ণ' ব্যবহার হয়েছে নিচের কোনটিতে?

Ⓐ তৃণ Ⓑ মরণ Ⓒ কাণ্ড Ⓓ ভাণ **Ans Ⓓ**

06. নিচের কোন শব্দে স্বভাবতই 'ণ' রক্ষিত হয়েছে?

Ⓐ ব্রাহ্মণ Ⓑ শাণ
Ⓒ হরিণ Ⓓ বর্ণ **Ans Ⓑ**

07. নিচের কোন শব্দটি স্বভাবতই ষ-ত্ব বিধি অনুসারে শুদ্ধ?

Ⓐ কোষ Ⓑ বর্ষা Ⓒ সুষমা Ⓓ মুমূর্ষু **Ans Ⓐ**

08. কোন শব্দে স্বভাবতই ষ হয়?

Ⓐ বাম Ⓑ পৌষ Ⓒ সুমনা Ⓓ ষষ্ঠী **Ans Ⓑ**

09. ণ-ত্ব বিধি অনুসারে কোন বানানটি শুদ্ধ?

Ⓐ দুর্নীতি Ⓑ দুর্ণাম Ⓒ গননা Ⓓ আপোশ **Ans Ⓐ**

10. ণ-ত্ব বিধান অনুযায়ী কোনটি অশুদ্ধ?

Ⓐ দুর্ণীতি Ⓑ দারুণ Ⓒ মূল্যায়ন Ⓓ বর্ণ **Ans Ⓐ**

বাংলা ২য় পত্র
অধ্যায়-১৫

প্রকৃতি ও প্রত্যয়

Part 1 গুরুত্বপূর্ণ তথ্যাবলি

প্রকৃতি : শব্দ বা ধাতু বা পদের মূল অংশকে প্রকৃতি বলে। 'প্রকৃতি' কথাটির অর্থ 'মূল' অর্থাৎ ক্রিয়ামূল ও শব্দমূল। যেমন : √চল্ + আ; এখানে 'চল্' হলো প্রকৃতি বা ধাতু। আর প্রত্যয় হলো 'আ'। ক্রিয়া প্রকৃতি বুঝানোর জন্য ধাতু চিহ্ন হিসেবে √ ব্যবহার করতে হয়।

প্রকারভেদ : প্রকৃতি ২ প্রকার। যথা : ১. নাম প্রকৃতি ২. ক্রিয়া প্রকৃতি।

প্রত্যয় সম্পর্কিত গুরুত্বপূর্ণ তথ্যাবলি

প্রত্যয় : শব্দ গঠনের জন্য শব্দ বা নাম প্রকৃতি এবং ক্রিয়া প্রকৃতির পরে যে শব্দাংশ যুক্ত হয়, তাকে প্রত্যয় বলে। যেমন : √ডুব্ + অন্ত = ডুবন্ত, মনু + অ = মানব। এখানে 'অন্ত' এবং 'অ' হলো প্রত্যয়।

প্রকারভেদ : প্রত্যয় ২ প্রকার। যথা : **১. কৃৎ প্রত্যয় ২. তদ্ধিত প্রত্যয়।**

বাংলা কৃৎপ্রত্যয়ের গুরুত্বপূর্ণ তথ্যাবলি

মূল শব্দ	প্রকৃতি ও প্রত্যয়	মূল শব্দ	প্রকৃতি ও প্রত্যয়
মথিত	√মথ্ + ইত	মার	√মার্ + অ
দেওন	√দে + অন	খাওন	√খা + অন
ছাওন	√ছা + অন	পড়া	√পড় + আ
দোলক	√দুল্ + অক	বাঁধনি	√বাঁধ্ + অনি
পাকড়াও	√পাকড় + আও	মোড়ক	√মুড় + অক
চড়াও	√চড় + আও	শুনানি	√শুন্ + আনি
জানানি	√জান্ + আনি	মাতাল	√মাত্ +আল
ডুবুরি	√ডুব্ + উরি	ভাজি	√ভাজ্ + ই
মিশাল	√মিশ্ + আল	মরিয়া	√মর্ + ইয়া
বেড়ি	√বেড় + ই	ডাকু	√ডাক্ + উ
পড়তা	√পড় + তা	বাড়তি	√বাড় + তি
ঘাটতি	√ঘাট্ + তি	ডাক	√ডাক্ + অ
ছাড়	√ছাড় + অ	পাওন	√পা + অন
গাওন	√গা + অন	ঝাড়ন	√ঝাড় + অন
মিশুক	√মিশ্ + উক	বাজনা	√বাজ্ + অনা
মাজন	√মাজ্ + অন	ঢাকনা	√ঢাক্ + অনা
থাকা	√থাক্ + আ	ঘুমন্ত	√ঘুম্ + অন্ত
ফোটা	√ফুট্ + আ	ফুটন্ত	√ফুট্ + অন্ত
বাড়ন্ত	√বাড় + অন্ত	টনক	√টন্ + অক
খোদাই	√খুদ্ + আই	বসা	√বস্ + অ + আ
ভরা	√ভৃ + আ	ঢালাই	√ঢাল্ + আই
মরিয়া	√মর্ + ইয়া	জাগান	√জাগ্ + আন
বাঁধান	√বাঁধ্ + আন	উজান	√উজ্ + আন
ঝাঁকানি	√ঝাঁক্ + আনি	চালান	√চাল্ + আন
লেখক	√লিখ্ + অক	হাঁচি	√হাঁচ্ + ই
হাসি	√হাস্ + ই	গাইয়ে	√গা + ইয়ে
পিছল	√পিছ্ + অল	সাজোয়া	√সাজ্ + উয়া
বাজিয়ে	√বাজ্ + ইয়ে	কাঁদুক	√কাঁদ + উক

Academic to Admission all types of pdf collection

সংস্কৃত কৃৎ প্রত্যয়ের গুরুত্বপূর্ণ উদাহরণ

মূল শব্দ	প্রকৃতি ও প্রত্যয়	মূল শব্দ	প্রকৃতি ও প্রত্যয়
[illegible]	[illegible]	[illegible]	[illegible]

বাংলা তদ্ধিত প্রত্যয়ের গুরুত্বপূর্ণ উদাহরণ

মূল শব্দ	প্রকৃতি ও প্রত্যয়	মূল শব্দ	প্রকৃতি ও প্রত্যয়
[illegible]	[illegible]	[illegible]	[illegible]

সংস্কৃত তদ্ধিত প্রত্যয়ের গুরুত্বপূর্ণ উদাহরণ

মূল শব্দ	প্রকৃতি ও প্রত্যয়	মূল শব্দ	প্রকৃতি ও প্রত্যয়
[illegible]	[illegible]	[illegible]	[illegible]

বিদেশি তদ্ধিত প্রত্যয়ের গুরুত্বপূর্ণ উদাহরণ

মূল শব্দ	প্রকৃতি ও প্রত্যয়	মূল শব্দ	প্রকৃতি ও প্রত্যয়
[illegible]	[illegible] + খানা	দারোগাগিরি	দারোগা + গিরি
[illegible]	[illegible] + গিরি	পাণ্ডাগিরি	পাণ্ডা + গিরি
[illegible]	[illegible] + গিরি	মাঝিগিরি	মাঝি + গিরি
[illegible]	[illegible] + গিরি	মুটেগিরি	মুটে + গিরি
বাবুগিরি	বাবু + গিরি	[illegible]	[illegible]
[illegible]	[illegible] + খানা	মুদিখানা	মুদি + খানা
[illegible]	[illegible] + খানা	ছাপাখানা	ছাপা + খানা
[illegible]	[illegible] + খানা	কসাইখানা	কসাই + খানা
দপ্তরখানা	দপ্তর + খানা	[illegible]	[illegible] + খানা
[illegible]	[illegible]	গালিচা	গালি + চা
[illegible]	[illegible] + চা	বাবুর্চিখানা	বাবুর্চি + খানা
[illegible]	[illegible] + দার	মজাদার	মজা + দার
চৌকিদার	চৌকি + দার	অংশীদার	অংশী + দার
জমিদার	জমি + দার	নীলচে	নীল + চে
সমঝদার	সমঝ + দার	[illegible]	[illegible] + দার

Part 2 GST গুচ্ছ/গুচ্ছভুক্ত বিশ্ববিদ্যালয়ের বিগত বছরের প্রশ্নোত্তর

01. 'উক্তি' শব্দের প্রকৃতি ও প্রত্যয় কোনটি? [GST-A : 21-22]
Ⓐ ইক্ + তি Ⓑ উচ্ + ক্তি Ⓒ বচ্ + ক্তি Ⓓ বচ্ + তি
Ⓒ Solve √বচ্ + তি (ক্তি) = উক্তি (সংস্কৃত কৃৎ-প্রত্যয় সাধিত)।

02. কৃৎপ্রত্যয়যুক্ত শব্দ কোনটি? [GST-A : 20-21]
Ⓐ বাঙালি Ⓑ জেলে Ⓒ বক্তব্য Ⓓ নবীন
Ⓒ Solve 'তব্য' প্রত্যয় : কর্ম ও ভাববাচ্যের ধাতুর পরে 'তব্য' প্রত্যয় যুক্ত হয়। যেমন : √কৃ + তব্য = কর্তব্য, √দা + তব্য = দাতব্য, √পঠ্ + তব্য = পঠিতব্য, √বচ্ + তব্য = বক্তব্য, √দৃশ্ + তব্য = দ্রষ্টব্য, √মৃ + তব্য = মর্তব্য, √জ্ঞা + তব্য = জ্ঞাতব্য, √ভূ + তব্য = ভবিতব্য।

03. কোন ধাতুকে 'ণিজন্ত' ধাতু বলে? [SHUBD-Science : 19-20]
Ⓐ সাধিত ধাতু Ⓑ প্রযোজক ধাতু
Ⓒ সংস্কৃত ধাতু Ⓓ মৌলিক ধাতু **Ans Ⓑ**

04. শব্দের অর্থযুক্ত ক্ষুদ্রাংশকে কী বলা হয়? [SHUBD-Science : 19-20]
Ⓐ রূপ Ⓑ ধ্বনি Ⓒ সন্ধি Ⓓ বর্ণ **Ans Ⓐ**

05. 'কির্' ধাতুটি কী অর্থে বাক্যে ব্যবহৃত হয়? [SHUBD-Science : 19-20]
Ⓐ প্রার্থনা Ⓑ পুনরাগমন Ⓒ ঝুলানো Ⓓ ঠেলা **Ans Ⓑ**

06. 'উক্তি' শব্দটির প্রকৃতি ও প্রত্যয় কোনটি? [NSTU-B : 19-20]
Ⓐ উক্ত + ই Ⓑ উক্ + তি Ⓒ বচ্ + ক্তি Ⓓ মুচ্ + তি
Ⓒ Solve কতিপয় গুরুত্বপূর্ণ প্রকৃতি-প্রত্যয় :

মূল শব্দ	প্রকৃতি ও প্রত্যয়	মূল শব্দ	প্রকৃতি ও প্রত্যয়
হৈমন্ত	হেমন্ত + অ	শাক্ত	শক্তি + অ
স্মার্ত	স্মৃতি + অ	কৌরব	কুরু + অ

07. 'দাপট' শব্দের প্রকৃতি ও প্রত্যয় হবে: [RSTU-C : 19-20]
Ⓐ দাপ + আট Ⓑ দাপা + অট Ⓒ দাপ্ + অট Ⓓ দাপা + আট
Ⓒ Solve কতিপয় গুরুত্বপূর্ণ কৃৎ-প্রত্যয় : √শম্ + তি = শান্তি, √ক্লম্ + তি = ক্লান্তি, √মা + তৃ = মাতা/মাতৃ, √দা + তৃ =দাতৃ/দাতা, √ক্রী + তৃ = ক্রেতা, √বিদ্ + তৃ =বেত্তা, √চন্দ্ + র = চন্দ্র, √রাজ্ + ত্র = রাষ্ট্র, √পত্ + ত্র = পত্র, √প্রচ্ছ্ + ন = প্রশ্ন, √স্বপ্ + ন = স্বপ্ন।

Part 3 গুরুত্বপূর্ণ MCQ প্রশ্নোত্তর

01. 'চোর' শব্দে 'আ' প্রত্যয় যুক্ত করলে কী অর্থ প্রকাশ করে?
Ⓐ সামান্য Ⓑ সাদৃশ্য Ⓒ অবজ্ঞা Ⓓ মিঠাই **Ans Ⓒ**

02. কৃদন্ত বিশেষণ গঠনে কৃৎপ্রত্যয় কোনটি?
Ⓐ ভোজ্য Ⓑ চলিষ্ণু Ⓒ আত্মঘাতী Ⓓ শ্রমী **Ans Ⓑ**

03. কোনটি নিপাতনে সিদ্ধ প্রত্যয়যুক্ত শব্দ?
Ⓐ শৈব Ⓑ সৌর Ⓒ দৈব Ⓓ চৈত্র **Ans Ⓑ**

04. কোনটি তদ্ধিত প্রত্যয় সাধিত শব্দ নয়?
Ⓐ ভাবুক Ⓑ পঙ্কিল Ⓒ গরিব Ⓓ বৈজ্ঞানিক **Ans Ⓒ**

05. ভাববাচক বিশেষ্য পদ গঠনে ধাতুর পরে কোন প্রত্যয় যুক্ত হয়?
Ⓐ আন Ⓑ আল Ⓒ আও Ⓓ আই **Ans Ⓓ**

06. নিচের কোনটি বাংলা কৃৎপ্রত্যয়?
Ⓐ দর্শন Ⓑ প্রকৃতি Ⓒ জিত Ⓓ জাত **Ans Ⓒ**

07. কোন প্রত্যয়যুক্ত পদে মূর্ধন্য 'ষ' হয় না?
Ⓐ ষ্ণিক Ⓑ ষ্ণেয় Ⓒ সাৎ Ⓓ সা **Ans Ⓒ**

08. বিদেশি তদ্ধিত প্রত্যয়যোগে গঠিত শব্দ কোনটি?
Ⓐ মেধাবী Ⓑ নীলিমা Ⓒ গিন্নিপনা Ⓓ মেঘলা **Ans Ⓒ**

09. প্রত্যয় ও বিভক্তিহীন নামপদকে কী বলে?
Ⓐ ধাতু Ⓑ প্রতিনাম Ⓒ প্রাতিপদিক Ⓓ কৃদন্ত **Ans Ⓒ**

বাংলা ২য় পত্র অধ্যায়-১৬

শব্দের শ্রেণিবিভাগ

Part 1 গুরুত্বপূর্ণ তথ্যাবলি

গঠনগত শ্রেণিবিভাগ

গঠনগত শ্রেণিবিভাগ : গঠনগত দিক থেকে শব্দ দুই প্রকার। যথা : ক. মৌলিক শব্দ খ. সাধিত শব্দ।

■ **মৌলিক শব্দ :** যেসব শব্দ বিশ্লেষণ করা যায় না বা ভেঙে আলাদা করা যায় না, সেগুলোকে মৌলিক শব্দ বলে। মৌলিক শব্দগুলোই হচ্ছে ভাষার মূল উপকরণ। যেমন : গোলাপ, নাক, লাল, তিন।

■ **সাধিত শব্দ :** যেসব শব্দকে বিশ্লেষণ করা হলে আলাদা অর্থবোধক শব্দ পাওয়া যায়, সেগুলোকে সাধিত শব্দ বলে। সাধারণত একাধিক শব্দের সমাস হয়ে কিংবা প্রত্যয় বা উপসর্গ যোগে সাধিত শব্দ গঠিত হয়। যেমন : চাঁদমুখ (চাঁদের মতো মুখ), ডুবুরি (ডুব + উরি)।

অর্থগত শ্রেণিবিভাগ

অর্থগত শ্রেণিবিভাগ : অর্থগতভাবে শব্দসমূহ তিন ভাগে বিভক্ত।

■ **যৌগিক শব্দ :** যে সকল শব্দের ব্যুৎপত্তিগত অর্থ ও ব্যবহারিক অর্থ একই রকম, সেগুলোকে যৌগিক শব্দ বলে। যেমন :
মিতালি = মিতা + আলি – অর্থ : মিতার ভাব বা বন্ধুত্ব।
গায়ক = গৈ + ণক (অক) – অর্থ : গান করে যে।
কর্তব্য = √কৃ + তব্য – অর্থ : যা করা উচিত।
বাবুয়ানা = বাবু + আনা – অর্থ : বাবুর ভাব।
পাঠক = √পঠ্ + অক (<ণক) – অর্থ : পাঠ করে যে।

■ **রূঢ়ি শব্দ :** যে শব্দ প্রত্যয় বা উপসর্গযোগে মূল শব্দের অর্থের অনুগামী না হয়ে অন্য কোনো বিশিষ্ট অর্থ জ্ঞাপন করে, তাকে রূঢ়ি শব্দ বলে। যেমন : হস্তী = হস্ত + ইন, অর্থ– হস্ত আছে যার, কিন্তু হস্তী বলতে একটি পশুকে বোঝায়। গবেষণা (গো + এষণা) অর্থ– গরু খোঁজা। বর্তমান অর্থ ব্যাপক অধ্যয়ন ও পর্যালোচনা।

এরকম আরো কয়েকটি উদাহরণ :
১. **বাঁশি–** বাঁশ দিয়ে তৈরি যে কোনো বস্তু নয়, শব্দটি সুরের বিশেষ বাদ্যযন্ত্র, বিশেষ অর্থে প্রযুক্ত হয়।
২. **তৈল–** শুধু তিলজাত স্নেহ পদার্থ নয়, শব্দটি যে কোনো উদ্ভিজ্জ পদার্থজাত স্নেহ পদার্থকে বোঝায়। যেমন : বাদাম-তেল।
৩. **প্রবীণ–** শব্দটির অর্থ হওয়া উচিত প্রকৃষ্ট রূপে বীণা বাজাতে পারেন যিনি। কিন্তু শব্দটি 'অভিজ্ঞতাসম্পন্ন বয়স্ক ব্যক্তি' অর্থে ব্যবহৃত হয়।
৪. **সন্দেশ–** শব্দ প্রত্যয়গত অর্থ 'সংবাদ'। কিন্তু রূঢ়ি অর্থে 'মিষ্টান্ন বিশেষ'।
৫. **কুশল–** (কুশ + √লা + অ) শব্দটির প্রকৃতি-প্রত্যয়জাত অর্থ 'যজ্ঞের জন্য কুশ আহরণ করে যে'। কিন্তু লোকপ্রচলিত অর্থ নিপুণ, দক্ষ বা মঙ্গল।
৬. **অতিথি–** ব্যুৎপত্তিগত অর্থ 'যার তিথি নেই'। কিন্তু প্রচলিত অর্থ মেহমান।

■ **যোগরূঢ় শব্দ :** সমাসনিষ্পন্ন যে সকল শব্দ সম্পূর্ণভাবে সমস্যমান পদসমূহের অনুগামী না হয়ে কোনো বিশিষ্ট অর্থ গ্রহণ করে, তাদের যোগরূঢ় শব্দ বলে। যেমন:
১. **পঙ্কজ–** পঙ্কে জন্মে যা (উপপদ তৎপুরুষ সমাস)। শৈবাল, শালুক, পদ্মফুল প্রভৃতি নানাবিধ উদ্ভিদ পঙ্কে জন্মে থাকে। কিন্তু 'পঙ্কজ' শব্দটি কেবল 'পদ্মফুল' অর্থেই ব্যবহৃত হয়।
২. **রাজপুত–** 'রাজার পুত্র' অর্থ পরিত্যাগ করে যোগরূঢ় শব্দ হিসেবে অর্থ হয়েছে 'জাতিবিশেষ'।
৩. **মহাযাত্রা–** মহাসমারোহে যাত্রা অর্থ পরিত্যাগ করে যোগরূঢ় শব্দ হিসেবে 'মহাযাত্রা' শব্দটি কেবল 'মৃত্যু' অর্থে ব্যবহৃত হয়েছে।
৪. **জলধি–** 'জল ধারণ করে এমন' অর্থ পরিত্যাগ করে কেবল 'সমুদ্র' অর্থেই ব্যবহৃত হয়।

Academic to Admission all types e-book collection

শব্দের উৎসমূলক শ্রেণিবিভাগ

শব্দের উৎসমূলক শ্রেণিবিভাগ : উৎসগতভাবে শব্দ পাঁচ প্রকার। যথা :

- **তৎসম শব্দ :** তৎসম একটি পারিভাষিক শব্দ। যেসব শব্দ সংস্কৃত ভাষা থেকে সোজাসুজি বাংলায় এসেছে সেসব শব্দকে তৎসম শব্দ বলে। যেমন : চন্দ্র, ধর্ম, ভবন, মনুষ্য, সূর্য, পাত্র, নক্ষত্র, পর্বত।
- **অর্ধ-তৎসম শব্দ :** বাংলা ভাষায় কিছু সংস্কৃত শব্দ কিঞ্চিৎ পরিবর্তিত আকারে ব্যবহৃত হয়। এ শব্দগুলোকে অর্ধ-তৎসম শব্দ বলে। যেমন :

তৎসম শব্দ >	অর্ধ-তৎসম শব্দ	তৎসম শব্দ >	অর্ধ-তৎসম শব্দ
সূর্য >	সুরুজ	পুত্র >	পুত্তুর
রাত্রি >	রাত্তির	যত্ন >	যতন

- **তদ্ভব শব্দ :** তদ্ভবকে পারিভাষিক ও খাঁটি বাংলা শব্দও বলা হয়। 'তদ্ভব' এর অর্থ [তৎ (তার) + ভব (উৎপন্ন)] তার থেকে উৎপন্ন অর্থাৎ সংস্কৃত থেকে উৎপন্ন। যেসব শব্দ সংস্কৃত থেকে ভাষার স্বাভাবিক বিবর্তন ধারায় প্রাকৃতের মধ্য দিয়ে পরিবর্তিত হয়ে আধুনিক বাংলা ভাষায় স্থান করে নিয়েছে, সেসব শব্দকে তদ্ভব শব্দ বলে। যেমন : চামার, চোখ, বিয়ে, মাথা, দেওর ইত্যাদি।

তৎসম শব্দ >	প্রাকৃত শব্দ >	তদ্ভব শব্দ
অদ্য >	অজ্জ >	আজ
চন্দ্র >	চন্দ >	চাঁদ
হস্ত >	হত্থ >	হাত
কৃষ্ণ >	কণ্হ >	কানু
কর্ম >	কজ্জ >	কাজ
বধূ >	বহু >	বউ

- **দেশি শব্দ :** বাংলাদেশের আদিম অধিবাসীদের (যেমন : কোল, মুণ্ডা, দ্রাবিড়, অস্ট্রিক প্রভৃতি) ভাষা ও সংস্কৃতির কিছু উপাদান বাংলায় রক্ষিত হয়েছে। এসব শব্দকে দেশি শব্দ নামে অভিহিত করা হয়। যেমন : কুড়ি, পেট, চুলা, কুলা, গঞ্জ, চোঙ্গা, ডাব, ডাগর, ডিঙ্গা, ঢেঁকি, ঢোল, চাউল, ডিঙ্গি, টোপর, চাঙারি, কয়লা, কাঁচা, কামড়, ডাঁসা, পয়লা, খড়, ঝানু, ঝামা, ঝিনুক, ঢেউ, বাঙ্গি, ডাঁটি, ডাহা।
- **বিদেশি শব্দ :** যেসব শব্দ বিদেশি ভাষা থেকে বাংলা ভাষায় প্রবেশ করেছে তাকে বিদেশি শব্দ বলে। যেমন : ইসলাম (আরবি), নামাজ (ফারসি) ইত্যাদি।

বি. দ্র. : নতুন ব্যাকরণ অনুসারে, উৎস বিবেচনায় বাংলা শব্দভান্ডারকে চার শ্রেণিতে বিভক্ত করা যায় : তৎসম, তদ্ভব, দেশি ও বিদেশি।

আরবি শব্দ

আরবি শব্দ : বাংলা ভাষায় ব্যবহৃত আরবি শব্দগুলো প্রধানত দুভাগে বিভক্ত। যথা : ১. ধর্ম সংক্রান্ত শব্দ ২. প্রশাসনিক ও সাংস্কৃতিক শব্দ।

আরবি শব্দের উদাহরণ :

- আল্লাহ, আকবর, আদালত, আলেম, আমলা, আমিন, আলাদা, আসল, আসবাব, আসামি, আমানত।
- ঈমান, ইদ, ইসলাম, ইনকিলাব, ইনসান, ইহুদি।
- উজির, উকিল।
- ওজু, ওজর, ওকালত।
- এজলাস, এলেম।
- কলম, কানুন, কুরআন, কোরবানি, কাফন, কাফের, কালাম, কালিয়া, কেচ্ছা, কৈফিয়ত, কেরামতি, কদম (পা অর্থে), কুদরত, কিতাব, কদর, কেবলা, কসাই, কিয়ামত।
- খবর, খারাপ, খাসি, খারিজ, খাজনা।
- গজল, গরিব, গোসল, গায়েব।
- জাকাত, জেহাদ, জান্নাত, জাহান্নাম, জরিমানা, জল্লাদ, জলসা, জাহাজ, জুলুম।
- তওবা, তালাক, তসবি, তুফান।
- দোয়াত, দৌলত, দুনিয়া, দাখিল, দালাল।
- নবাব, নগদ।
- ফরজ, ফকির।
- বাকি, বকেয়া।
- মশকরা, মশগুল, মুন্সেফ, মোক্তার, মসজিদ, মনিব, মহকুমা, মলম, মসনদ, মুশকিল, মুসাফির, মোল্লা।
- রায়
- লোকসান
- শয়তান
- সিন্দুক
- হারাম, হালাল, হাদিস, হেফাজত।

ফারসি শব্দ

ফারসি শব্দ : বাংলা ভাষায় আগত ফারসি শব্দ তিন ভাগে বিভক্ত। যথা : ১. ধর্ম সংক্রান্ত শব্দ ২. প্রশাসনিক শব্দ/সাংস্কৃতিক শব্দ ৩. বিবিধ শব্দ।

ফারসি শব্দ :
- আমদানি, আইন, আজাদ, আফগান, আবাদ, আয়না, আরাম (সুখ অর্থে), আসমান, আদমি।
- কাগজ, কাবুলি, কারবার, কারখানা, কামিজ, কামান (ধনুক অর্থে)।
- খোদা, খরগোশ, খুশি, খানসামা।
- গরম, গালিচা, গোমস্তা, গোরস্থান, গোলাপ, গুনাহ।
- চশমা, চাকরি, চাদর, চাঁদা (সংগৃহীত অর্থ সংক্রান্ত)।
- জবানবন্দি, জিন্দা, জমি, জর্দা, জানোয়ার, জাম (বড়ো পেয়ালা অর্থে), জামা, জায়গা, জঙ্গি, জামদানি।
- তোশক, তারিখ, তরমুজ।
- দরজা, দফতর, দস্তখত, দৌলত, দোজখ, দরবেশ, দরবার, দোকান, দামামা, দারোয়ান, দেওয়াল, দরজি।
- নালিশ, নার্গিস, নামাজ, নমুনা, নামি, নাশতা।
- পাঞ্জাবি, পেয়াদা, পেশকার, পয়গম্বর।
- ফেরেশতা, ফরমান।
- বালিশ, বেতার, বাদশাহ, বান্দা, বদমাশ, বাগান, বাগিচা, বরফ, বাজার, বাদাম, বিবি, বেগম, বেহেশত।
- মোহর, মাহিনা, মেথর।
- রোজা, রসদ, রফতানি, রোজ, লাল (রঙ অর্থে)।
- শরম।
- সুদ, সফেদ, সেতার।
- হিন্দু, হাজার, হাঙ্গামা।

ইংরেজি শব্দ

ইংরেজি শব্দ : ইউনিভার্সিটি, কলেজ, টিন, নভেল, নোট, ব্যাগ, ফুটবল, মাস্টার, লাইব্রেরি, স্কুল, আফিম (opium), অফিস (office), স্কুল (school), বাক্স (Box), হাসপাতাল (Hospital), কামান (আগ্নেয়াস্ত্র অর্থে), ফুটবল, স্টেশন, সার্কাস, বোতল, ইঞ্জিন, হাইকোর্ট, পেনশন, ট্যাক্সি, ডাক্তার, পাউডার, পেন্সিল, বোনাস, টেনিস, ক্লাস, কোম্পানি, উইল, লেবেল, জাঁদরেল, থিয়েটার, এজেন্ট, কনস্টেবল, ক্লাব, ডজন, ফটো, ফ্যাশন, আরদালি, সিগন্যাল, টেবিল, চেয়ার, নম্বর, টিকিট, বুরুশ, টিফিন, টিপাই, সান্ত্রি, কেরোসিন, ইউনিয়ন, ইউনিক, ফটোগ্রাফ, লণ্ঠন, কাস্টমস, তোরঙ্গ, ডেপুটি ইত্যাদি।

পর্তুগিজ শব্দ

পর্তুগিজ শব্দ : আলমারি, আলপিন, আনারস, বালতি, পাউরুটি, গুদাম, আতা, পাদ্রি, বেহালা, আয়া, মাস্তুল, নিলাম, গরাদ, গির্জা, মিস্ত্রি, ইস্পাত, চাবি, যিশু, কপি (বাঁধা কপি অর্থে), পেঁপে, আলকাতরা, কামরা, বোতাম, পেয়ারা, কেদারা (একজনের বসার উপযোগী উঁচু আসনবিশেষ), পেরেক, তোয়ালে, আচার (তেল মসলা সহযোগে তৈরি টক ঝাল মিষ্টি খাদ্যবস্তু), ইস্তিরি, ফিতা, টোকা (শুকনো পাতা অর্থে), গামলা, সালসা, বোম্বেটে, ইংরেজ, ইংরেজি ইত্যাদি।

ফরাসি, হিন্দি, তুর্কি শব্দ

ফরাসি : ক্যানভাস, ক্যাফে, কুপন, ডিপো, রেস্তোরাঁ, আঁতাত, আতেল।

হিন্দি : পানি, ধোলাই, লাগাতার, সমঝোতা, হালুয়া, কাহিনি, টহল, ডেরা, তাঞ্জাম, ধাপ্পা, ছিটকানি (খিল বা হুড়কো অর্থে), চারা (পশু বা মাছের খাদ্য), নানা (মায়ের বাবা), চিকনাই, খানা (খাদ্য অর্থে) ইত্যাদি।

- [illegible]
- [illegible]

অন্যান্য বিদেশি শব্দ

- চিনা শব্দ : চা, চিনি, লিচু, সাম্পান ইত্যাদি।
- জাপানি : [illegible] ইত্যাদি।
- বর্মি শব্দ : লুঙ্গি, ফুঙ্গি, [illegible] ইত্যাদি।
- ওলন্দাজি : ইস্কাপন, হরতন, রুইতন, [illegible]
- ইতালীয় : [illegible]
- [illegible] : [illegible]
- [illegible] : [illegible]
- [illegible] : [illegible]
- [illegible] : [illegible]
- [illegible] : [illegible]
- গ্রিক শব্দ : দাম, সুড়ঙ্গ।
- [illegible] : [illegible]
- [illegible] : [illegible]
- [illegible] : [illegible]
- [illegible] : [illegible]
- [illegible] : [illegible]
- [illegible] : [illegible]
- [illegible] : [illegible]
- পাঞ্জাবি : শিখ, চাহিদা।
- [illegible] : [illegible]

মিশ্র শব্দ

২. মিশ্র শব্দ : দেশি ও বিদেশি অথবা দুটি ভিন্ন জাতীয় ভাষার শব্দ একত্র হয়ে যে শব্দ গঠন করে তাকে মিশ্র শব্দ বলে। যেমন :

খ্রিষ্টাব্দ (ইংরেজি + তৎসম)	হেড-পণ্ডিত (ইংরেজি + তৎসম)
হাট-বাজার (বাংলা + ফারসি)	পকেট-মার (ইংরেজি + বাংলা)
চৌ-হদ্দি (ফারসি + আরবি)	রাজা-বাদশা (তৎসম + ফারসি)
ডাক্তার-খানা (ইংরেজি + ফারসি)	কালি-কলম (সংস্কৃত + আরবি)
হেড-মৌলভি (ইংরেজি + ফারসি)	

Part 2 GST গুচ্ছ/গুচ্ছভুক্ত বিশ্ববিদ্যালয়ের বিগত বছরের প্রশ্নোত্তর

01. 'খাসজমি' শব্দে 'খাস' কোন ভাষার উপসর্গ? [GST-A : 22-23]
Ⓐ ফারসি Ⓑ বাংলা
Ⓒ আরবি Ⓓ সংস্কৃত

Ⓒ Solve উপসর্গ সম্পর্কিত তথ্য :

উপসর্গ	যে অর্থে ব্যবহৃত	উদাহরণ
খাস (আরবি)	বিশেষ	খাসজমি, খাসমহল

02. 'ড্রামা' শব্দটি কোন ভাষা থেকে আগত? [GST-A : 21-22]
Ⓐ গ্রিক Ⓑ ইংরেজি
Ⓒ ফরাসি Ⓓ লাতিন

Ⓐ Solve গ্রিক ভাষা থেকে আগত 'ড্রামা' শব্দটির অর্থ : কিছু করে দেখানো। প্রাচ্য নাট্যশাস্ত্রে নাটককে দৃশ্যকাব্য বলে অভিহিত করা হয়েছে।

03. [illegible] [GST-A : 21-22]
Ⓐ [illegible] Ⓑ [illegible]
Ⓒ [illegible] Ⓓ [illegible]

Ⓓ Solve বাংলায় বিভিন্ন ভাষার শব্দ :

[illegible]	[illegible]
[illegible]	[illegible]
[illegible]	[illegible]
[illegible]	[illegible]

04. 'হস্তী' শব্দটি একটি [GST-A : 21-22]
Ⓐ যৌগিক শব্দ Ⓑ যৌগিক শব্দ
Ⓒ যোগরূঢ় শব্দ Ⓓ রূঢ়ি শব্দ

Ⓓ Solve যে শব্দ প্রত্যয় বা উপসর্গযোগে মূল শব্দের অর্থের অনুগামী না হয়ে অন্য কোনো বিশিষ্ট অর্থ জ্ঞাপন করে, তাকে রূঢ়ি শব্দ বলে। যেমন : হস্তী = হস্ত + ইন, অর্থ- হস্ত আছে যার, কিন্তু হস্তী বলতে একটি পশুকে বোঝায়। গবেষণা (গো + এষণা) অর্থ- গরু খোঁজা। প্রচলিত অর্থ ব্যাপক অধ্যয়ন ও পর্যালোচনা।

Part 3 গুরুত্বপূর্ণ MCQ প্রশ্নোত্তর

01. 'হরতাল' শব্দটি কোন ভাষা থেকে এসেছে?
Ⓐ পাঞ্জাবি Ⓑ জাপানি
Ⓒ হিন্দি Ⓓ গুজরাটি Ans D

02. 'খুশবু' শব্দটি কী?
Ⓐ দেশি Ⓑ তদ্ভব
Ⓒ তৎসম Ⓓ বিদেশি Ans D

03. 'রিকশা' শব্দটি কোন ভাষা থেকে এসেছে?
Ⓐ ফারসি Ⓑ জাপানি
Ⓒ আরবি Ⓓ ওলন্দাজ Ans B

04. 'খাস, জলদি' শব্দগুলো কোন ভাষা থেকে এসেছে?
Ⓐ ফরাসি Ⓑ ইংরেজি
Ⓒ পর্তুগিজ Ⓓ আরবি Ans D

05. 'ডুম' শব্দটির উৎস ভাষা কোনটি?
Ⓐ মৈথিলি Ⓑ মারাঠি
Ⓒ পাঞ্জাবি Ⓓ গুজরাটি Ans A

06. নিচের কোনটি দেশি শব্দ?
Ⓐ চোঙা Ⓑ কলম
Ⓒ কৃপণ Ⓓ কালি Ans A

07. 'প্রাকৃত' এর অর্থ কী?
Ⓐ মূল Ⓑ স্বাভাবিক
Ⓒ পুরাতন Ⓓ নতুন Ans B

08. অনার্যদের সৃষ্ট শব্দগুলো কোন ধরনের শব্দ?
Ⓐ অর্ধ-তৎসম Ⓑ তৎসম
Ⓒ তদ্ভব Ⓓ দেশি Ans D

09. নিচের কোনটি মায়ানমার ভাষার শব্দ?
Ⓐ চানাচুর Ⓑ আলপিন
Ⓒ ফুঙ্গি Ⓓ আলমারি Ans C

10. 'আজব' শব্দটি কোন বিদেশি শব্দ?
Ⓐ আরবি Ⓑ ফরাসি
Ⓒ হিন্দি Ⓓ উর্দু Ans A

Academic to Admission all types of pdf collection

২য় পত্র অধ্যায়-১৭

কাল, পুরুষ এবং কালের বিশিষ্ট প্রয়োগ

Part 1 গুরুত্বপূর্ণ তথ্যাবলি

ক্রিয়ার কাল তিন প্রকার। যথা : ১. বর্তমান কাল ২. অতীত কাল ও ৩. ভবিষ্যৎ কাল

বর্তমান কাল ও এর বিশিষ্ট প্রয়োগ

ক্রিয়া যে রূপে এখন হচ্ছে, হয় বা চিরকাল হয়ে থাকে, এমন বোঝাতে বর্তমান কাল হয়। যেমন : আমি গান গাই।

বর্তমান কাল তিন প্রকার। যথা : ক. সাধারণ বর্তমান বা নিত্যবৃত্ত বর্তমান খ. ঘটমান বর্তমান ও গ. পুরাঘটিত বর্তমান

সাধারণ বর্তমান কাল : যে ক্রিয়া বর্তমানে সাধারণভাবে ঘটে, তার কালকে সাধারণ বর্তমান কাল বলে। যেমন : আমি বাড়ি **যাই**।

নিত্যবৃত্ত বর্তমান কাল : স্বাভাবিক বা অভ্যস্ততা বোঝালে সাধারণ বর্তমান কালের ক্রিয়াকে নিত্যবৃত্ত বর্তমান কাল বলে। যেমন : সন্ধ্যায় সূর্য অস্ত যায় (স্বাভাবিকতা)। আমি রোজ সকালে বেড়াতে যাই (অভ্যস্ততা)।

ঘটমান বর্তমান কাল : যে কাজ শেষ হয়নি, এখনও চলছে, সে কাজ বোঝাবার জন্য ঘটমান বর্তমান কাল ব্যবহৃত হয়। যেমন : নীরা বই **পড়ছে**।

ঘটমান বর্তমান কালের বিশিষ্ট প্রয়োগ :

১. বক্তার প্রত্যক্ষ উক্তিতে ঘটমান বর্তমান কাল ব্যবহৃত হয়। যথা : বক্তা বললেন, 'শত্রুর অত্যাচারে দেশ আজ বিপন্ন, ধন-সম্পদ লুণ্ঠিত **হচ্ছে**, দিকে দিকে আগুন **জ্বলছে**।'
২. ভবিষ্যৎ সম্ভাবনা অর্থে : চিন্তা করো না, কালই **আসছি**।
৩. ভবিষ্যৎ সম্ভাবনা অর্থে ঘটমান বর্তমান কাল হয়। উদাহরণ- লোকটি অনবরত **ডাকছে**, তবু কেউ তার কাছে ছুটে এলো না। - আমরা আগামীকাল ঢাকা **যাচ্ছি** ('যাব' অর্থে)। দাঁড়াও, **আসছি** ('এখনই আসব' অর্থে)।

পুরাঘটিত বর্তমান কাল : ক্রিয়া পূর্বে শেষ হলেও তার ফল এখনও বর্তমান থাকলে, পুরাঘটিত বর্তমান কাল ব্যবহৃত হয়। যেমন : এবার আমি পরীক্ষায় **উত্তীর্ণ হয়েছি**। এতক্ষণ আমি অঙ্ক **করেছি**।

অতীত কাল ও এর বিশিষ্ট প্রয়োগ

অতীত কাল : যে ক্রিয়া আগে ঘটে গেছে, তার কালকে অতীত কাল বলে। যেমন : আমি গিয়েছিলাম। বৃষ্টি আরম্ভ হল। পুলিশ ডাকাতকে গুলি **করল**। সে স্কুলে গেল। **শুনলাম** পরীক্ষা পিছিয়ে যাবে। এখন **বুঝলাম**, তুমি চাঁদা দেবে না।

প্রকারভেদ : অতীত কাল চার প্রকার। যথা :

ক. সাধারণ অতীত
খ. নিত্যবৃত্ত অতীত
গ. ঘটমান অতীত
ঘ. পুরাঘটিত অতীত

সাধারণ অতীত কাল : বর্তমান কালের পূর্বে যে ক্রিয়া সম্পন্ন হয়ে গিয়েছে, তার সংঘটন কালই সাধারণ অতীত কাল। যেমন : প্রদীপ নিভে **গেল**। শিকারি পাখিটিকে গুলি **করল**।

সাধারণ অতীতের বিশিষ্ট ব্যবহার :

১. পুরাঘটিত বর্তমান স্থলে : 'এক্ষণে **জানিলাম**, কুসুমে কীট আছে।'
২. বিশেষ ইচ্ছা অর্থে বর্তমান কালের পরিবর্তে : তোমরা যা খুশি কর, আমি বিদায় **হলাম**।

নিত্যবৃত্ত অতীত : অতীত কালে যে ক্রিয়া সাধারণত অভ্যস্ততা অর্থে ব্যবহৃত হয়, তাকে নিত্যবৃত্ত অতীত কাল বলে। যেমন : আমরা তখন রোজ সকালে নদীর তীরে ভ্রমণ **করতাম**। তিনি প্রত্যহ অফিসে **যেতেন**।

☞ **নিত্যবৃত্ত অতীতের বিশিষ্ট ব্যবহার :**

১. কামনা প্রকাশে : আজ যদি সুমন আসত, কেমন মজা হতো।
২. অসম্ভব কল্পনায় : i. "আমি যদি জন্ম নিতেম কালিদাসের কালে, দৈবে হতেম দশম রত্ন নবরত্নের মালে।" ii. সাতাশ হতো যদি একশ সাতাশ! iii. শৈশবের দিনগুলি যদি ফিরে আসত।
৩. সম্ভাবনা প্রকাশে : তুমি যদি যেতে, তবে ভালই হতো।

গ. **ঘটমান অতীত কাল** : অতীত কালে যে কাজ চলছিল এবং যে সময়ের কথা বলা হয়েছে, তখনও কাজটি সমাপ্ত হয়নি, ক্রিয়া সংঘটনের এরূপ ভাব বোঝালে **ক্রিয়ার ঘটমান অতীত কাল** হয়। যেমন : কাল সন্ধ্যায় বৃষ্টি **পড়ছিল**। আমরা তখন বই **পড়ছিলাম**।

ঘ. **পুরাঘটিত অতীত কাল** : যে ক্রিয়া অতীতের বহু পূর্বেই সংঘটিত হয়ে গিয়েছে এবং যার পরে আরও কিছু ঘটনা ঘটে গেছে, তার কালকে **পুরাঘটিত অতীত কাল** বলা হয়। যেমন : সেবার তাকে সুস্থই **দেখেছিলাম**।

ভবিষ্যৎ কাল ও এর বিশিষ্ট প্রয়োগ

☞ **ভবিষ্যৎ কাল** : যে ক্রিয়া ভবিষ্যতে ঘটবে, তার কালকে **ভবিষ্যৎ কাল বলে**। যেমন : আমি **যাব**।

☞ **প্রকারভেদ** : ভবিষ্যৎ কাল তিন প্রকার। যথা : ক. সাধারণ ভবিষ্যৎ খ. ঘটমান ভবিষ্যৎ ও গ. পুরাঘটিত ভবিষ্যৎ

ক. **সাধারণ ভবিষ্যৎ কাল** : যে ক্রিয়া এখনও ঘটেনি, ভবিষ্যতে ঘটবে এমন বোঝালে, তাকে সাধারণ ভবিষ্যৎ কাল বলে। যেমন : আমি কি গাহিব গান (রজনীকান্ত সেন)। শীঘ্রই বৃষ্টি আসবে।

☞ **সাধারণ ভবিষ্যৎ কালের বিশিষ্ট প্রয়োগ :**

১. **আক্ষেপ প্রকাশে** : আক্ষেপ প্রকাশে অতীতের স্থলে ভবিষ্যৎ কাল ব্যবহার হয়। যেমন : কে জানত, আমার ভাগ্য এমন **হবে**? সেদিন কে জানত যে ইউরোপে আবার মহাযুদ্ধের ভেরি বাজবে?

২. **সন্দেহ প্রকাশে** : অতীত কালের ঘটনা সম্পর্কিত যে ক্রিয়াপদে সন্দেহের ভাব বর্তমান থাকে, তার বর্ণনায় সাধারণ ভবিষ্যৎ কালের ব্যবহার হয়। যেমন : ভাবলাম, তিনি এখন বাড়ি গিয়ে **থাকবেন**। তোমারা হয়তো 'বিশ্বনবি' পড়ে **থাকবে**।

৩. **অনুজ্ঞা ভাব প্রকাশে** : আপনি যাবেন।

খ. **ঘটমান ভবিষ্যৎ কাল** : যে ক্রিয়া ভবিষ্যতে আরম্ভ হয়ে চলতে থাকবে এমন বোঝায়, তাকে ঘটমান ভবিষ্যৎ কাল বলে। যেমন : তিনি ক্লাসে পড়াতে **থাকবেন**।

গ. **পুরাঘটিত ভবিষ্যৎ কাল** : ধাতুর সঙ্গে বিভক্তি যুক্ত করে অতীতে বা বর্তমানে কোনো কাজ হয়েছে, এরূপ সন্দেহ বোঝালে ক্রিয়ার পুরাঘটিত ভবিষ্যৎ কাল হয়। ক্রিয়ার রূপটি ভবিষ্যৎবাচক হলেও, অর্থে অতীতকে বোঝায় এবং সন্দেহের ভাবটি বর্তমান থাকে। এজন্য এ কালকে সন্দিগ্ধ অতীত কালও বলে। যেমন : হয়তো কোথাও তোমাকে দেখে থাকবে। তুমি ছাড়া আর কে গিয়ে থাকবে?

Part 2 GST গুচ্ছ/গুচ্ছভুক্ত বিশ্ববিদ্যালয়ের বিগত বছরের প্রশ্নোত্তর

01. 'আজ যদি বাবা আসতেন, কেমন মজা হতো।' বাক্যটিতে কোন কালের বিশিষ্ট প্রয়োগ ঘটেছে? [SHUBD-Science : 19-20]
Ⓐ নিত্যবৃত্ত অতীত
Ⓑ পুরাঘটিত অতীত
Ⓒ নিত্যবৃত্ত ভবিষ্যৎ
Ⓓ ঘটমান ভবিষ্যৎ
Ans Ⓐ

Part 3 গুরুত্বপূর্ণ MCQ প্রশ্নোত্তর

01. 'কে জানে দেশে আবার সুদিন আসবে কি না।' এটি নিত্যবৃত্ত বর্তমান কালের কোন অর্থে ব্যবহৃত হয়েছে?
Ⓐ কাব্যের ভণিতায়
Ⓑ স্থায়ী সত্য প্রকাশে
Ⓒ অনিশ্চয়তা প্রকাশে
Ⓓ ঐতিহাসিক বর্তমান
Ans Ⓒ

02. কোন বাক্যে পুরাঘটিত অতীত কালের ক্রিয়া আছে?

Ⓐ আমরা গিয়েছি Ⓑ সে কি গিয়েছিল?
Ⓒ দেখে এলাম তারে Ⓓ আবার আসিব ফিরে

Ans Ⓑ

03. 'এবার আমি পরীক্ষায় উত্তীর্ণ হয়েছি।' কোন বর্তমান কালের উদাহরণ?

Ⓐ পুরাঘটিত বর্তমান Ⓑ ঘটমান বর্তমান
Ⓒ ঘটমান অতীত Ⓓ পুরাঘটিত অতীত

Ans Ⓐ

04. নিত্যবৃত্ত অতীত কালের উদাহরণ কোনটি?

Ⓐ তুমি পড়তে থাকবে Ⓑ আমি সেখানে যেতাম
Ⓒ তুমি গিয়েছিলে Ⓓ আমি লিখে থাকব

Ans Ⓑ

05. কোনটি সাধারণ অতীত কালের উদাহরণ?

Ⓐ আমরা অঙ্ক করছিলাম Ⓑ বাবা বাড়ি গিয়েছিলেন
Ⓒ আমরা রোজ বেড়াতে যেতাম Ⓓ প্রদীপ নিভে গেল

Ans Ⓓ

বাংলা ২য় পত্র
অধ্যায়-১৮

সমার্থক শব্দ বা প্রতিশব্দ

সমার্থক শব্দের গুরুত্বপূর্ণ উদাহরণ

অন্ধকার : আঁধার, আঁধারি, তমস, তমিস্র, তমিস্রা, তিমির, শর্বর, ন্ভাক।
আকাশ : খ, অন্তরীক্ষ, ব্যোম, দ্যুলোক, অম্বর, অভ্র, ক্রন্দসী, নভ।
আলো : জ্যোতি, নুর, প্রভা, আভা, দীপ্তি, ভাস, বিভা, দ্যুতি, প্রদ্যোত।
আগুন : অগ্নি, পাবক, সর্বভুক, বিভাবসু, হুতাশন, কৃশাণু, বায়ুসখা, বহ্নি।
ইন্দ্র : বাসব, সুরেশ, অধিপতি, দেবপতি, দেবরাজ, পাকনাশন।
ঈশ্বর : বিভু, ঈশ, জগন্নাথ, পৃথ্বীশ, অন্তর্যামী, পরেশ, পরমেশ, দীনেশ।
ইচ্ছা : কামনা, বাসনা, বাঞ্ছা, অভিপ্রায়, অভীপ্সা, এষণা, অভিরুচি।
উজ্জ্বল : দীপ্ত, শোভামান, প্রজ্বলিত, ঝলমলে, দীপ্তিমান, প্রদীপ্ত, ভাস্বর।
উগ্র : কোপন, কর্কশ, ক্রুদ্ধ, রূঢ়, তীক্ষ্ণ, ভয়ানক, অত্যুগ্র, উদগ্র।
উষা : প্রাতঃ, বিভাত, নিশান্ত, অহনা, উষসী, প্রাতকাল, প্রভাত, প্রত্যুষ।
ঋত্বিক : যজি, হোত্রী, হোমক, যাজক, যাজ্ঞিক, হোমী, অবিন, সাগ্নিক।
ঐশ্বর্য : সম্পদ, বিত্ত, তোষা, ধনরত্ন, মহিমা, বৈভব, প্রতিপত্তি, প্রভুত্ব।
ঔদ্ধত্য : ধৃষ্টতা, বিরুদ্ধাচরণ, দম্ভ, দেমাক, অবিনয়, উগ্রতা, অবাধ্য।
কন্যা : দুহিতা, দুলালি, তনুজা, দারিকা, তনয়া, পুত্রী, ঝি, নন্দিনী।
কুল : যুথ, বংশ, জাতি, বর্ণ, সমূহ, শ্রেণি, জাত, গোত্র, গোষ্ঠী।
কবুতর : রেবতক, নোটন, লোটন, পায়রা, পারাবত, কপোত, লক্কা।
কূল : তট, তীর, কাঁধার, তীরভূমি, বেলা, বেলাভূমি, সৈকত, ধার।
কাক : বায়স, বলিভুক, পরভৃৎ, অন্যভৃৎ, কাণুক, বৃক, কাকাল।
কপাল : ললাট, ভাল, ভাগ্য, অলিক, অদৃষ্ট, নিয়তি, গোধি, রগ।
কোকিল : অন্যপুষ্ট, কাকপুষ্ট, পরপুষ্ট, কলকণ্ঠ, পরভৃত, বসন্তদূত, পিক।
খবর : সমাচার, উদন্ত, বার্তা, তথ্য, বিবরণ, সংবাদ, বৃত্তান্ত, সন্দেশ।
গরু : গো, পয়স্বিনী, গাভী, ধেনু।
গাছ : বৃক্ষ, তরু, পাদপ, দ্রুম, পত্রী, স্কন্ধী, পল্লবী, বিটপী, অটবী।
ঘন : ঘোর, নিবিড়, গাঢ়, গভীর, জমাট, অভ্র, মেঘ, বিগাঢ়, সান্দ্র।
ঘর : নিকেতন, আবাস, সদন, প্রকোষ্ঠ, কোষ্ঠ, কাটরা, ঘুপসি।
ঘোড়া : অশ্ব, ঘোটক, হয়, বাজী, তুরগ, তুরঙ্গম, তুরঙ্গ, কীকট, বামী।
চোখ : আঁখি, চক্ষু, নেত্র, লোচন, নয়ন, নয়না, দর্শনেন্দ্রিয়, আঁখ, অক্ষি।
চন্দ্র : বিধু, সোম, নিশাকর, শশধর, রাকেশ; ইন্দু, মৃগাঙ্ক, সুধাংশু।
চুল : কেশ, অলক, কচ, কুন্তল, চূলক, শিরোজ, মূর্ধজ, চিকুর, কৃশলা।
ছবি : আলেখ্য, প্রতিমূর্তি, কান্তি, শোভা, দীপ্তি, পট, চিত্র, নকশা।
জ্যোৎস্না : জোছনা, চন্দ্রালোক, কৌমুদী, চন্দ্রিমা, চন্দ্রিকা, চন্দ্রকর, চন্দ্রসুধা।
জলাশয় : দিঘি, জলা, সরোবর, পুকুর, পুষ্করিণী, হ্রদ, সরস, পল্বল।
জল : অম্বু, অপ, উদক, পয়ঃ, ইরা, ইলা, পুষ্কর, তোয়, নীর, সলিল।
ঠাট্টা : তামাশা, পরিহাস, উপহাস, রসিকতা, মশকরা, বিদ্রূপ।
ঠোঁট : অধর, চঞ্চু, ওষ্ঠাধর, ওষ্ঠ, সৃক্কণী, সৃক্ক, সৃক্কণ, কশ, রদচ্ছদ।
ঢেউ : তরঙ্গ, ঊর্মি, কল্লোল, হিল্লোল, বীচি, লহর, লহরী, মউজ।
দীন : দরিদ্র, নিঃস্ব, গরিব, হীন, অসহায়, দুঃস্থ, কাঙাল, অর্থহীন, নির্ধন।
দিন : দিবস, সাবন, অহ্ন, বার, অহনা, দিনরজনী, অহোরাত্র, অহ।
ধবল : সাদা, ধলা, সফেদ, সিত, শ্বেত, শুক্ল, শুভ্র।
নর : লোক, মনুষ্য, পুরুষ, জন, মানব, মানুষ।
নদী : সরিৎ, গিরি-নিস্রাব, ধুনী, তটিনী, তরঙ্গিণী, শৈবলিনী, নির্ঝরিণী।
নারী : রমা, রামা, বামা, অঙ্গনা, কামিনী, তন্বী, শুচিস্মিতা, রমণী, কান্তা।
পুত্র : তনয়, ছেলে, তনুজ, দারক, আত্মজ, নন্দন, তনুভব, সুত।
পৃথিবী : মেদিনী, মহি, ক্ষিতি, পৃথ্বী, বসুন্ধরা, অবনী, ধরণী, ভূ, মর্ত্য।
পাথর : প্রস্তর, পাষাণ, শিলা, শিল, উপল, অশ্ম, কাঁকর, কঙ্কর, শর্করা।
পাহাড় : পর্বত, অদ্রি, ভূধর, নগ, অচল, মেদিনীধর, শৈল, ক্ষিতিধর।
পদ্ম : নলিন, নলিনী, উৎপল, অরবিন্দ, কোকনদ, ইন্দিবর, কঞ্জ।
পাখি : পক্ষী, বিহগ, বিহঙ্গ, দ্বিজ, খেচর, খগ, পতত্রী, কণ্ঠাগ্নি, উৎপত।
ফুল : পুষ্প, কুসুম, প্রসূন, মুঞ্জরি, পুষ্পক, সুমন, মণীবক।
বধূ : পত্নী, অঙ্গনা, কলত্র, জায়া, স্ত্রী, গিন্নি, দারা, বনিতা, ভার্যা।
বন্যা : প্লাবন, আপ্লাব, বিপ্লাব, প্লাব, জলোচ্ছ্বাস, সমপ্লাব, বান।
বাতাস : পবন, মরুৎ, অনিল, বাত, প্রভঞ্জন, জগদ্বল, নভস্বান, সমীর।
বন : অরণ্য, জঙ্গল, বিপিন, কানন, অরণ্যানী, অটবী, ঝোপজঙ্গল।
বোন : স্বসা, ভগিনী, ভগ্নী, মহোদরা, জামি, বহিন, সোদরা।
বিদ্যুৎ : দামিনী, ক্ষণপ্রভা, সৌদামিনী, চিকুর, চপলা, তড়িৎ, অচির।
ভ্রমর : অলি, শিলীমুখ, ভ্রমরক, দ্বিরেফ, ভোমরা, ভৃঙ্গ, মধুলেহ।
মাতা : জননী, অম্বালা, অম্বিকা, অম্বা, প্রসূতি, জনিকা, মা, জনী।
মেঘ : বলাহক, অম্বুদ, বারিদ, নীরদ, জলদ, পয়োদ, পয়োধর, জীমূত।
মৌমাছি : মধুমক্ষিকা, মধুকর, মধুপ, মধুলিট, মধুজীব, মধুকৃৎ, মধুলেহ।
মোরগ : কুক্কুট, অগ্নিচূড়, পেরু, টার্কি, বন মোরগ, বন কুক্কুট, কুক্কুটী।
যুদ্ধ : আহব, বিগ্রহ, সমর, সমীক, যুঝ, প্রঘাত, রণ, সম্মর্দ, সংযুগ।
রাত্রি : অমা, যামিনী, শর্বরী, বিভাবরী, নিশীথিনী, ক্ষণদা, নিশীথ, তমা।
রাজা : ভূপ, নৃপ, ক্ষিতীশ, মহীশ, নরেন্দ্র, ভূপার, নরেশ, নৃপমণি।
শত্রু : বৈরী, অরি, অরাতি, রিপু, দুশমন, অমিত্র, অবন্ধু, প্রতিপক্ষ।
শিখর : অগ্র, শীর্ষ, চূড়া, পর্বতশৃঙ্গ, উপরিভাগ, শীর্ষদেশ।
শরীর : দেহ, অঙ্গ, গা, গাত্র, বপু, তনু, গতর, কন্ধ, অঙ্গক, বর্ষ্ম।
ষণ্ড : ষাঁড়, বদল, বৃষভ, ঋষভ, শাক্কর, শঙ্ক, বৃষ, দামড়া, গোনাথ।
সূর্য : আফতাব, মিহির, অর্ক, বালার্ক, ভানু, ভাস্কর, মার্তণ্ড, সবিতা।
সমুদ্র : রত্নাকর, অম্বুধি, জলধি, বারিধি, উদধি, পয়োধি, অর্ণব, প্রচেতা।
সিংহ : পশুরাজ, হর্যক্ষ, মৃগেন্দ্র, মৃগরাজ, মৃগপতি, কেশরী, সিংহী।
স্বর্গ : সুরসদ্ম, সুরসভা, দপ্তিক, ধ্রুবলোক, সুরালয়, ত্রিদিব, দ্যুলোক।
স্বর্ণ : কাঞ্চন, কনক, হেম, হিরণ্য, সুবর্ণ, হিরণ, কর্বুর, মহাধাতু।
সাপ : সর্প, ভুজগ, ভুজঙ্গ, উরগ, পন্নগ, অহি, উরঙ্গ, দ্বিরসন, ভুজঙ্গম।
হস্ত : ভুজ, হস্তক, পাণি, কর, বাহু, হাত।
হরিণ : সারঙ্গ, কুরঙ্গম, সুনয়ন, ঋষ্য, মৃগ, কুরঙ্গ।
হাতি : করী, দ্বিপ, কুঞ্জর, দন্তী, দ্বিরদ, ঐরাবত, মাতঙ্গ, গজ।

Part 2 GST গুচ্ছ/গুচ্ছভুক্ত বিশ্ববিদ্যালয়ের বিগত বছরের প্রশ্নোত্তর

01. 'এন্ডি' শব্দের অর্থ কী? [GST-A : 21-22]

Ⓐ মোটা খাদি কাপড় Ⓑ বাটিক করা কাপড়
Ⓒ মোটা রেশমি কাপড় Ⓓ জামদানি তাঁতের কাপড়

Ans Ⓒ **Solve** কতিপয় শব্দার্থ :

শব্দ	অর্থ
ছেইলা	ছেলে, সন্তানসন্ততি অর্থে
পৈছা	প্রাচীন অলংকার
অভ্রভেদী	আকাশ বা মেঘ ভেদকারী
বায়স্কোপ	চলচ্চিত্র, ছায়াছবি, সিনেমা

'প্রবন্ধ' শব্দটির অর্থ কী? [CoU-A : 19-20]
Ⓐ প্রকৃষ্ট বন্ধন Ⓑ প্রকৃষ্ট রচনা Ⓒ প্রথম বন্ধন Ⓓ প্রথম রচনা

B Solve কতিপয় গুরুত্বপূর্ণ শব্দার্থ :

উদীচী– উত্তরদিক	নৈঋত– দক্ষিণ-পশ্চিম দিক
প্রতীতি– জ্ঞান	অদিতি– পৃথিবী
প্রতীচী– পশ্চিম দিক	প্রত্যয়– বিশ্বাস

'তমিস্রা' শব্দের অর্থ কোনটি? [SUST-A : 19-20]
Ⓐ নাট্যাভিনয় Ⓑ তোষামোদ Ⓒ মনোরঞ্জন
Ⓓ অন্ধকার Ⓔ আনন্দধারা

Solve প্রশ্নটিতে যদি 'তমিস্রা'র পরিবর্তে 'তমিস্র' শব্দের অর্থ জানতে চাওয়া হতো তাহলে উত্তর হতো : Ⓓ অন্ধকার। উল্লেখ্য, 'তমিস্র' শব্দের অর্থ অন্ধকারাচ্ছন্ন।

'লাঙ্গুল' শব্দের অর্থ কী? [NSTU-B : 19-20]
Ⓐ লাঙল Ⓑ লাঠি Ⓒ লাঠিয়াল Ⓓ লেজ

D Solve কতিপয় গুরুত্বপূর্ণ শব্দ ও শব্দের অর্থ :

কফণি– কনুই	পংকজ– পদ্ম	কলঘোষ– কোকিল
খগ– পাখি	পরভৃৎ– কাক	কৌমুদী– জ্যোৎস্না

Part 2 গুরুত্বপূর্ণ MCQ প্রশ্নোত্তর

01. 'রক্তিম' শব্দের অর্থ–
Ⓐ লাল মোরগ Ⓑ লাল পদ্ম Ⓒ লাল শালুক Ⓓ লাল **Ans D**

02. 'নীর' এর সমার্থক শব্দ–
Ⓐ অগ্নি Ⓑ চন্দ্র Ⓒ গৃহ Ⓓ বারি **Ans D**

03. সমার্থক শব্দগুচ্ছ নির্দেশ কর–
Ⓐ পঙ্কজ, শতদল, অরবিন্দ Ⓑ রামা, বামা, কামিনী
Ⓒ ক্ষণপ্রভা, সৌদামিনী, তরঙ্গিনী Ⓓ ঘন, জলধর, তরল **Ans A**

04. 'কান্না' এর সমার্থক শব্দ–
Ⓐ বিলাপ Ⓑ আহাজারি Ⓒ রোনাজারি Ⓓ অশ্রু **Ans C**

05. 'জঞ্জাল' এর প্রতিশব্দ–
Ⓐ স্তূপ Ⓑ আবর্জনা Ⓒ বাঁধ Ⓓ জঙ্গল **Ans C**

06. 'সমুদ্র' শব্দটির প্রতিশব্দ–
Ⓐ রত্নাকর Ⓑ অম্বুজ Ⓒ জলদ Ⓓ বরুণ **Ans A**

07. 'সংসর্প' শব্দের অর্থ–
Ⓐ হিংস্র Ⓑ উদার Ⓒ আঁকাবাঁকা Ⓓ উন্মুক্ত **Ans C**

08. 'শিখণ্ডী' শব্দের অর্থ কী?
Ⓐ কাক Ⓑ পেঁচা Ⓒ ময়ূর Ⓓ জলহস্তী **Ans C**

09. 'শীল' এর সমার্থক শব্দ কোনটি?
Ⓐ পাথর Ⓑ ঘর্ষণ Ⓒ অবসান Ⓓ চরিত্র **Ans D**

10. 'নৈকট্য' এর প্রতিশব্দ কোনটি?
Ⓐ আকাঙ্ক্ষা Ⓑ আসক্তি Ⓒ আসত্তি Ⓓ অনুরাগ **Ans C**

বাংলা ২য় পত্র
অধ্যায়-১৯

বিপরীতার্থক শব্দ

প্রদত্ত শব্দ	বিপরীত শব্দ	প্রদত্ত শব্দ	বিপরীত শব্দ
অনুরক্ত	বিরক্ত	অব্যক্ত, গুপ্ত	ব্যক্ত
অণু	বৃহৎ	অপমান	মান
আদিষ্ট	নিষিদ্ধ	আগমন	নির্গমন
আকুঞ্চন	প্রসারণ	আকর্ষণ	বিকর্ষণ
ইতিবাচক	নেতিবাচক	ইদানীন্তন	তদানীন্তন
ইহলৌকিক	পারলৌকিক	ইতর	ভদ্র
ঈর্ষা	প্রীতি	ঈপ্সা	অনীপ্সা
ঈপ্সিত	অনীপ্সিত	উন্মুখ	বিমুখ

প্রদত্ত শব্দ	বিপরীত শব্দ	প্রদত্ত শব্দ	বিপরীত শব্দ
উক্ত	অনুক্ত	উদ্ধার	হরণ
উত্তরণ	অবতরণ	উদার	সংকীর্ণ
উষা	সন্ধ্যা	ঊর্ধ্ব	অধঃ/নিম্ন
এঁড়ে	বকনা	ঋজু	বক্র
ঐহিক	পারত্রিক	ঐচ্ছিক	আবশ্যিক
কৃপণ	বদান্য	কোমল	কর্কশ
কাপুরুষ	বীরপুরুষ	ক্ষয়িষ্ণু	বর্ধিষ্ণু
ক্ষমা	শাস্তি	ক্ষুণ্ন	প্রসন্ন
ক্ষণস্থায়ী	দীর্ঘস্থায়ী	ক্ষীয়মাণ	বর্ধমান
ক্ষয়	বৃদ্ধি	খাতক	মহাজন
খেদ	আহ্লাদ	খুচরা	পাইকারি
গাম্ভীর্য	চাপল্য	গুরু	লঘু
গেঁয়ো	শহুরে	গুরু	শিষ্য
গম্ভীর	চপল/সহাস্য	গণ্য	নগণ্য
ঘাতক	পালক	চোর, তস্কর	সাধু
চিন্ময়	মৃন্ময়/অচেতন	চেতন	জড়
ছেঁড়া	আছেঁড়া/আস্ত	জরা	যৌবন
জ্বলন	নির্বাপণ	জরিমানা	বকশিশ
জাগরণ	তন্দ্রা	জ্ঞেয়	অজ্ঞেয়
ঝানু	অপটু/আনাড়ি	ঝঞ্ঝাট	নির্ঝঞ্ঝাট
টাটকা	বাসি	টিমটিম	জ্বলজ্বল
ঢিলেঢালা	আঁটসাঁট	তিমির	আলোক
ত্বরিত	শ্লথ	ত্বরা	ধীরতা/বিলম্ব
তেজি	মেদা, মন্দা	দরদি	নির্মম
দুরন্ত	শান্ত	দারক	দুহিতা
দ্যুলোক	ভূলোক	দুর্বিষহ	সুসহ
দ্রুত	মন্থর	ধৃত	মুক্ত
ধনী	নির্ধন	ধনাত্মক	ঋণাত্মক
ধূর্ত	সরল	নিন্দিত	নন্দিত
নির্লজ্জ	সলজ্জ/লাজুক	নির্মল	পঙ্কিল
নৈঃশব্দ	সশব্দ	নিষেধ	অনুমতি
নিরপেক্ষ	সাপেক্ষ	নিষ্কৃতি	বন্ধন
প্রশস্ত	সংকীর্ণ	প্রফুল্ল	ম্লান
প্রাচ্য	প্রতীচ্য/পাশ্চাত্য	পুরস্কার	তিরস্কার
পূর্বাহ্ণ	অপরাহ্ণ	পালক	পালিত
ফতে (জয়)	পরাজয়	বাচাল	স্বল্পভাষী
বৈসাদৃশ্য	সাদৃশ্য	বিষ/গরল	অমৃত/সুধা
বিপন্নতা	সফলতা	বর্জন	গ্রহণ
বিস্তৃত	সংক্ষিপ্ত	বিয়োগান্ত	মিলনান্ত
ভূত	ভবিষ্যৎ	ভদ্র	ইতর
ভোঁতা	ধারালো/চোখা	ভাবনা	নির্ভাবনা
ম্লান, অনুজ্জ্বল	উজ্জ্বল	মান্য	ঘৃণ্য
মূর্ত	বিমূর্ত	মত্ত	নির্লিপ্ত
যজমান	পুরোহিত	মঞ্জুর	নামঞ্জুর
যৌবন	বার্ধক্য	যুক্ত	বিযুক্ত
যুগল	একক	যোজক	প্রণালি
রজত	স্বর্ণ	যোজন	বিয়োজন
লব	হর	লেখ্য	কথ্য, পাঠ্য
লিপ্সা	বিরাগ	লৌকিক	অলৌকিক
লেশ	যথেষ্ট	লিপ্ত	নির্লিপ্ত

প্রদত্ত শব্দ	বিপরীত শব্দ	প্রদত্ত শব্দ	বিপরীত শব্দ
শবল	একবর্ণা	শ্যামল	গৌরাঙ্গ
শাক্ত	বৈষ্ণব	শৈত্য/নিস্তাপ	তাপ
শুক্লপক্ষ	কৃষ্ণপক্ষ	শ্রদ্ধা	অশ্রদ্ধা
শয়ন	উত্থান	শাসন	সোহাগ
স্বতন্ত্র	পরতন্ত্র	সদাচার	কদাচার
স্থাবর	জঙ্গম/অস্থাবর	সম্পদ	অভাব
হ্রাস	বৃদ্ধি	হতবুদ্ধি	স্থিতবুদ্ধি
হর্ষ	বিষাদ	হলাহল	অমৃত

Part 2 GST গুচ্ছ/গুচ্ছভুক্ত বিশ্ববিদ্যালয়ের বিগত বছরের প্রশ্নোত্তর

01. 'অর্থী' শব্দটির বিপরীত শব্দ– [NSTU-A : 19-20]
Ⓐ প্রার্থী Ⓑ প্রত্যর্থী Ⓒ কৃতার্থী Ⓓ কৃতার্থ

B Solve কতিপয় গুরুত্বপূর্ণ বিপরীত শব্দ :

প্রদত্ত শব্দ	বিপরীত শব্দ	প্রদত্ত শব্দ	বিপরীত শব্দ
অনুলোম	প্রতিলোম	অগ্রিম	বকেয়া
অনুরক্ত	বিরক্ত	অব্যক্ত	ব্যক্ত

Part 3 গুরুত্বপূর্ণ MCQ প্রশ্নোত্তর

01. 'অনুগ্রহ' এর বিপরীত শব্দ কোনটি?
Ⓐ আগ্রহ Ⓑ নিগ্রহ Ⓒ সাগ্রহ Ⓓ উপগ্রহ Ans Ⓑ

02. 'অপচয়' এর বিপরীত শব্দ কোনটি?
Ⓐ সাশ্রয় Ⓑ কৃচ্ছতা Ⓒ কৃপণতা Ⓓ বিলাসী Ans Ⓐ

03. 'ধনিক' এর বিপরীত শব্দ কোনটি?
Ⓐ নির্ধন Ⓑ দরিদ্র Ⓒ নিঃস্ব Ⓓ শ্রমিক Ans Ⓐ

04. 'লগ্ন' এর বিপরীত শব্দ কোনটি?
Ⓐ শুরু Ⓑ শেষ Ⓒ চ্যুত Ⓓ ভোলা Ans Ⓒ

05. 'পঙ্কিল' এর বিপরীত শব্দ কোনটি?
Ⓐ পরিচ্ছন্ন Ⓑ উজ্জ্বল Ⓒ নির্মল Ⓓ অম্লান Ans Ⓒ

06. 'গৌরব' এর বিপরীত অর্থজ্ঞাপক শব্দ–
Ⓐ অপমান Ⓑ অমর্যাদা Ⓒ লাঘব Ⓓ লজ্জা Ans Ⓒ

07. 'যাযাবর' এর বিপরীত শব্দ–
Ⓐ গৃহকাতর Ⓑ ঘরকুনো Ⓒ গৃহী Ⓓ গৃহগত Ans Ⓒ

08. 'উগ্র' এর বিপরীতার্থক শব্দ–
Ⓐ সৌম্য Ⓑ ভদ্র Ⓒ অগ্র Ⓓ সুশীল Ans Ⓐ

09. 'অহ্ন' এর বিপরীতার্থক শব্দটি চিহ্নিত কর–
Ⓐ সূর্য Ⓑ গতি Ⓒ অপর Ⓓ রাত্রি Ans Ⓓ

10. 'ভূত' এর বিপরীতার্থক শব্দ–
Ⓐ বর্তমান Ⓑ ভাবী Ⓒ প্রেত Ⓓ সম্ভব Ans Ⓑ

বাংলা ২য় পত্র অধ্যায়-২০ বাক্য সংক্ষেপণ বা বাক্য সংকোচন

অ

অনেক অভিজ্ঞতা আছে যার– **ভূয়োদর্শী**।
অরণ্যেরঅগ্নিকাণ্ড– **দাবানল/দাবাগ্নি**।
অতিশয় রক্ষণশীল– **দুর্মর**।
অন্য সহায় নেই যার– **অনন্যসহায়**।

আ

আদরিণী কন্যা– **দুলালী**।

ঢ

ঢাক বাজায় যে– **ঢাকী**।
ঢিপির মতো– **ঢেপসা**।
ঢেউয়ের ফলে ছলাৎছলাৎ শব্দ– **ছলাচ্ছল**।
ঢোঁক গিলে কথা বলা– **ইতস্তত করা**।

ত

ত্বরায় গমন করে যে– **তুরগ**।
তুলা থেকে তৈরি– **তুলট**।
আরম্ভ করা হয়েছে এমন– **আরব্ধ**।
আকাশ ও পৃথিবী– **দ্যাবাপৃথিবী**।
আপনার রঙ যে লুকায়– **বর্ণচোরা**।
আপনাকে পণ্ডিত মনে করে যে– **পণ্ডিতম্মন্য**।

ই

ইহলোকে সামান্য নয়– **অলোকসামান্য**।
ইন্দ্রিয়ের সংযম– **দম**।
ইতিহাস রচনা করেন যিনি– **ঐতিহাসিক**।
ইতঃপূর্বে দণ্ডিত ব্যক্তি– **দাগি**।

ঈ

ঈষৎ চঞ্চল– **আলোল**।
ঈষৎ পাংশুবর্ণ– **ধূসর**।
ঈষৎ লাল হয়েছে এমন– **আরক্তিম**।

উ

উপমা নেই যে নারীর– **নিরুপমা**।
উৎসবের নিমিত্ত নির্মিত গৃহ– **মণ্ডপ**।
উলুউলু ধ্বনি– **অলোলিকা**।

ঊ

ঊর্ধ্বমুখে সাঁতার– **চিৎ সাঁতার**।
ঊরুর হাড়– **ঊরুস্থি**।
ঊর্ধ্বে গমনশীল– **ঊর্ধ্বগামী**।
ঊর্ধ্ব থেকে নেমে আসা– **অবতরণ**।

ঋ

ঋণগ্রস্ত অবস্থা– **ঋণিতা**।
ঋষির উক্তি– **আর্ষ**।

এ

একই পথের পথিক– **হামরাহী**।
একই সময়ে– **যুগপৎ**।
একই সময়ে বর্তমান– **সমসাময়িক**।

ঐ

ঐক্যের অভাব আছে যাতে– **অনৈক্য**।
ঐশ্বর্যের অধিকারী যিনি– **ঐশ্বর্যবান**।

ও

ওষ্ঠ ও অধর– **ওষ্ঠাধর**।
ওষ্ঠ দ্বারা উচ্চার্য বর্ণ– **ঔষ্ঠ্য**।
ওষধি থেকে উৎপন্ন– **ঔষধ**।
ওষ্ঠের নিকট আগত– **ওষ্ঠাগত**।

ঔ

ঔষধের আনুষঙ্গিক সেব্য– **অনুপান**।
ঔষধকেই যে জীবিকারূপে গ্রহণ করেছেন– **ঔষধাজীবী**।

ক

কৃষ্ণপক্ষের শেষ তিথি– **অমাবস্যা**।
কর্মে যার ক্লান্তি নেই– **অক্লান্তকর্মী**।
কুবেরের ধন রক্ষক– **যক্ষ**।
কুল ত্যাগ করে যে– **কুলটা**।

ক্ষ

ক্ষতিপূরণের জন্য প্রদত্ত অর্থাদি– **খেসারত**।
ক্ষুদ্র জাতীয় বকবিশেষ– **বলাক**।
তোপের ধ্বনি– **গুড়ুম**।
তল স্পর্শ করা যায় না যার– **অতলস্পর্শী**।

খ

খাবার আঘাত– **থাপড়/থাপ্পড়**।
থেমে থেমে চলার যে ভঙ্গি– **ঠমক**।

দ

দমন করা যায় না যাকে– **অদম্য**।
দমন করা কষ্টকর যাকে– **দুর্দমনীয়**।
দাড়ি জন্মেনি যার– **অজাতশ্মশ্রু**।
দূর ভবিষ্যৎ ভেবে দেখে না যে– **অদূরদর্শী**।

ধ

ধনের দেবতা– **কুবের**।
ধূলার মতো রং যার– **পাংশুল**।
ধীরে যে গমন করে– **ধীরগামী/মন্দগামী**।

ন

নারীর লীলায়িত নৃত্য– **লাস্য**।
নিন্দার যোগ্য নয় যা– **অনিন্দনীয়**।
নিজের দ্বারা অর্জিত– **স্বোপার্জিত**।
নূপুরের ধ্বনি– **নিক্বণ**।

প

পরকে প্রতিপালন করে যে– **পরভৃৎ**।
পরের দ্বারা প্রতিপালিত যে– **পরভৃত**।
পরিব্রাজকের ভিক্ষা– **মাধুকরী**।
পাখির ডাক– **কূজন**।
পথ চলার খরচ– **পাথেয়**।

ফ

ফল প্রসব করে যা– **ফলপ্রসূ**।
ফিকা কমলা রং– **বাসন্তী**।
ফুল হতে জাত– **ফুলেল**।
ফেনাসহ বর্তমান– **সফেন**।

ব

বীরসন্তান প্রসব করে যে– **বীরপ্রসূ**।
বাক্যের দ্বারা কৃতকলহ– **বচসা**।
বায়ু চলাচলের ক্ষুদ্র পথ– **গবাক্ষ**।
বিজয় লাভের ইচ্ছা– **বিজিগীষা**।
বীণার ঝঙ্কার– **নিক্বণ**।
বৃহৎ অরণ্য– **অরণ্যানী**।
বলার ইচ্ছা– **বিবক্ষা**।
বলা হবে এমন– **বক্ষ্যমাণ**।

ভ

ভিতর থেকে গোপনে ক্ষতিসাধন– **অন্তর্ঘাত**।
ভোগ যন্ত্রণা থেকে নিষ্কৃতি লাভ– **নির্বাণ**।
ভুজের সাহায্যে চলে যে– **ভুজগ**।
ভাবা যায় না যা– **অভাবনীয়**।

ম

ময়ূরের ডাক– **কেকা**।
মনোগত ইচ্ছা– **ঈপ্সিত**।
মনে জন্ম যার– **মনসিজ/মনোজ**।
মর্মকে ভেদকারী– **মর্মভেদী**।
মর্মে বেদনা দেয় যা– **মর্মান্তিক, মর্মন্তুদ**।

খ

…আদায় করে যে- **খাজাঞ্চি**।
…হিসাব নেই যার- **…বি**।
…দীর্ঘ নয় - **নাতিদীর্ঘ**।
…পার করে যে- **পাটনী**।

গ

…মুখের মতো মুখ যার- **…নন**।
…মন করতে পারে যে- **জঙ্গম**।
…মনের ইচ্ছা- **জিগমিষা**।
…র্দভের বাসস্থান- **খরশাল**।

ঘ

ঘোড়ার ডাক- **হ্রেষা**।
ঘ্রাণের যোগ্য- **ঘ্রেয়**।

চ

চক্ষুর নিমেষকাল- **পলক**।
চিবিয়ে খেতে হয় যা- **চর্ব্য**।
চুষে খাওয়া হয় যা- **চূষ্য**।
চেটে খাওয়ার যোগ্য- **লেহ্য**।

ছ

ছয় মাস অন্তর ঘটে- **ষাণ্মাসিক**।
ছন্দে নিপুণ যিনি- **ছান্দসিক**।

জ

জতুনির্মিত গৃহ- **জতুগৃহ**।
জয়সূচক যে উৎসব- **জয়ন্তী**।
জন্মেনি যে- **অজ**।

ঝ

ট

টাইমের বাইরে- **বেটাইম**।
টোল পড়েনি এমন- **নিটোল**।

ঠ

ঠান্ডায় পীড়িত- **শীতার্ত**।
ঠাকুরের ভাব- **ঠাকুরানি**।

ড

ডালিমের কুঁড়ি- **আনারকলি**।
ডোম জাতীয়া স্ত্রীলোক- **ডোম্বী**।

য

যে সম্পত্তি হস্তান্তর করা যায় না- **স্থাবর**।
যে সুপথ থেকে কুপথে যায়- **উন্মার্গগামী**।
যা অদূর ভবিষ্যতে হওয়ার কোনো আশা নেই- **সুদূরপরাহত**।
যে নারী নিজে বর বরণ করে নেয়- **স্বয়ম্বরা**।
যা সারাদিন ব্যবহার করা হয়- **আটপৌরে**।
যার প্রভা ক্ষণকাল স্থায়ী- **ক্ষণপ্রভা**।
যে রূপ ইচ্ছা- **যদৃচ্ছা**।

র

রাত্রি ও দিবসের সন্ধিক্ষণ- **সন্ধ্যা**।
রোদে শুকানো আম- **আমসি**।

ল

লয় প্রাপ্ত হয়েছে যা- **লীন**।
লাভ করার ইচ্ছা- **লিপ্সা**।
লাফিয়ে চলে যে- **প্লবগ**।
লবণ মিশ্রিত সমুদ্র- **লবণাম্বুধি**।

শ

শত্রুকে জয় করে যে- **শত্রুজিৎ**।
শুনলেই যার মনে থাকে- **শ্রুতিধর**।

ষ

ষাঁড়ের চেহারা তুল্য- **ষণ্ডামার্কা**।
ষেটে ধানের ভাত- **ষষ্ঠিকান্না**।
ষোলো সংখ্যার পূরক- **ষোড়শ**।
ষোলো বছর বয়স্ক নারী- **ষোড়শী**।

স

সর্বত্র গমন করে যে- **সর্বগ**।
সকলের জন্য প্রযোজ্য- **সার্বজনীন**।
সাপের খোলস- **নির্মোক**।
সুদে টাকা খাটানো- **তেজারতি**।
সৃষ্টি করার ইচ্ছা- **সিসৃক্ষা**।
স্বর্ণকারের মজুরি- **বানি**।

হ

হরিণের চামড়া- **অজিন**।
হাতির পা বাঁধার শিকল- **আন্দু**।
হস্তীর চিৎকার- **বৃংহিত**।
হাতের চতুর্থ অঙ্গুলি- **অনামিকা**।

Part 2 GST গুচ্ছ/গুচ্ছভুক্ত বিশ্ববিদ্যালয়ের বিগত বছরের প্রশ্নোত্তর

1. **'অলঙ্কারের ধ্বনি' কে এক কথায় কী বলা হয়?** [GST-A : 21-22]
Ⓐ নিক্বন Ⓑ শিঞ্জন Ⓒ বৃংহতি Ⓓ ঝঙ্কার

B Solve এককথায় প্রকাশ : নূপুরের ধ্বনি- নিক্বন, হাতির ডাক- বৃংহিত, অলংকারের ধ্বনি- ঝংকার, অশ্বের ডাক- হ্রেষা।

2. **'যে ভবিষ্যৎ না ভেবেই কাজ করে'-এর এক কথায় প্রকাশ হবে-**[CoU-A : 19-20]
Ⓐ অপরিণামদর্শী Ⓑ অবিমৃষ্যকারী Ⓒ অবিসংবাদিত Ⓓ অনন্যোপায়

B Solve কতিপয় এক কথায় প্রকাশ : যে ভবিষ্যতের চিন্তা করে না বা দেখে না- অপরিণামদর্শী, যে বিষয়ে কোনো বিতর্ক (বা বিসংবাদ) নেই- অবিসংবাদিত, যার অন্য কোনো উপায় নেই- অনন্যোপায়, যার কোনো উপায় নেই- নিরুপায়, যা সাধারণের মধ্যে দেখা যায় না এমন- অনন্যসাধারণ।

Part 3 গুরুত্বপূর্ণ MCQ প্রশ্নোত্তর

01. 'যে গাছ কোন কাজে লাগে না' বাক্যটির ঠিক এক কথায় প্রকাশ কোনটি?
Ⓐ ওষধি Ⓑ পরগাছা Ⓒ আগাছা Ⓓ বনস্পতি **Ans C**

02. 'জানতে না পারে এরূপ ভাবে' এর এক কথায় প্রকাশ হলো-
Ⓐ অজানা Ⓑ জ্ঞাতার্থে Ⓒ অজান্তে Ⓓ অজ্ঞাতসারে **Ans D**

03. 'যা অধ্যয়ন করা হয়েছে' এর এক কথায় প্রকাশ হলো-
Ⓐ পঠিত Ⓑ অধ্যয়নরত Ⓒ অধীত Ⓓ সুপাঠ্য **Ans C**

04. 'গ্রন্থাদির টীকা' এর সংকুচিত রূপ হলো-
Ⓐ রাসভ Ⓑ দীপিকা Ⓒ গব্য Ⓓ শাম্বল **Ans B**

05. 'ক্ষমা করার ইচ্ছা' এর সংকুচিত রূপ হলো-
Ⓐ জিজীবিষা Ⓑ চিক্ষমিষা Ⓒ তিতীর্ষা Ⓓ দিৎসা **Ans B**

06. 'দুয়ের মধ্যে একটি' এর সংকুচিত রূপ হলো-
Ⓐ দ্বিত্ব Ⓑ অন্যতর Ⓒ অন্যতম Ⓓ কোনোটিই নয় **Ans B**

07. 'অনশনে মৃত্যু' এর সংকুচিত রূপ হলো-
Ⓐ প্রমা Ⓑ ঘ্রেয় Ⓒ প্রায় Ⓓ শরাসন **Ans C**

08. সিংহের ডাক-
Ⓐ নম্বর Ⓑ নাদ Ⓒ কেকা Ⓓ মর্মর **Ans B**

09. এক কথায় প্রকাশ কর : যা হতে পারে-
Ⓐ সম্ভব Ⓑ অবশ্যম্ভাবী Ⓒ সমাধেয় Ⓓ সম্ভাবিত **Ans A**

বাংলা ২য় পত্র
অধ্যায়-২১

বাগ্‌ধারা

গুরুত্বপূর্ণ কিছু বাগ্‌ধারার উদাহরণ

অগ্নি পরীক্ষা	কঠিন পরীক্ষা।
অগ্নিশর্মা	অত্যন্ত রেগে গেছে এমন, অতিক্রুদ্ধ।
অষ্টরম্ভা	কাঁচকলা, কিছুই-না, ফাঁকি দেওয়া।
আদায় কাঁচকলায়	ঘোর শত্রুতা।
আষাঢ়ে গল্প	আজগুবি গল্প, উদ্ভট গল্প।
ইতরবিশেষ	সামান্য পার্থক্য, অল্প-স্বল্প তফাত।
ইস্তফা দেওয়া	পদত্যাগ করা, শেষ করা।
উড়নচণ্ডী, উড়নচণ্ডে	অপব্যয়ী।
উনপঞ্চাশ বায়ু	পাগলামি, খ্যাপামি।
উনপাঁজুরে	অপদার্থ।
একাদশে বৃহস্পতি	সৌভাগ্য, মহাসৌভাগ্য।
এলাহি কাণ্ড	বিরাট ব্যাপার।
এসপার-ওসপার	মীমাংসা।
ওজন বুঝে চলা	মর্যাদা ও গুরুত্ব বুঝে চলা।
ওষুধ পড়া	ব্যবস্থা নেওয়া।
কড়িকাঠ গোনা	নিষ্কর্মা বসে থাকা।
কলা দেখানো	ফাঁকি দেওয়া।
কলির সন্ধ্যা	কষ্ট বা দুর্দিনের সূত্রপাতমাত্র।
খয়ের খাঁ	চাটুকার, মোসাহেব।
খেজুরে আলাপ	অকাজের কথা।
খোদার খাসি	চিন্তাভাবনাহীন এবং হৃষ্টপুষ্ট লোক।
গভীর জলের মাছ	খুব চালাক।
গড্ডলিকা-প্রবাহ	অন্ধ অনুকরণ।
গোবরে পদ্মফুল	নীচ বংশে মহৎ ব্যক্তি।
ঘরের শত্রু বিভীষণ	অভ্যন্তরীণ শত্রু।
ঘোড়ার ডিম	অবাস্তব।
ঘোড়ার কামড়	কঠিন জেদ, দৃঢ় পণ।

চড়াই-উতরাই	উত্থান পতন।
চাঁদের হাট	ধনেজনে পরিপূর্ণ সংসার
চিনির বলদ	ভারবাহী অথচ ফলভোগী নয়।
ছক্কা নক্কা	অপচয়, অবহেলা করা।
ছেলের হাতের মোয়া	অনায়াসলভ্য বস্তু।
জগদ্দল পাথর	গুরুভার, অতিশয় ভারী।
জিলাপির প্যাঁচ	কুটবুদ্ধি।
ঝালে ঝোলে অম্বলে	সমস্ত ব্যাপারে, সর্বত্র, সর্বঘটে।
ঝোলে অম্বলে এক করা	দুটি জিনিস মিশিয়ে ফেলা।
টনক নড়া	সজাগ হওয়া।
ঠুঁটো জগন্নাথ	অকর্মণ্য ব্যক্তি।
ডুমুরের ফুল	অদর্শনীয়।
ডুবে ডুবে জল খাওয়া	গোপনে কাজ করা।
ঢাকের কাঠি	তোষামুদে।
তালপাতার সেপাই	ক্ষীণজীবী।
তাসের ঘর	ক্ষণস্থায়ী।
তুলসী বনের বাঘ	সুবেশে দুর্বৃত্ত, ভণ্ড।
থতমত খাওয়া	কী করবে বুঝতে না পারা।
ধুয়ে দেওয়া	জব্দ করা।
থোড়াই কেয়ার করা	গ্রাহ্য না করা।
দহরম মহরম	গভীর আন্তরিকতা।
দুকূল বজায় রাখা	উভয়কে সন্তুষ্ট করা।
দোজবরে	দ্বিতীয়বার যে ছেলে বিয়ে করতে চায়।
ধর্মের ষাঁড়	যথেচ্ছাচারী।
ধনুক-ভাঙা পণ	সুকঠিন প্রতিজ্ঞা।
নাক গলানো	অনধিকার চর্চা।
নাড়ির টান	গভীর ও আন্তরিক মমত্ববোধ।
পঞ্চত্ব প্রাপ্তি	মারা যাওয়া।
পরঘড়ি পাজা মারি	হাড়হাভাতে লোক। [ইবি B ১৮-১৯]
ফুলের ঘায়ে মূর্ছা যাওয়া	সামান্য পরিশ্রমে কাতর।
ফোঁস-মনসা	ক্রোধী লোক। [ইবি B ১৮-১৯]
বিড়ালের গলায় ঘণ্টা বাঁধা	অসাধ্য সাধন করা। [রাবি B ১৯-২০]
বিড়াল-তপস্বী	ভণ্ড লোক।
ভিজে বিড়াল	কপটচারী।
ভুঁইফোড়	নতুন আগমন, অর্বাচীন।
মগের মুলুক	অরাজক দেশ।
মণিকাঞ্চন যোগ	উপযুক্ত মিলন।
যক্ষের ধন	কৃপণের ধন।
যমের অরুচি	কুৎসিত, যে সহজে মরে না।
রসাতলে যাওয়া	অধঃপাতে যাওয়া।
রুই-কাতলা	প্রতিপত্তিশালী লোকজন।
লেজে খেলানো	কারও সঙ্গে ক্রমাগত চালাকি করা।
লোহার কার্তিক	কালো কুৎসিত লোক। [ইবি B ১৮-১৯]
শনির দশা	দুঃসময়।
শিকায় তোলা	স্থগিত।
ষাঁড়ের গোবর	অপদার্থ লোক।
ষোলো আনা পূর্ণ	পূর্ণতা লাভ।
সপ্ত কাণ্ড রামায়ণ	বৃহৎ বিষয়।
সুলুক-সন্ধান	খোঁজখবর।
হরিহর আত্মা	অন্তরঙ্গ বন্ধুত্ব।
হাপিত্যেশ	ব্যাকুল কামনা।

Part 2 GST গুচ্ছ/গুচ্ছভুক্ত বিশ্ববিদ্যালয়ের বিগত বছরের প্রশ্নোত্তর

01. 'কেঁচেগণ্ডূষ' শব্দ দ্বারা বোঝায়-[GST-A : 21-22]
Ⓐ নতুন করে আরম্ভ করা
Ⓑ কাউকে শাস্তি দেয়া
Ⓒ হতবুদ্ধি হওয়া
Ⓓ কোনো কাজ সফলভাবে শেষ করা

Ans A **Solve** গুরুত্বপূর্ণ শব্দের অর্থ : কপোতবৃত্তি – দিনে আনে দিনে খায় এমন পরিস্থিতি; কর্তাভজা – তোষামোদকারী; কাকতালীয় – আকস্মিক যোগাযোগজাত ঘটনা; কুঁদুলেপনা – ঝগড়াটে স্বভাব।

02. 'খয়ের খাঁ' বাগ্‌ধারাটির অর্থ–[GST-A : 20-21]
Ⓐ ভাঁড়
Ⓑ আভিজাত্য
Ⓒ চাটুকার
Ⓓ ধনিকশ্রেণি

Ans C **Solve** কতিপয় গুরুত্বপূর্ণ বাগ্‌ধারা : খণ্ডকপাল (হতভাগ্য), খড়ের আগুন (উগ্র প্রকৃতি), খড়মপেয়ে (অলক্ষুণে), খাঁদা নাকে তিলক (অশোভন সাজসজ্জা), খিচুড়ি পাকানো (জটিল করা)।

03. 'অঞ্চলপ্রভাব' বাগ্‌ধারার অর্থ কী? [CoU-A : 18-19]
Ⓐ আঞ্চলিক আধিপত্য
Ⓑ স্ত্রীর প্রভাব
Ⓒ মিথ্যা আশ্বাস
Ⓓ অযথা প্রভাব দেখানো

Ans B **Solve** কতিপয় বাগ্‌ধারা : অক্ষয় বট (প্রাচীন ব্যক্তি), অসূর্যম্পশ্যা (গৃহে অন্তরীণ), অথৈ জল (ভীষণ বিপদ), এক বনে দুই বাঘ (প্রবল প্রতিদ্বন্দ্বী), কংস মামা (নির্মম আত্মীয়), কেবলা হাকিম (অনভিজ্ঞ)।

Part 3 গুরুত্বপূর্ণ MCQ প্রশ্নোত্তর

01. 'আলাভোলা' বাগ্‌ধারাটির অর্থ–
Ⓐ অসহায়
Ⓑ সাদাসিধে
Ⓒ অকর্মণ্য
Ⓓ অলস
Ans B

02. 'আদায় কাঁচকলায়' বাগ্‌ধারাটির অর্থ কী?
Ⓐ শত্রুতা
Ⓑ বন্ধুত্ব
Ⓒ অপদার্থ
Ⓓ অকালপক্ব
Ans A

03. 'বকধার্মিক' বাগ্‌ধারার অর্থ হলো–
Ⓐ বকের মত ধার্মিক
Ⓑ চতুর শিকারি
Ⓒ তাপস
Ⓓ ভণ্ড
Ans D

04. 'অন্তর টিপুনি' বলতে কী বোঝায়?
Ⓐ বিপদ
Ⓑ গোপন ব্যথা
Ⓒ গভীর প্রেম
Ⓓ সমূহ ব্যথা
Ans B

05. 'পান্তা ভাতে ঘি' বাগ্‌বিধির অর্থ–
Ⓐ বিলাস
Ⓑ অপচয়
Ⓒ স্বাদু
Ⓓ নষ্ট
Ans B

06. 'ডামাডোল' বাগ্‌ধারাটির অর্থ হচ্ছে–
Ⓐ হৈ চৈ
Ⓑ চিৎকার
Ⓒ গোলযোগ
Ⓓ যুদ্ধ
Ans C

07. 'ঘটিরাম' বাগ্‌ধারাটির অর্থ–
Ⓐ ভণ্ড ধার্মিক Ⓑ ন্যাকামি Ⓒ বড়মুখ Ⓓ নির্বোধ
Ans D

08. 'চুলায় দেওয়া'র বিশিষ্টার্থ–
Ⓐ পরিত্যাগ করা
Ⓑ সর্বনাশ করা
Ⓒ নিশ্চিহ্ন করা
Ⓓ পোড়ানো
Ans B

09. 'গরমা-গরম' এর বিশিষ্টার্থ–
Ⓐ টাটকা
Ⓑ উত্তেজনাপূর্ণ
Ⓒ সাম্প্রতিক
Ⓓ উত্তপ্ত
Ans A

10. আক্ষরিক অর্থ ছাপিয়ে যখন কোনো শব্দ বা শব্দগুচ্ছ বিশেষ অর্থ প্রকাশ করে তখন তাকে আমরা বলি–
Ⓐ প্রত্যয় Ⓑ উপসর্গ Ⓒ শব্দগঠন Ⓓ বাগ্‌ধারা
Ans D

MEDISTRY

COLLECTION

You'll find here everything Exactly What You Need.

Join to our Channel to find Academic to Admission preparation

(Medical, Dental, Varsity & Engineering) All types of pdf.